বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ



# অষ্টম বার্ষিক প্রতিবেদন

## ২০২১-২০২২

# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

## অষ্টম বার্ষিক প্রতিবেদন

জুলাই ২০২১ - জুন ২০২২

১৪/৬ - ১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬
ফোন: +৮৮০ ৯৬৬৬ ৭৭৬৮৬৮, +৮৮০ ১৭৬৯ ৭২১০১০, ফ্যাক্স: +৮৮০ ২ ৫৮০৫১০১০
ই-মেইল: info@bsmrmu.edu.bd, ওয়েব: www.bsmrmu.edu.bd

# বার্ষিক প্রতিবেদন: জুলাই ২০২১ - জুন ২০২২

## উপদেষ্টা পরিষদ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

**রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল**, এনবিপি, বিএসপি, এনডিসি, পিএসসি (অবঃ), ভাইস চ্যান্সেলর
**কমডোর এ কে এম মারুফ হাসান**, (এস), এনইউপি, বিসিজিএমএস, পিএসসি, বিএন, ট্রেজারার
**কমডোর এম সাজেদুল করিম**, (ই), পিএসসি, বিএন, ডিন, ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশন
**কমডোর শেখ ফিরোজ আহমেদ**, (এইচ), এনজিপি, পিএসসি, বিএন, রেজিস্ট্রার
**কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর**, (এল), এনজিপি, এফডিসি, পিএসসি, বিএন (অবঃ), ডিন, ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি
**কমডোর ওয়াহিদ হাসান কুতুবুদ্দিন**, (এন), এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন (অবঃ), ডিন, ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি
**ক্যাপ্টেন এস এম মঈন উদ্দীন**, (এইচ১), বিসিজিএম, পিএসসি, বিএন, ডিন, ফ্যাকাল্টি অব আর্থ অ্যান্ড ওশান সায়েন্স

## সম্পাদনা পরিষদ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

**কমডোর শেখ ফিরোজ আহমেদ**, (এইচ), এনজিপি, পিএসসি, বিএন, রেজিস্ট্রার
**কমান্ডার মোহাম্মদ আবুল হাসান** (এইচ-১), পিএসসি, বিএন, বিভাগীয় প্রধান (মেরিটাইম সিকিউরিটি অ্যান্ড স্ট্র্যাটিজিক স্টাডিজ বিভাগ)
**স্বপন কুমার বড়ুয়া**, উপ-পরিচালক (বাজেট)
**মোঃ ইখতিয়ারুল হক**, সহকারী রেজিস্ট্রার (একাডেমিক)
**মোঃ মাইনুর রহমান**, সহকারী রেজিস্ট্রার (কাউন্সিল)
**স্বর্ণা দত্ত**, সহকারী অধ্যাপক (বাংলা)
**রাজু আহমেদ**, সহকারী অধ্যাপক (ইংরেজি)
**আহাম্মদ করিম**, প্রোগ্রামার (পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর)
**মোঃ সালমান সাদেকিন চয়ন**, পাবলিক রিলেশন অফিসার
**তাসপিয়া হামিদ**, প্রভাষক (ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি)
**মোহাম্মদ মেহেদী হাসান আকন্দ**, সেকশন অফিসার (এফইটি)

## সহায়তা

**মোহাম্মদ তাজুল ইসলাম**, পিএ, রেজিস্ট্রার দপ্তর
**অমিত মহন্ত,** অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর
**শিকদার সোহেল রানা,** অফিস সহকারী কাম ডাটা প্রসেসর, রেজিস্ট্রার দপ্তর

## ফটোগ্রাফি

**অমিত মহন্ত,** অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর

## প্রকাশক

**রেজিস্ট্রার**, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ



**বাণী**

**রাষ্ট্রপতি**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
বঙ্গভবন, ঢাকা

২৬ ভাদ্র ১৪২৯
১০ সেপ্টেম্বর ২০২২

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর অষ্টম বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২ প্রকাশের উদ্যোগকে আমি স্বাগত জানাই। এর মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের গৃহীত কার্যক্রম সম্পর্কে একটি সম্যক ধারণা পাওয়া সম্ভব হবে যা বিশ্ববিদ্যালয়ের কর্মকাণ্ডকে আরো স্বচ্ছ ও বেগবান করবে বলে আমি মনে করি।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীনতার অব্যবহিত পরেই দেশের মেরিটাইম সেক্টরের শক্ত ভীত গড়ে তুলে ছিলেন। বিশেষ করে তাঁর প্রণিত ‘Territorial Waters and Maritime Zones Act, 1974’ ছিলো আমাদের সমুদ্র সম্পদ রক্ষা ও আহরণ সংক্রান্ত এক অতিগুরুত্বপূর্ণ রোডম্যাপ। এরই ধারাবাহিকতায় মেরিটাইম সেক্টরের উন্নয়নে বর্তমান সরকার ব্যাপক কর্মসূচি বাস্তবায়ন করছে। বিশেষ করে বঙ্গোপসাগরে আমাদের প্রতিবেশী দেশসমূহের সাথে সমুদ্রসীমা নির্ধারণের মাধ্যমে ১,১৮,৮১৩ বর্গকিলোমিটার সমুদ্র এলাকা অর্জিত হয়েছে যা দেশের জন্য অফুরন্ত সম্ভাবনার দ্বার উন্মোচন করেছে। মেরিটাইম সেক্টরের উন্নয়নে সরকার বিভিন্ন মেরিটাইম প্রতিষ্ঠানসহ বরিশাল, রংপুর, পাবনা ও সিলেটে ৪টি নতুন মেরিন একাডেমি প্রতিষ্ঠা, বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট স্থাপন এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি প্রতিষ্ঠা করেছে। এছাড়া প্রণয়ন করা হয়েছে ‘ডেল্টা প্ল্যান ২১০০’ যা দেশের মেরিটাইম সেক্টরের উন্নয়নে এবং জলবায়ু পরিবর্তনের সাথে খাপ খাওয়ানোর এক বৃহৎ মাস্টারপ্ল্যান। সুনীল অর্থনীতি সংক্রান্ত এসব পরিকল্পনা বাস্তবায়নে বিশেষায়িত উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে আমার বিশ্বাস।

দেশের নদ-নদী অববাহিকা, বন্যা নিয়ন্ত্রণ, সমুদ্রে বহুমুখী পরিকল্পনা, জাহাজ শিল্পের সম্প্রসারণ, সামুদ্রিক সম্পদের টেকসই আহরণ ও এর সুষ্ঠু ব্যবহার এবং সর্বোপরি ব্লু-ইকোনমির অপার সম্ভাবনাকে কাজে লাগাতে এ বিষয়ে নিয়মিত গবেষণা পরিচালনা, প্রযুক্তিগত উদ্ভাবন এবং তার যথাযথ ব্যবহার নিশ্চিত করা খুবই জরুরি। আমি আশা করি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি মেরিটাইম সংশ্লিষ্ট উচ্চ শিক্ষা ও গবেষণার গুণগত মান নিশ্চিত করার মাধ্যমে একটি বিশেষায়িত আন্তর্জাতিক মানের বিশ্ববিদ্যালয়ে উন্নীত হবে।

আমি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির উত্তরোত্তর সাফল্য কামনা করছি।

জয় বাংলা।
খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ আবদুল হামিদ



## ভাইস-চ্যান্সেলর
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

# মুখবন্ধ

বর্তমান বিশ্বের ভূ-কেন্দ্রিক উন্নয়ন কার্যক্রমের পাশাপাশি সমুদ্রভিত্তিক অর্থনৈতিক উন্নয়ন-কর্মকাণ্ড উপকূলীয় দেশসমূহের জন্য অপার সম্ভাবনার দ্বার উন্মোচন করেছে। বিশ্বব্যাপী নতুন এ ভাবনাকে অনেক গুরুত্ব প্রদান করা হচ্ছে, বাংলাদেশও এর ব্যতিক্রম নয়। তারই ধারাবাহিকতায় মেরিটাইম সংশ্লিষ্ট ক্ষেত্রে উচ্চশিক্ষার বিভিন্ন পর্যায়ে অগ্রসরমান বিশ্বের সাথে সঙ্গতি রক্ষা ও সমতা অর্জন এবং জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে উচ্চশিক্ষা, গবেষণা, আধুনিক জ্ঞানচর্চা ও পঠন-পাঠনের সুযোগ সৃষ্টি ও সম্প্রসারণের লক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ স্থাপনের লক্ষ্যে মহান জাতীয় সংসদে গৃহীত ৪৭ নং আইনটি ২৬ অক্টোবর ২০১৩ (১১ কার্তিক ১৪২০) তারিখে মহামান্য রাষ্ট্রপতির সদয় সম্মতি লাভ করে এবং ২৭ অক্টোবর ২০১৩ তারিখে আইনটি বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়। সেদিন থেকেই বিশ্ববিদ্যালয়টি দেশের প্রথম, দক্ষিণ এশিয়ায় ৩য় এবং বিশ্বে ১২ তম মেরিটাইম বিশ্ববিদ্যালয় হিসেবে যাত্রা শুরু করে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁর সুদূরপ্রসারী চিন্তা ভাবনা থেকে স্বাধীনতার অব্যবহিত পরেই অর্থনৈতিক বুনিয়াদ শক্ত ভিত্তির ওপর দাঁড় করানোর জন্য বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেন। একটি উন্নত শিল্প-সমৃদ্ধ দেশ গঠনে তাঁর ছিলো একটি স্বতন্ত্র ভাবনা। আর সেই ভাবনা থেকেই শিল্প ও শিল্পায়নের জন্য গ্রহণ করেন নানামুখী পরিকল্পনা। বঙ্গবন্ধুর সেই পরিকল্পনার ফলে দেশ আজ স্বল্পোন্নত দেশের কাতার থেকে উন্নীত হয়ে উন্নয়নশীল দেশের কাতারে সামিল হয়েছে। বাংলাদেশ আজ টেকসই শিল্পায়নের দিকে ধাবিত। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ ২০৪১ সালে উন্নত দেশের মর্যাদা অর্জনের পথে অগ্রসরমান। স্বাধীনতার পর মাত্র তিন বৎসরের মধ্যে ১৯৭৪ সালে জাতির পিতার দূরদর্শিতায় সমুদ্র বিষয়ে নতুন আইন প্রণয়ন করা হয় (দ্য টেরিটোরিয়াল ওয়াটার অ্যান্ড মেরিটাইম জোন্স অ্যাক্ট, ১৯৭৪)। পরবর্তীতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বে ২০১২ সালের ৭ জুলাই এবং ২০১৪ সালের ১৪ মার্চ আন্তর্জাতিক আদালত কর্তৃক বাংলাদেশ তার সমুদ্র সীমায় নিরঙ্কুশ ও সার্বভৌম অধিকার প্রতিষ্ঠা করে। যার ফলে বাংলাদেশ ১,১৮,৮১৩ বর্গকিলোমিটার সমুদ্র অঞ্চলে অবস্থিত সব ধরনের প্রাণিজ ও অপ্রাণিজ সম্পদের ওপর সার্বভৌমত্ব প্রতিষ্ঠার অধিকার পেয়েছে।

সমগ্র বিশ্বে ক্রমশ ব্লু-ইকোনমি জনপ্রিয় হয়ে উঠছে। বাংলাদেশে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ও ভিশন-২০৪১ অর্জনে ব্লু-ইকোনমি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। সমুদ্রে অবস্থিত বিশাল জলরাশি এবং এর তলদেশের বিশাল সম্পদকে কাজে লাগিয়ে দেশের অর্থনীতিকে এগিয়ে নেওয়ার নতুন দিগন্ত উন্মোচন হয়েছে ব্লু-ইকোনমির মাধ্যমে। ধারণা করা হয় বঙ্গোপসাগরের তলদেশে যে খনিজ সম্পদ রয়েছে তা পৃথিবীর অন্য কোনো সাগর-উপসাগরে নেই। তবে ব্লু-ইকোনমি উন্নয়নের পথে বাংলাদেশের জন্য নানা চ্যালেঞ্জ বিদ্যমান। বর্তমান সরকার ব্লু-ইকোনমির সুযোগগুলোকে কাজে লাগানোর জন্য দক্ষ মানব সম্পদ গড়ে তোলার ওপর বিশেষ নজর দিচ্ছে। তাই সমুদ্র গবেষণা ও সংশ্লিষ্ট খাতের জন্য দক্ষ মানবসম্পদ উন্নয়নের নিমিত্তে অত্র বিশ্ববিদ্যালয়ে বর্তমানে ০৫ টি স্নাতক (সম্মান), ০৯ টি স্নাতকোত্তর প্রোগ্রাম চলমান রয়েছে এবং ধারাবাহিকভাবে আরও নতুন প্রোগ্রাম চালুর উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের মেরিটাইম সংশ্লিষ্ট উচ্চ শিক্ষার মান আন্তর্জাতিক পর্যায়ে উন্নীত করার লক্ষ্যে এ বিশ্ববিদ্যালয় বিদেশী স্বীকৃত মেরিটাইম বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে, আরও কয়েকটি প্রক্রিয়াধীন রয়েছে। বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস চট্টগ্রাম জেলার বন্দর থানাধীন কালুরঘাট এলাকার চর রাঙ্গামাটিয়া ও বাকলিয়া মৌজায় স্থাপনের লক্ষ্যে সরকার কর্তৃক বরাদ্দকৃত একশত ছয় একর জায়গায় ক্যাম্পাসটি স্থানান্তরের পরিকল্পনা পর্যায়ক্রমে বাস্তবায়নাধীন।

বিগত বছর সমূহের ধারাবাহিকতায় বিশ্ববিদ্যালয়ের অষ্টম বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে পারায় আমি অত্যন্ত আনন্দিত। আমি এর সাথে জড়িত উপদেষ্টা পরিষদ, সম্পাদনা পরিষদ এবং বিশ্ববিদ্যালয়ের সকল দপ্তর ও অধিভুক্ত প্রতিষ্ঠানকে তথ্য-উপাত্ত প্রদান করে সহায়তার জন্য আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

আমি বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের সার্বিক সফলতা ও মঙ্গল কামনা করছি।

মহান আল্লাহ আমাদের উপর সহায় হউন।
জয় বাংলা। বাংলাদেশ চিরজীবী হোক।
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি চিরজীবী হোক।

**রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল**, এনবিপি, বিএসপি, এনডিসি, পিএসসি (অবঃ)
ভাইস-চ্যান্সেলর, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ



## রেজিস্ট্রার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

# সম্পাদকীয়

মেরিটাইম সেক্টরে দক্ষ জনবল তৈরির লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১৩ খ্রিস্টাব্দে "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ (বিএসএমআরএমইউ)" প্রতিষ্ঠা করে। বিএসএমআরএমইউ প্রতিষ্ঠার পর হতেই মেরিটাইম সংশ্লিষ্ট উচ্চ শিক্ষা ও গবেষণার মাধ্যমে দেশের মেরিটাইম সেক্টরকে সমৃদ্ধকরণ ও ব্লু-ইকোনমির সম্ভাবনাকে কাজে লাগিয়ে দেশের অর্থনীতিতে বলিষ্ঠ ভূমিকা রাখা ও জনগণকে এর সুফল ভোগ করণের সুযোগ সৃষ্টির লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ে এ পর্যন্ত ৯টি বিভাগে স্নাতকোত্তর ও ৫টি বিভাগে স্নাতক (সম্মান) প্রোগ্রাম চালু করা হয়েছে। এছাড়া বাংলাদেশে মেরিটাইম উচ্চশিক্ষাকে কীভাবে আরও বাস্তবতার নিরিখে উন্নত করা যায় এবং সমুদ্রশিক্ষায় শিক্ষিত, দক্ষ ও অভিজ্ঞ পেশাদার জনবল কর্মসংস্থানের সুযোগ পায়, এ নিয়ে সুদূরপ্রসারী পরিকল্পনা ও কৌশল গ্রহণ বিশ্ববিদ্যালয়ের অন্যতম লক্ষ্য। সময়ের আবর্তে বিশ্ববিদ্যালয়টি দক্ষিণ এশিয়ার মেরিটাইম সংশ্লিষ্ট একটি অনন্য আন্তর্জাতিক মানসম্পন্ন বিশ্ববিদ্যালয়ে পরিণত হবে বলে আমি আশাবাদী।

ঢাকাস্থ অস্থায়ী ক্যাম্পাসে আমরা এখনও সীমিত পরিসরে একাডেমিক ও প্রশাসনিক কার্য সম্পাদন করছি। দেশের মেরিটাইম সংশ্লিষ্ট বিশেষজ্ঞ শিক্ষকদের অভাব রয়েছে বিধায় আমরা অন্যান্য বিশ্ববিদ্যালয় এমনকি বহিঃবিশ্বের শিক্ষক দ্বারাও বিভিন্ন কোর্স পরিচালনা করছি। বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠার কার্যক্রম চলমান রয়েছে। স্থায়ী ক্যাম্পাসে একটি পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় হিসেবে এ বিশ্ববিদ্যালয় আত্মপ্রকাশ করবে বলে আমার বিশ্বাস। আমরা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের একটি জ্ঞান ভিত্তিক, মেধা ভিত্তিক আধুনিক প্রযুক্তি নির্ভর, দেশি বিদেশি প্রেক্ষাপটে যোগ্য দক্ষ ও উপযুক্ত নাগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে কাজ করে যাচ্ছি। আমি আশা করি আমরা আমাদের কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জন করতে পারবো।

বার্ষিক প্রতিবেদনে একটি প্রতিষ্ঠানের কার্যক্রমের সার্বিক চিত্র প্রতিফলিত হয়। বিএসএমআরএমইউ'র ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে পেরে আমি আনন্দিত। বিশ্ববিদ্যালয়ের চলমান সকল অনুষদ, বিভাগ, দপ্তর ও অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহের একাডেমিক, প্রশাসনিক এবং গবেষণা সংক্রান্ত বিবেচ্য অর্থবছরের বাস্তবায়িত কার্যক্রম, সামগ্রিক অর্জন, উদ্ভাবন এবং ভবিষ্যৎ পরিকল্পনা সম্পর্কিত তথ্যাদি প্রতিবেদনটিতে সুশৃঙ্খলভাবে সন্নিবেশিত হয়েছে। এতে বিশ্ববিদ্যালয়ের চলমান কার্যক্রমের ধারাবাহিকতা অনুসরণের মাধ্যমে আগামী দিনগুলোতে দক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভব হবে বলে আমি আশাবাদী।

প্রতিবেদনটি প্রণয়নে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয় ও উপদেষ্টা পরিষদের সম্মানিত সকল সদস্যকে তাদের পৃষ্ঠপোষকতা, পরামর্শ ও দিক-নির্দেশনা প্রদানের জন্য, সম্পাদনা পরিষদের সকল সদস্যকে তাদের কার্যক্রমের জন্য এবং সংশ্লিষ্ট সকলকে তথ্য-উপাত্ত দিয়ে প্রতিবেদনটি তৈরি করতে সহায়তা করার জন্য জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

আমি বিশ্ববিদ্যালয়ের উত্তরোত্তর সফলতা ও মঙ্গল কামনা করছি।
জয় বাংলা। বাংলাদেশ চিরজীবী হোক।
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি চিরজীবী হোক।

**কমডোর শেখ ফিরোজ আহমেদ**, (এইচ), এনজিপি, পিএসসি, বিএন
রেজিস্ট্রার
সদস্য, উপদেষ্টা পরিষদ ও সভাপতি, সম্পাদনা পরিষদ
৮ম বার্ষিক প্রতিবেদন প্রণয়ন কমিটি, বিএসএমআরএমইউ

# বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলরগণ ও সময়কাল



**রিয়ার এডমিরাল এ এস এম আব্দুল বাতেন,**
বিএসপি, এনডিসি, পিএসসি
**০২ ফেব্রুয়ারি ২০১৪ - ০১ ফেব্রুয়ারি ২০১৮**



**রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল,** এনবিপি,
বিএসপি, এনডিসি, পিএসসি (অবঃ)
**০১ ফেব্রুয়ারি ২০১৮ - বর্তমান**

# সূচিপত্র


বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর কর্তৃপক্ষ ........ ১
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর সংক্ষিপ্ত পরিচিতি ........ ৭
অনুষদ ও বিভাগসমূহ ........ ৯
আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদ ........ ১০
জেনারেল স্টাডিজ অনুষদ ........ ১৭
মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি অনুষদ ........ ১৮
শিপিং অ্যাডমিনিস্ট্রেশন অনুষদ ........ ২১
মেরিটাইম বিজনেস স্টাডিজ অনুষদ ........ ২৬
ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদ ........ ৩০
বিশ্ববিদ্যালয়ের গবেষণা কার্যক্রম ........ ৩৪
রেজিস্ট্রার দপ্তর (এডমিশন, একাডেমিক অ্যান্ড স্কলারশিপ সেকশন) সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রম ........ ৩৬
রেজিস্ট্রার দপ্তর কর্তৃক আয়োজিত অনুষ্ঠান ও কর্মকাণ্ড ........ ৩৮
ইন্টারন্যাশনাল কো-অপারেশন অ্যান্ড এক্সচেঞ্জ দপ্তরের কার্যক্রম ........ ৪৬
সংবিধিবদ্ধ সভার কার্যক্রম ........ ৪৭
পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের কর্মকাণ্ড ........ ৫৩
অর্থ ও হিসাব দপ্তরের গৃহীত কার্যক্রম ........ ৬২
পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন দপ্তরের কার্যক্রম ........ ৬৪
একাডেমিক কোয়ালিটি অ্যাস্যুরেন্স অ্যান্ড ইভালুয়েশন ডিপার্টমেন্টের কার্যক্রম ........ ৬৬
কলেজ, একাডেমি ও ইনস্টিটিউট পরিদর্শক দপ্তরের কার্যক্রম ........ ৭০
ইনস্টিটিউট অব বে অব বেঙ্গল অ্যান্ড বাংলাদেশ স্টাডিজের কার্যক্রম ........ ৭৪
বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল শাখার কার্যক্রম ........ ৭৫
বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় গ্রন্থাগার ও আর্কাইভের কর্মকাণ্ড ........ ৭৬
বিশ্ববিদ্যালয়ের আইসিটি সেন্টারের কার্যক্রম ........ ৭৭
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা প্রকল্পের কার্যক্রম ........ ৭৯
নাফিক (Nuffic) কারিগরি শিক্ষা সহায়তা প্রকল্পের কার্যক্রম ........ ৮০
শারীরিক শিক্ষা কেন্দ্রের কার্যক্রম ........ ৮২
মেডিকেল সেন্টারের কার্যক্রম ........ ৮৩
বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন শিক্ষার্থী ক্লাবের কার্যক্রম ........ ৮৪
বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম এর কার্যক্রম ........ ৮৭
মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম এর কার্যক্রম ........ ৯০
ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমির কার্যক্রম ........ ৯২
বিশ্ববিদ্যালয়ের জনবল ........ ৯৪

# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর কর্তৃপক্ষ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর কর্তৃপক্ষ হলো সিনেট, সিন্ডিকেট, একাডেমিক কাউন্সিল, অর্থ কমিটি, পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন কমিটি, অনুষদ, পাঠ্যক্রম কমিটি, বাছাই বোর্ড, শৃঙ্খলা কমিটি, বোর্ড অব এডভান্সড স্টাডিজ অ্যান্ড রিসার্চ এবং সংবিধি মোতাবেক গঠিত অন্যান্য কর্তৃপক্ষ।

## সিনেট

বিশ্ববিদ্যালয়ের সিনেট-এর বর্তমান সম্মানিত সদস্যগণ নিম্নরূপ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| | |
|---|---|
| রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, এনবিপি, বিএসপি, এনডিসি, পিএসসি (অবঃ)<br>ভাইস-চ্যান্সেলর, বিএসএমআরএমইউ | চেয়ারম্যান |
| রিয়ার এডমিরাল মোঃ খুরশেদ আলম, এনডিসি, পিএসসি (অবঃ)<br>সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট), পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| রিয়ার এডমিরাল মোঃ মোজাম্মেল হক, ওএসপি, এনইউপি, এনডিসি, পিএসসি<br>সহকারী নৌ বাহিনী প্রধান (পার্সোনেল), বাংলাদেশ নৌ-বাহিনী | সদস্য |
| রিয়ার এডমিরাল আশরাফুল হক চৌধুরী, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি<br>মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী | সদস্য |
| প্রফেসর ড. দিল আফরোজা বেগম<br>সদস্য, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন | সদস্য |
| জনাব সঞ্জয় কুমার বণিক<br>অতিরিক্ত সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয় | সদস্য |
| জনাব মোঃ তৌফিকুল আরিফ<br>অতিরিক্ত সচিব (পরিকল্পনা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| জনাব মুঃ ফজলুর রহমান<br>অতিরিক্ত সচিব (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| কমডোর এ জেড এম জালাল উদ্দিন, (সি), পিসিজিএম, এনডিসি, পিএসসি, বিএন<br>মহাপরিচালক, নৌ-পরিবহন অধিদপ্তর | সদস্য |
| কমডোর এম সাজেদুল করিম, (ই), পিএসসি, বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশন, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর এস এম মনিরুজ্জামান, (সি), ওএসপি, এনডিসি, এনসিসি, পিএসসি, বিএন<br>ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন | সদস্য |
| কমডোর মোঃ নিয়ামুল হাসান, (এল), বিএন<br>ডিন, এফএমবিএস, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর এ কে এম মারুফ হাসান, (এস), এনইউপি, বিসিজিএমএস, পিএসসি, বিএন<br>ট্রেজারার, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর শেখ ফিরোজ আহমেদ, (এইচ), এনজিপি, পিএসসি, বিএন<br>রেজিস্ট্রার, বিএসএমআরএমইউ | সদস্য-সচিব |

| | |
|---|---|
| কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, (এল), এনজিপি, এফডিসি, পিএসসি, বিএন (অবঃ)<br>ডিন, ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, বিএসএমআরএমইউ | সদস্য |
| ক্যাপ্টেন শাহ্ মোহাম্মদ মঈন উদ্দীন, (এইচ১), বিসিজিএম, পিএসসি, বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব আর্থ অ্যান্ড ওশান সায়েন্স, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর ওয়াহিদ হাসান কুতুবুদ্দিন, (এন), এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন (অবঃ)<br>ডিন, ফ্যাকাল্টি অব মেরিটাইম গর্ভনেন্স অ্যান্ড পলিসি, বিএসএমআরএমইউ | সদস্য |
| প্রফেসর ড. মোঃ হযরত আলী<br>পুরকৌশল বিভাগ, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় | সদস্য |
| জনাব ফারাহ শাম্মী<br>যুগ্ম-সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ক্যাপ্টেন এম ওয়াসিম মকসুদ, (জি), বিসিজিএম, পিএসসি, বিএন<br>প্রিন্সিপাল, বাংলাদেশ মেরিন ফিশারিজ একাডেমি | সদস্য |
| ক্যাপ্টেন আহমেদ রুহুল্লাহ, এএফএনআই<br>চেয়ারম্যান, নটিক্যাল ইনস্টিটিউট [এনআই-লন্ডন]-এর বাংলাদেশ শাখা | সদস্য |
| জনাব হারুনুর রশিদ, মেরিন ইঞ্জিনিয়ার (ক্লাস-১), ইউকে<br>চেয়ারম্যান, ইমারেস্ট-লন্ডন-এর বাংলাদেশ শাখা | সদস্য |

## সিন্ডিকেট

বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট-এর বর্তমান সম্মানিত সদস্যগণ নিম্নরূপ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| | |
|---|---|
| রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, এনবিপি, বিএসপি, এনডিসি, পিএসসি (অবঃ)<br>ভাইস-চ্যান্সেলর, বিএসএমআরএমইউ | সভাপতি |
| প্রফেসর ড. দিল আফরোজা বেগম<br>সদস্য, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন | সদস্য |
| জনাব লায়লা জেসমিন<br>অতিরিক্ত সচিব (প্রশাসন), নৌ পরিবহন মন্ত্রণালয় | সদস্য |
| ড. মোঃ হেলাল উদ্দিন, এনডিসি<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| জনাব মোঃ বেলায়েত হোসেন তালুকদার<br>অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| জনাব মোঃ তৌফিকুল আরিফ<br>অতিরিক্ত সচিব (পরিকল্পনা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | সদস্য |
| কমডোর এম সাজেদুল করিম, (ই), পিএসসি, বিএন<br>ডিন, এফএসএ, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর এস এম মনিরুজ্জামান, (সি), ওএসপি, এনডিসি, এনসিসি, পিএসসি, বিএন<br>ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন | সদস্য |

| | |
|---|---|
| কমডোর এ কে এম মারুফ হাসান, (এস), এনইউপি, বিসিজিএমএস, পিএসসি, বিএন<br>ট্রেজারার, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর মোহাম্মদ জয়নাল আবেদীন, (এনডি), এনজিপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন<br>পরিচালক, নৌ প্রশিক্ষণ পরিদপ্তর, পার্সোনেল শাখা, নৌ-বাহিনী সদর দপ্তর | সদস্য |
| কমডোর শেখ ফিরোজ আহমেদ, (এইচ), এনজিপি, পিএসসি, বিএন<br>রেজিস্ট্রার, বিএসএমআরএমইউ | সদস্য-সচিব |
| কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, (এল), এনজিপি, এফডিসি, পিএসসি, বিএন (অবঃ)<br>অধ্যাপক, ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, বিএসএমআরএমইউ | সদস্য |
| প্রফেসর ড. আলতাফ হোসেন<br>একাডেমিক উপদেষ্টা, বিএসএমআরএমইউ | সদস্য |
| প্রফেসর ড. মোহাম্মদ খায়রুল ইসলাম<br>কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় | সদস্য |
| প্রফেসর ড. মীর তারেক আলী<br>নেভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগ, বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় | সদস্য |
| প্রফেসর ড. গৌতম কুমার সাহা<br>নেভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগ, বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ড. ফাহমিদা খানম<br>যুগ্মসচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ড. মোহাম্মদ মহিউদ্দীন<br>যুগ্ম সচিব (ড্রাফটিং)<br>লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ক্যাপ্টেন এম ওয়াসিম মকসুদ, (জি), বিসিজিএম, পিএসসি, বিএন<br>প্রিন্সিপাল, বাংলাদেশ মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম | সদস্য |
| জনাব আজম জে চৌধুরী<br>সভাপতি, বাংলাদেশ ওশান-গোয়িং শিপওনার্স অ্যাসোসিয়েশন | সদস্য |
| ড. সাজিদ হোসেন<br>কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম | সদস্য |
| কমান্ডার মোহাম্মদ মোস্তাফিজুর রহমান, (এনডি), পিএসসি, বিএন<br>জোনাল কমান্ডার, ঢাকা জোন, বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী | সদস্য |
| ক্যাপ্টেন আহমেদ রুহুল্লাহ, এএফএনআই<br>চেয়ারম্যান, নটিক্যাল ইনস্টিটিউট [এনআই-লন্ডন]-এর বাংলাদেশ শাখা | সদস্য |
| জনাব হারুনুর রশিদ, মেরিন ইঞ্জিনিয়ার (ক্লাস-১), ইউকে<br>চেয়ারম্যান, ইমারেস্ট-লন্ডন-এর বাংলাদেশ শাখা | সদস্য |

## একাডেমিক কাউন্সিল

বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল-এর বর্তমান সম্মানিত সদস্যগণ নিম্নরূপ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| | |
|---|---|
| রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, এনবিপি, বিএসপি, এনডিসি, পিএসসি (অবঃ)<br>ভাইস-চ্যান্সেলর, বিএসএমআরএমইউ | সভাপতি |
| কমডোর এম সাজেদুল করিম, (ই), পিএসসি, বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রিশন, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর মোঃ নিয়ামুল হাসান, (এল), বিএন<br>ডিন, এফএমবিএস, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, (এল), এনজিপি, এফডিসি, পিএসসি, বিএন (অবঃ)<br>ডিন, ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর ওয়াহিদ হাসান কুতুবুদ্দিন, (এন), এনজিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন (অবঃ)<br>ডিন, এফএমজিপি (অঃ দাঃ) ও পরিচালক, আইবিবিবিএস, বিএসএমআরএমইউ | সদস্য |
| ক্যাপ্টেন শাহ্ মোহাম্মদ মঈন উদ্দীন, (এইচ১), বিসিজিএম, পিএসসি, বিএন<br>ডিন, ফ্যাকাল্টি অব আর্থ অ্যান্ড ওশান সায়েন্স, বিএসএমআরএমইউ | সদস্য |
| প্রফেসর ড. মোঃ সাদিকুল বারী<br>বিভাগীয় প্রধান, অফশোর ইঞ্জিনিয়ারিং বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |
| প্রফেসর ড. আফতাব আলম খান<br>বিভাগীয় প্রধান, ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |
| প্রফেসর ড. সৈয়দ রাসিদুল হাসান<br>বিভাগীয় প্রধান, মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |
| প্রফেসর ক্যাপ্টেন কাজী আলী ইমাম<br>বিভাগীয় প্রধান, পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট বিভাগ, বিএসএমআরএম্বইউ | সদস্য |
| প্রফেসর ড. এম ফয়েজ উদ্দিন<br>বিভাগীয় প্রধান, মেরিটাইম ল অ্যান্ড পলিসি বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |
| প্রফেসর ড. মরিয়ম বেগম<br>বিভাগীয় প্রধান, ইংরেজি বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |
| প্রফেসর ড. মুহাম্মদ নাজির হোসেন<br>বিভাগীয় প্রধান, জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |
| ক্যাপ্টেন এ কে এম আমিনুল আজিম (এস), এএফডব্লিউসি, পিএসসি, বিএন<br>পরিচালক, ইনস্টিটিউট অব প্রফেশনাল ল্যাঙ্গুয়েজ, বিএসএমআরএমইউ | সদস্য |
| ক্যাপ্টেন এম ওয়াসিম মকসুদ, (জি), বিসিজিএম, পিএসসি, বিএন<br>প্রিন্সিপাল, বাংলাদেশ মেরিন ফিশারিজ একাডেমি | সদস্য |
| ড. সাজিদ হোসেন<br>কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম | সদস্য |
| ক্যাপ্টেন জাকি আহাদ<br>কমান্ড্যান্ট, ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি | সদস্য |

| | |
|---|---|
| কমান্ডার সাইফুল আহমাদ, (ই), পিসিজিএমএস, বিএন<br>সহযোগী অধ্যাপক, নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং বিভাগ, প্রক্টর, বিএসএমআরএমইউউ | সদস্য |
| প্রফেসর ড. আলতাফ হোসেন<br>একাডেমিক উপদেষ্টা, বিএসএমআরএমইউ | সদস্য |
| প্রফেসর ড. রাশেদ-উন-নবী<br>ফিশারিজ বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় | সদস্য |
| প্রফেসর ড. মোঃ মইনুল ইসলাম<br>পুরকৌশল বিভাগ, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় | সদস্য |
| কমান্ডার এম নাজমুল হক মল্লিক, (জি), বিএন (অবঃ)<br>গ্রন্থাগারিক, বিএসএমআরএমইউ | সদস্য |
| ড. মোহাম্মদ তানজিল হাসান<br>সহযোগী অধ্যাপক, গণিত বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |
| জনাব মোহাম্মদ মুজাহেদ হোসেন চৌধুরী<br>সহকারী অধ্যাপক, পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট, বিএসএমআরএমইউ | সদস্য |
| জনাব সুনন্দা মজুমদার<br>প্রভাষক, পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |
| ক্যাপ্টেন এ টি জি এম সরকার, (ট্যাজ), পিএসসি, বিএন, (অবঃ)<br>পরীক্ষা নিয়ন্ত্রক, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর শেখ ফিরোজ আহমেদ, (এইচ), এনজিপি, পিএসসি, বিএন<br>রেজিস্ট্রার, বিএসএমআরএমইউ | সদস্য-সচিব |

## অর্থ কমিটি

বিশ্ববিদ্যালয়ের অর্থ কমিটি-এর বর্তমান সম্মানিত সদস্যগণ নিম্নরূপ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | |
|---|---|
| রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, এনবিপি, বিএসপি, এনডিসি, পিএসসি (অবঃ)<br>উপাচার্য, বিএসএমআরএমইউ | সভাপতি |
| বেগম লায়লা জেসমিন, অতিরিক্ত সচিব (প্রশাসন)<br>নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | সদস্য |
| কমডোর এ কে এম মারুফ হাসান, (এস), এনইউপি, বিসিজিএমএস, পিএসসি, বিএন<br>ট্রেজারার, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর এম সাজেদুল করিম, (ই), পিএসসি, বিএন<br>ডিন (এফএসএ), বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর শেখ ফিরোজ আহমেদ, (এইচ), এনজিপি, পিএসসি, বিএন<br>রেজিস্ট্রার, বিএসএমআরএমইউ | সদস্য |
| কর্নেল মোঃ সাদীকুল বারী, পিএসসি<br>চীফ ইঞ্জিনিয়ার, বিএসএমআরএমইউ | সদস্য |

| | |
|---|---|
| ড. সাজিদ হোসেন, চার্টার্ড মেরিন ইঞ্জিনিয়ার<br>কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম | সদস্য |
| জনাব মোঃ শাহ আলম<br>পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), অর্থ ও হিসাব বিভাগ, ইউজিসি, আগারগাঁও, ঢাকা | সদস্য |
| ড. ফেরদৌসী বেগম<br>সহকারী অধ্যাপক, রসায়ন বিভাগ, বিএসএমআরএমইউ | সদস্য |
| এমরানুল হক<br>প্রভাষক, একাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস, বিএসএমআরএমইউ | সদস্য |
| ক্যাপ্টেন সাইদ মাহমুদ হাসান<br>পরিচালক (অর্থ ও হিসাব), বিএসএমআরএমইউ | সদস্য-সচিব |

## পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন কমিটি

বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন কমিটি এর বর্তমান সম্মানিত সদস্যগণ নিম্নরূপ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| | |
|---|---|
| রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, এনবিপি, বিএসপি, এনডিসি, পিএসসি (অবঃ)<br>ভাইস-চ্যান্সেলর, বিএসএমআরএমইউ | সভাপতি |
| কমডোর এ কে এম মারুফ হাসান, (এস), এনইউপি, বিসিজিএমএস, পিএসসি, বিএন<br>ট্রেজারার, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর শেখ ফিরোজ আহমেদ, (এইচ), এনজিপি, পিএসসি, বিএন<br>রেজিস্ট্রার, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, (এল), এনজিপি, এফডিসি, পিএসসি, বিএন (অব:)<br>ডিন, এফইটি, বিএসএমআরএমইউ | সদস্য |
| এ কে এম ফজলুল হক<br>অতিরিক্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ | সদস্য |
| গোপাল কৃষ্ণ দেবনাথ<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)<br>এলজিইডি সদর দপ্তর, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ | সদস্য |
| বিশ্বজিৎ বড়ুয়া<br>তত্ত্বাবধায়ক স্থপতি, সার্কেল-৫, স্থাপত্য অধিদপ্তর, স্থাপত্য ভবন, সেগুনবাগিচা, ঢাকা | সদস্য |
| কর্নেল মোঃ সাদীকুল বারী, পিএসসি<br>চীফ ইঞ্জিনিয়ার, বিএসএমআরএমইউ | সদস্য |
| কমান্ডার সালাহ্উদ্দিন আহমেদ, (এস), বিএন<br>পরিচালক, পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন, বিএসএমআরএমইউ | সদস্য-সচিব |

# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর সংক্ষিপ্ত পরিচিতি

মেরিটাইম সংশ্লিষ্ট ক্ষেত্রে উচ্চশিক্ষার বিভিন্ন পর্যায়ে অগ্রসরমান বিশ্বের সাথে সঙ্গতি রক্ষা ও সমতা অর্জন এবং জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক পর্যায়ে উচ্চশিক্ষা, গবেষণা, আধুনিক জ্ঞানচর্চা ও পঠন-পাঠনের সুযোগ সৃষ্টি ও সম্প্রসারণের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১৩ সালে এই বিশ্ববিদ্যালয়ের গোড়াপত্তন করেন। এরই ধারাবাহিকতায় মহান জাতীয় সংসদ কর্তৃক ‘বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ’ স্থাপনের লক্ষ্যে গৃহীত ৪৭ নং আইনটি ২৬ অক্টোবর ২০১৩ (১১ কার্তিক ১৪২০) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ এর মহামান্য রাষ্ট্রপতির সদয় সম্মতি লাভ করে। ২৭ অক্টোবর ২০১৩ আইনটি বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়। সেদিন থেকেই বিশ্ববিদ্যালয়টি দেশের প্রথম, দক্ষিণ এশিয়ায় ৩য় এবং বিশ্বে ১২ তম মেরিটাইম বিশ্ববিদ্যালয় হিসেবে যাত্রা শুরু করে। প্রাথমিক পর্যায়ে বিশ্ববিদ্যালয়টি বাংলাদেশ নৌবাহিনীর সহায়তায় ০২ ফেব্রুয়ারি ২০১৪ বানৌজা হাজী মহসীন, ঢাকা সেনানিবাস, ঢাকায় অস্থায়ী অফিস স্থাপন করে। পরবর্তীকালে ০১ মার্চ ২০১৪ ঢাকাস্থ মিরপুর ডিওএইচএস-এ লিয়াজোঁ অফিস এবং তৎপরবর্তীকালে ০১ আগস্ট ২০১৫ শিক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অনুমোদনক্রমে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস ১৪/০৬-১৪/২৩, পল্লবী, মিরপুর-১২, ঢাকা-১২১৬ তে স্থাপন করা হয়। এ অস্থায়ী ক্যাম্পাসেই বিশ্ববিদ্যালয় ০৯ (নয়) টি স্নাতকোত্তর এবং ০৫ (পাঁচ) টি স্নাতক (সম্মান) প্রোগ্রাম পরিচালনা করছে। সরকারি সিদ্ধান্তের আলোকে চট্টগ্রাম জেলার বন্দর ও চাদগাঁও থানার হামিদচর কালুরঘাট এলাকায় চর রাঙামাটিয়া ও বাকলিয়া মৌজায় ১০৬.৬৬ একর জমিতে বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস স্থাপন প্রকল্পের কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে।

## রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission) এবং উদ্দেশ্য (Goals)

### রূপকল্প (Vision)

মেরিটাইম বিষয়ক আন্তর্জাতিক মানের আধুনিক জ্ঞান চর্চা, কর্মদক্ষ অনুষদ এবং উচ্চতর শিক্ষা ও গবেষণার মাধ্যমে বিশ্ববিদ্যালয়কে মেরিটাইম বিষয়ক Centre of Excellence হিসেবে প্রতিষ্ঠিত করা।

### অভিলক্ষ্য (Mission)

গুণগত মানসম্মত মেরিটাইম বিষয়ক দক্ষ জনশক্তি তৈরি, বিশ্বমানের মেরিটাইম বিষয়ক উচ্চতর শিক্ষা ও গবেষণা নিশ্চিত করা, আধুনিক ও যুগোপযোগী প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে মেরিটাইম বিষয়ে জাতীয় অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জনে অবদান রাখা।

### উদ্দেশ্য (Goals)

- মেরিটাইম সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় এবং প্রতিষ্ঠানসমূহের সঙ্গে পারস্পরিক সহযোগিতার মাধ্যমে এ বিশ্ববিদ্যালয়ের টেকসই উন্নয়ন অর্জন।
- জাতীয় চাহিদা ও প্রয়োজন অনুযায়ী শিক্ষাগত সেবা ও সুযোগ-সুবিধার অবিরত উন্নতি সাধন।
- দেশের মেরিটাইম শাখার অগ্রগতির জন্য জ্ঞান বিতরণ, গবেষণা এবং উন্নয়নমূলক কাজে সব ধরনের মেরিটাইম পেশাজীবীদের একটি সার্বজনীন (ক্ষেত্র বা এক) প্লাটফর্মে নিয়ে আসা।
- মেরিটাইম সেক্টরে আসন্ন চ্যালেঞ্জ মোকাবেলায় নতুন নতুন আবিষ্কারের মাধ্যমে নতুন মাত্রা সংযোজন করতে গবেষণায় সচেতনতা বৃদ্ধি করা।
- শিক্ষা-সংক্রান্ত কার্যক্রম, প্রজেক্ট ডিজাইনের উন্নয়ন এবং একাডেমিক মানদণ্ডের সম্প্রসারণ ও উন্নতি সাধনের লক্ষ্যে প্রাক্তন শিক্ষার্থী ও পেশাজীবীদের অংশগ্রহণ দ্রুততরকরণ।
- শিক্ষার্থীদের মেরিটাইম সায়েন্স ও টেকনোলজি সম্পর্কে জ্ঞান দান এবং মেরিটাইম প্রফেশনে অবদান বৃদ্ধি করতে গবেষণায় সহায়তা করা।
- দেশের মেরিটাইম সার্ভিস এবং ইন্ডাস্ট্রিয়াল সেক্টরের টেকসই উন্নয়নের জন্য বিভিন্ন মেরিটাইম এডুকেশনাল প্রোগ্রাম এবং গবেষণা কর্ম পরিচালনা করা।
- মেরিটাইম ব্যবস্থাপনা, আইন, নিরাপত্তা, কৌশলের বিভিন্ন বিষয়ে শিক্ষার্থীদের শিক্ষাদান এবং স্ব-স্ব ক্ষেত্রে গবেষণা পরিচালনা।
- শিক্ষার্থীরা যেন জাতিকে সেবা দিতে নিজেকে

মেরিটাইম সেক্টরে ভবিষ্যত পরিকল্পনাকারী, নীতি নির্ধারক, অধিনায়ক হিসেবে প্রস্তুত করতে পারে এবং মেরিটাইম সেক্টরে জাতীয় ও আন্তর্জাতিক সংস্থায় বিশেষত আন্তর্জাতিক মেরিটাইম সংস্থায় সমন্বয়ক হতে পারে সেজন্য সহায়ক পরিবেশ সৃষ্টি করা।

## বিশ্ববিদ্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২১-২০২২) - সার সংক্ষেপ

সরকারি কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি, ফলাফলধর্মী কর্মকাণ্ডে উৎসাহ প্রদান এবং কর্মকৃতি বা Performance মূল্যায়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ ২০১৪-১৫ অর্থবছর হতে সরকারি অফিসসমূহে 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি' বা APA প্রবর্তন করে। এরই ধারাবাহিকতায় বিশ্ববিদ্যালয় নিয়মিতভাবে ঊর্ধ্বতন প্রতিষ্ঠান বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সাথে 'বার্ষিক কর্মসম্পাদন চুক্তি' সম্পাদন করে আসছে।

বিশ্ববিদ্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ২০২১-২০২২ এ কর্মসম্পাদন সূচকের মূল্যায়নের জন্য নিম্নলিখিত কৌশলগত উদ্দেশ্য এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য রয়েছে:

**কৌশলগত উদ্দেশ্য**

- মেরিটাইম বিষয়ক উচ্চশিক্ষা ব্যবস্থাপনায় গুণগত মান নিশ্চিতকরণ।
- মেরিটাইম বিষয়ক উচ্চশিক্ষার অধিকতর সম্প্রসারণ।
- মেরিটাইম বিষয়ক উচ্চশিক্ষা গবেষণাকে বিশ্বমানে উন্নীতকরণ।
- উচ্চশিক্ষায় সমঝোতা ও সহযোগিতা।

**আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য**

- সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ।

## সাফল্য ও অর্জন

উল্লিখিত সকল কৌশলগত উদ্দেশ্যে এবং আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের কার্যক্রম ও কর্মসম্পাদন সূচকের বিপরীতে বিশ্ববিদ্যালয়ের বিভাগ/দপ্তর সমূহের সাফল্য অর্জনের ধারাবাহিকতা বজায় রাখার প্রচেষ্টা অব্যাহত থাকলেও কোভিড-১৯ এর উদ্ভূত পরিস্থিতিতে সার্বিক বিবেচনায় কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জন কিছুটা ব্যহত হয়েছে। এই অর্থ বছরে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের ২৮টি গবেষণা প্রবন্ধ বিভিন্ন জার্নাল/কনফারেন্সে প্রকাশিত হয়েছে। প্রাতিষ্ঠানিকভাবে গবেষণা কার্যক্রমকে বেগবান করার জন্য বাংলাদেশ মেরিটাইম জার্নাল -এর ভলিউম ০৬ সংখ্যা ০১ এবং জার্নাল অব আর্থ অ্যান্ড ওশান সায়েন্স ভলিউম ০১ সংখ্যা ০১ প্রকাশ করা হয়। এছাড়া বিশ্ববিদ্যালয়ের ত্রৈমাসিক সাময়কী মেরিটাইম ক্যাম্পাস নিয়মিত প্রকাশিত হচ্ছে। যথাযোগ্য মর্যাদায় মুজিব শতবর্ষ ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসে প্রতিষ্ঠিত মুক্তিযুদ্ধ কর্নারে মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু শীর্ষক স্থিরচিত্র ও প্রামাণ্যচিত্র সংকলন করত: দুইটি ইন্টারেক্টিভ কিওস্ক ডিসপ্লে সংযোজন করে উক্ত আর্কাইভ প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এছাড়া আর্কাইভটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সংযোজন করা হয়েছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ২০২১-২০২২ অর্থবছরের বিশ্ববিদ্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদনাধীন সময় পর্যন্ত প্রক্রিয়াধীন রয়েছে। বিগত ১৫ জুন ২০২২ তারিখ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের আয়োজনে কক্সবাজারে অনুষ্ঠিত কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

# অনুষদ ও বিভাগসমূহ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর অনুমোদিত অর্গানোগ্রাম অনুযায়ী অনুষদ এবং অধীন বিভাগসমূহ নিম্নরূপ:

## মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি অনুষদ

- মেরিটাইম ল' অ্যান্ড পলিসি বিভাগ
- মেরিটাইম সিকিউরিটি অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ বিভাগ
- মেরিটাইম সেফ্টি অ্যাডমিনিস্ট্রেশন বিভাগ

## শিপিং অ্যাডমিনিস্ট্রেশন অনুষদ

- নটিক্যাল সায়েন্স বিভাগ
- পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট বিভাগ
- ট্রান্সপোর্টেশন অ্যান্ড লজিসটিকস্ ম্যানেজমেন্ট বিভাগ

## আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদ

- ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ
- মাইনিং বিভাগ
- মেরিন ফিশারিজ অ্যান্ড অ্যাকুয়াকালচার বিভাগ
- মেরিন বায়োলজি বিভাগ
- জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগ
- এনভায়রনমেন্টাল স্টাডিজ বিভাগ

## ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদ

- ওশান ইঞ্জিনিয়ারিং বিভাগ
- নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং বিভাগ
- মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগ
- হারবার অ্যান্ড রিভার ইঞ্জিনিয়ারিং বিভাগ
- ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগ
- টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিভাগ
- কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যাকাট্রনিক্স বিভাগ

## জেনারেল স্টাডিস অনুষদ

- ইংরেজি বিভাগ
- গণিত বিভাগ
- পদার্থ বিজ্ঞান বিভাগ
- রসায়ন বিভাগ
- বায়োকেমিস্ট্রি বিভাগ
- সোশাল সায়েন্স অ্যান্ড অ্যানথ্রোপলজি বিভাগ
- ম্যাটেরিয়াল সায়েন্স বিভাগ
- ইন্টারন্যাশনাল রিলেশনস বিভাগ
- ইতিহাস বিভাগ
- ল্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ওয়াটার ম্যানেজমেন্ট বিভাগ

## কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফরমেটিক্স অনুষদ

- কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফরমেশন টেকনোলজি বিভাগ
- সফটওয়্যার অ্যান্ড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারিং বিভাগ
- ইনফরমেশন সিস্টেম সিকিউরিটি বিভাগ

## মেরিটাইম বিজনেস স্টাডিজ অনুষদ

- ম্যানেজমেন্ট বিভাগ
- একাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেম বিভাগ
- ফিন্যান্স বিভাগ
- ইকোনমিকস বিভাগ
- মার্কেটিং বিভাগ
- মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ

## ইনস্টিটিউট সমূহ

- ইনস্টিটিউট অব প্রফেশনাল ল্যাঙ্গুয়েজ
- ইনস্টিটিউট অব বে অব বেঙ্গল অ্যান্ড বাংলাদেশ স্টাডিজ
- ইনস্টিটিউট অব রিনিউয়েবল এনার্জি অ্যান্ড মেরিন রিসোর্সেস
- ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট

# আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদ

বাংলাদেশ ১৮ মার্চ, ২০১২ সালে মিয়ানমার এবং ৭ জুলাই, ২০১৪ সালে ভারতের সাথে সমুদ্রসীমা নির্ধারণের মাধ্যমে এক বিশাল জলরাশি অর্জন করে। ফলশ্রুতিতে বাংলাদেশ ১,১৮,৮১৩ বর্গকিলোমিটার আয়তনের সমুদ্র সম্পদকে কাজে লাগিয়ে দেশীয় এবং আন্তর্জাতিক পর্যায়ে সমুদ্র বিষয়ক উচ্চশিক্ষা ও গবেষণায় সমৃদ্ধি ও উৎকর্ষতা আনয়নে সমুদ্র সম্পদের সুষ্ঠু ব্যবহার ও সুনীল অর্থনীতির গুরুত্ব নিশ্চিত করতে অত্র বিশ্ববিদ্যালয়ের অধীনে জানুয়ারি ২০১৭ থেকে আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদ যাত্রা শুরু করে। উক্ত অনুষদের অধীন বর্তমানে স্নাতক (সম্মান) পর্যায়ে ২০১৬-১৭ শিক্ষাবর্ষ হতে ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগে B.Sc. (Hons) in Oceanography প্রোগ্রাম, ২০২১-২২ হতে মাস্টার্স ইন ওশানোগ্রাফি প্রোগ্রাম, ২০১৯-২০ শিক্ষাবর্ষ হতে মেরিন ফিশারিজ অ্যান্ড অ্যাকুয়াকালচার বিভাগে B.Sc. (Hons) in Marine Fisheries প্রোগ্রাম এবং জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড মেরিন বায়োটেকনোলজি বিভাগে ২০১৮-১৯ শিক্ষাবর্ষ হতে Masters in Marine Biotechnology প্রোগ্রাম পরিচালনা করা হচ্ছে। এছাড়া ভবিষ্যতে উক্ত অনুষদে পর্যায়ক্রমে নিম্নবর্ণিত বিভাগসমূহ খোলার পরিকল্পনা রয়েছে:

- ডিপার্টমেন্ট অব মাইনিং
- ডিপার্টমেন্ট অব মেরিন বায়োলজি
- ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্ট স্টাডিজ
- ডিপার্টমেন্ট অব ল্যান্ড এডমিনিস্ট্রেশন, ওয়েট ল্যান্ড অ্যান্ড ওয়াটার ম্যানেজমেন্ট

## অনুষদের একাডেমিক কার্যক্রম

ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগের অধীনে বর্তমানে বিএসসি (অনার্স) ইন ওশানোগ্রাফি প্রোগ্রামের চারটি ব্যাচের ও মাস্টার্স ইন ওশানোগ্রাফি প্রোগ্রামের একটি ব্যাচের শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। এ বিভাগে ২০২০-২১ শিক্ষাবর্ষে ৫ম ব্যাচের শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার মেধাতালিকার ভিত্তিতে ৪০ জন শিক্ষার্থী ভর্তি করা হয়। এছাড়াও মেরিন ফিশারিজ অ্যান্ড অ্যাকুয়াকালচার বিভাগের অধীন ২০২০-২১ শিক্ষাবর্ষে বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ এর ২য় ব্যাচে ৪০ জন শিক্ষার্থী ভর্তি করা হয়। জানুয়ারি ২০২১ এর ভর্তিকৃত নবীন শিক্ষার্থীদের বরণ করার জন্য ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত হয়।

## ল্যাব যন্ত্রপাতি ক্রয়

আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদের ল্যাবসমূহ সমৃদ্ধ করার মাধ্যমে ব্যবহারিক শিক্ষা ও গবেষণা কার্যক্রম যুগোপযোগী করণের নিমিত্তে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসে ইতোমধ্যে জিওলজিক্যাল ওশানোগ্রাফি ল্যাব, বায়োলজিক্যাল ওশানোগ্রাফি ল্যাব ও মেরিন ফিশারিজ ল্যাব প্রতিষ্ঠা করা হয়েছে। ল্যাবগুলোতে গবেষণার সুযোগ বৃদ্ধির জন্য ২০২১-২২ অর্থ বছরে CTD Sensor, Vacuum Filtration Device with pump (single tube/flask), Portable winch, Terameter (geology), Sound Velocity Profiler(SVP) সহ বেশকিছু ল্যাব যন্ত্রপাতি ক্রয়, স্থাপন ও সংযোজন করা হয়েছে।

## ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগের শিক্ষার্থীদের ফিল্ডট্রিপ

### ফিল্ডট্রিপ: ১ম ব্যাচ, ৮ম সেমিস্টার

ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগের B.Sc. (Hons) in Oceanography প্রোগ্রামের ২০১৬-১৭ শিক্ষাবর্ষে ভর্তিকৃত (১ম ব্যাচ) ৮ম সেমিস্টারের ২৯

জন শিক্ষার্থী (২৪ জন ছাত্র এবং ০৫ জন ছাত্রী) ০৩-০৬ জানুয়ারি ২০২২ পর্যন্ত ০৩ দিনের জন্য পূর্বনির্ধারিত সময়সূচি অনুযায়ী মোংলা ও বাগেরহাট গমন করতঃ ব্যবহারিক প্রশিক্ষণ গ্রহণ করে জ্ঞান লাভ করে। ব্যবহারিক প্রশিক্ষণে শিক্ষার্থীরা Data Collection and Analysis Lab কোর্স এ Operation of CTD and Niskin water sampler, operation of Echosounder, Grab sampler for sediment collection, phytoplankton net and zooplankton net deploy and sample collection, multi-parameter for physicochemical parameters data collection বাস্তুতন্ত্রের উপর প্রশিক্ষণ, স্যাম্পল সংগ্রহ, কোস্টাল বায়োডাইভারসিটি পর্যবেক্ষণ ও এতদ্‌সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করে।

## ফিল্ডট্রিপ: ২য় ব্যাচ, ৬ষ্ঠ সেমিস্টার

ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগের B.Sc. (Hons) in Oceanography প্রোগ্রামের ২০১৭-১৮ শিক্ষাবর্ষে ভর্তিকৃত (২য় ব্যাচ) ৬ষ্ঠ সেমিস্টারের ৩৬ জন শিক্ষার্থী (২৬ জন ছাত্র এবং ১০ জন ছাত্রী) ২৯ নভেম্বর হতে ০৩ ডিসেম্বর ২০২১ পর্যন্ত ০৫ দিনের জন্য পূর্বনির্ধারিত সময়সূচি অনুযায়ী ব্যবহারিক প্রশিক্ষণের উদ্দেশ্যে কক্সবাজার ও সেন্টমার্টিন গমন করে। ব্যবহারিক প্রশিক্ষণে শিক্ষার্থীরা জিওমরফোলজিক্যাল গঠন, গবেষণায় নমুনা সংগ্রহ, কোরাল রিফ জীববৈচিত্র্য পর্যবেক্ষণ, ছেড়া দ্বীপ বাস্তুতন্ত্রের উপর প্রশিক্ষণ ও গবেষণায় নমুনা সংগ্রহ বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করে।

## ফিল্ডট্রিপ: ৩য় ব্যাচ ৪র্থ সেমিস্টার

ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগের B.Sc. (Hons) in Oceanography প্রোগ্রামের ২০১৮-১৯ শিক্ষাবর্ষে ভর্তিকৃত (৩য় ব্যাচ) ৪র্থ সেমিস্টারের ৩৯ জন শিক্ষার্থী (৩০ জন ছাত্র এবং ০৯ জন ছাত্রী) ১০-১৪ ডিসেম্বর ২০২১ পর্যন্ত ০৩ দিনের জন্য পূর্বনির্ধারিত সময়সূচি অনুযায়ী ব্যবহারিক প্রশিক্ষণের উদ্দেশ্যে কক্সবাজার গমন করে। ব্যবহারিক প্রশিক্ষণে শিক্ষার্থীরা Marine Planetology ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সমুদ্রবিজ্ঞান ইনস্টিটিউটে বায়োলজিক্যাল ওশানোগ্রাফি বিষয়ে ব্যবহারিক প্রশিক্ষণ গ্রহণ করে। একইসাথে কক্সবাজার অবস্থানকালীন সময়ে Sedimentology এর উপর ব্যবহারিক প্রশিক্ষণ এবং ফিল্ড ভিজিটের অংশ হিসেবে শিক্ষার্থীরা বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট (BORI), সৈকত খনিজ বালি আহরণ কেন্দ্র, কক্সবাজার, বাংলাদেশ সামুদ্রিক মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ফিশ এবং শ্রিম্প হ্যাচারি পরিদর্শন এবং কক্সবাজার হতে টেকনাফ পর্যন্ত সমুদ্র উপকূলবর্তী এলাকায় অবস্থিত বিভিন্ন Geological Formation সম্বন্ধে জ্ঞান লাভ করে।

## ফিল্ডট্রিপ: ৪র্থ ব্যাচ ২য় সেমিস্টার

ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগের B.Sc. (Hons) in Oceanography প্রোগ্রামের ২০১৯-২০ শিক্ষাবর্ষে ভর্তিকৃত (৪র্থ ব্যাচ) ১ম বর্ষ, ২য় সেমিস্টারের ২৮ জন শিক্ষার্থী (১৪ জন ছাত্র এবং ১৪ জন ছাত্রী) ১৮-২৪ ডিসেম্বর ২০২১ পর্যন্ত ০৬ দিনের জন্য পূর্বনির্ধারিত সময়সূচি অনুযায়ী ব্যবহারিক প্রশিক্ষণের উদ্দেশ্যে চট্টগ্রাম গমন করে। ব্যবহারিক প্রশিক্ষণে শিক্ষার্থীরা বিএন হাইড্রোগ্রাফিক স্কুলে লেভেলিং থিয়োডোলাইট, টোটাল স্টেশন, জিপিএস, ডিজিপিএস ইত্যাদি যন্ত্রপাতির উপর ব্যবহারিক প্রশিক্ষণ, হাইড্রোগ্রাফি সার্ভে যন্ত্রপাতির পরিচিতি ও অপারেশন এর উপর বিস্তারিত ধারণা গ্রহণ, মাল্টিবীম ইকোসাউন্ডার এবং সিঙ্গেলবীম ইকোসাউন্ডার এর উপর বানৌজা শৈবালযোগে দিনব্যাপী সমুদ্রে প্রশিক্ষণ, ডেটা প্রসেসিং এর উপর ব্যবহারিক ধারণা গ্রহণ, কার্টোগ্রাফি এবং প্রডাক্টশন অব ইলেকট্রনিক চার্টের উপর ধারণা গ্রহণ, সেম্পল কালেকশনের উপর প্রশিক্ষণ গ্রহণ করে। এছাড়াও চট্টগ্রামে অবস্থিত ফিশারিজ মিউজিয়াম, মেরিন ফিশারিজ একাডেমি এবং ফিশিং ট্রলার পরিদর্শন করে।

## মেরিন ফিশারিজ অ্যান্ড অ্যাকুয়াকালচার বিভাগ

### ফিশারিজ অ্যান্ড অ্যাকুয়াকালচার ল্যাব (Fisheries and Aquaculture Lab) উদ্বোধন





*ফিশারিজ অ্যান্ড অ্যাকুয়াকালচার ল্যাব উদ্বোধন*

১৩ অক্টোবর ২০২১ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিটের সচিব রিয়ার এডমিরাল (অবঃ) এম খোরশেদ আলম কর্তৃক Fisheries and Aquaculture Lab উদ্বোধন করা হয়। এ অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবালসহ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, ডিন, শিক্ষক ও কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

### ফিল্ডট্রিপ: ১ম ব্যাচ ২য় সেমিস্টার

মেরিন ফিশারিজ অ্যান্ড অ্যাকুয়াকালচার বিভাগের B.Sc. (Hons) in Marine Fisheries প্রোগ্রামের ২০১৯-২০ সেশনের (১ম ব্যাচ) ১ম বর্ষ, ২য় সেমিস্টারের ৩২ জন শিক্ষার্থী (২২ জন ছাত্র এবং ১০ জন ছাত্রী) ১৮-২৪ ডিসেম্বর ২০২১ পর্যন্ত ০৬ দিনের জন্য পূর্বনির্ধারিত সময়সূচি অনুযায়ী ব্যবহারিক প্রশিক্ষণের উদ্দেশ্যে চট্টগ্রাম গমন করে। ব্যবহারিক প্রশিক্ষণে শিক্ষার্থীরা বিএন হাইড্রোগ্রাফি স্কুলে লেভেলিং থিয়োডোলাইট, টোটাল স্টেশন, জিপিএস, ডিজিপিএস ইত্যাদি যন্ত্রপাতির উপর ব্যবহারিক প্রশিক্ষণ, হাইড্রোগ্রাফি সার্ভে যন্ত্রপাতির পরিচিতি ও অপারেশনের উপর বিস্তারিত ধারণা গ্রহণ, মাল্টিবীম ইকোসাউন্ডার এবং সিঙ্গেলবীম ইকোসাউন্ডার সার্ভে এর উপর বানৌজা শৈবালযোগে দিনব্যাপী সমুদ্রে প্রশিক্ষণ, ডেটা প্রসেসিং এর উপর ব্যবহারিক ধারণা গ্রহণ, কার্টোগ্রাফি এবং প্রডাক্টশন অব ইলেকট্রনিক চার্টের উপর ধারণা গ্রহণ, সেম্পল কালেকশনের উপর প্রশিক্ষণ গ্রহণ করে। এছাড়াও চট্টগ্রামে অবস্থিত ফিশারিজ মিউজিয়াম, মেরিন ফিশারিজ একাডেমি এবং ফিশিং ট্রলার পরিদর্শন করে।

## জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড মেরিন বায়োটেকনোলজি বিভাগ

### ফিল্ডট্রিপ: ২য় ব্যাচ, ৩য় সেমিস্টার

জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগের অধীন Masters in Marine Biotechnology প্রোগ্রামের ২০১৯-২০ সেশনের (২য় ব্যাচ) ৩য় সেমিস্টারের ০৫ জন শিক্ষার্থী (০১ জন ছাত্র এবং ০৪ ছাত্রী) ২৯ নভেম্বর ০৩ ডিসেম্বর ২০২১ ০৫ দিনের জন্য পূর্বনির্ধারিত সময়সূচি অনুযায়ী ব্যবহারিক প্রশিক্ষণের উদ্দেশ্যে কক্সবাজার ও সেন্টমার্টিন গমন করে। ব্যবহারিক প্রশিক্ষণে শিক্ষার্থীরা জিওমরফোলজিক্যাল গঠন, গবেষণায় নমুনা সংগ্রহ, কোরাল রিফ জীববৈচিত্র্য পর্যবেক্ষণ, ছেড়া দ্বীপ বাস্তুতন্ত্রের উপর প্রশিক্ষণ ও গবেষণায় নমুনা সংগ্রহ বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করে।

## অনুষদের সেমিনার অয়োজন

অনুষদের চলমান শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে মেরিটাইম বিষয়ক বিশেষজ্ঞ ব্যক্তিদের আমন্ত্রণ জানিয়ে আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদের অয়োজনে ২৬ অক্টোবর ২০২১ তারিখে আন্তজার্তিক মার্তৃভাষা ইনস্টিটিউটে Blue governance for sustainable development of Bangladesh শীর্ষক একটি সেমিনার অয়োজন করা হয়। সেমিনারের অনলাইনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়েরর মাননীয় মন্ত্রী ডাঃ দীপু মনি, এমপি। সেমিনারে স্বাগত বক্তব্য প্রদান করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, এনবিপি, বিএসপি, এনডিসি, পিএসসি বিএন (অব:)। সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশে নিযুক্ত হাই কমিশনার H.E. Mr Robert Chatterton Dickson। সেমিনারে নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ প্রবন্ধ উপস্থাপন করেন।

ক। Professor Dr. Pierre Failler, University of Portsmouth, UK

খ। Professor Craig Hutton, University of Southampton, UK

গ। Professor Dr Kawser Ahmed, Department of Oceanography, University of Dhaka

## ফ্যাকাল্টি জার্নাল প্রকাশ

পৃথিবীর সমুদ্র এলাকা মানব সভ্যতার কাছে একটি অনাবিষ্কৃত অঞ্চল। এ প্রেক্ষিতে সমুদ্র বিজ্ঞান, সমুদ্র সম্পদ ও সমুদ্র পরিবেশ তথা সমুদ্রের সাথে পৃথিবীর বায়ুমণ্ডল, স্থলভাগ, ভূ-তত্ত্ব সাগরের তলদেশ, মানুষ্য প্রকৃতিসহ সমুদ্র জীবনের জটিল সম্পর্কের বহুমুখী সংযোগ ইত্যাদি বিষয়ে গবেষণা ও দক্ষ জনবল তৈরির নিমিত্তে আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদ অঙ্গীকারবদ্ধ। বিশ্ববিদ্যালয়ের অন্যতম অনুষদ হিসেবে আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদের অধীনে পরিচালিত সকল বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীদের গবেষণাপত্র প্রকাশের মাধ্যমে গবেষণা কাজে উদ্বুদ্ধ করার জন্য "Journal of Earth and Ocean Science" শিরোনামে ফ্যাকাল্টি জার্নাল ভলিউম ০১, ইস্যু ০১ প্রকাশ করা হয়।

## বিশ্ব সমুদ্র দিবস উদ্‌যাপন




*বিশ্ব সমুদ্র দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে সেমিনারে বক্তব্যরত উপাচার্য মহোদয়*

জাতিসংঘের সাধারণ পরিষদ কর্তৃক গৃহীত বিশ্ব সমুদ্র দিবস বিশ্বব্যাপী প্রতি বছর ০৮ জুন পালিত হয়। এ বছরও দিবসটি উদ্‌যাপন উপলক্ষ্যে আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদ ০৮ জুন ২০২২ তারিখে বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়ামে একটি সেমিনার অয়োজন করে। উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অবঃ)। সেমিনারে বিশ্ববিদ্যালয়ের ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি ডিপার্টমেন্টের প্রধান প্রফেসর ড. আফতাব আলম খান ও জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি ডিপার্টমেন্টের প্রধান প্রফেসর ড. মোহাম্মদ নাজির হোসেন তাদের মূল্যবান প্রবন্ধ উপস্থাপন করেন এবং এর উপর উন্মুক্ত আলোচনা হয়। সেমিনারে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, ডিন, বিভাগীয় প্রধানগণ, শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত থেকে সক্রিয় অংশগ্রহণ করেন। উক্ত সেমিনারটি বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি অব আর্থ অ্যান্ড ওশান সায়েন্স ও নির্মল বাংলাদেশ সমন্বিতভাবে আয়োজন করে। সেমিনারটি বিশ্ববিদ্যালয়ের ফেসবুক পেইজে লাইভ স্ট্রিমিং করা হয়।

## অনুষদের অধীন বিভাগ ভিত্তিক শিক্ষার্থী পরিসংখ্যান

| বিভাগের নাম | প্রোগ্রাম | শিক্ষাবর্ষ | মোট শিক্ষার্থী |
|---|---|---|---|
| ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগ | বিএসসি (অনার্স) ইন ওশানোগ্রাফি | ২০১৭-১৮ | ৩৬ |
| | | ২০১৮-১৯ | ৪০ |
| | | ২০১৯-২০ | ২৮ |
| | | ২০২০-২১ | ৩৫ |
| | মাস্টার্স ইন ওশানোগ্রাফি | ২০২০-২১ | ১৮ |
| মেরিন ফিশারিজ অ্যান্ড অ্যাকুয়াকালচার বিভাগ | বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ | ২০১৯-২০ | ৩২ |
| | | ২০২০-২১ | ৩৬ |
| জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড মেরিন বায়োটেকনোলজি বিভাগ | মাস্টার্স ইন মেরিন বায়োটেকনোলজি | ২০১৯-২০ | ৭ |
| | | ২০২০-২১ | ১২ |
| অনুষদে মোট শিক্ষার্থী | | | ২৪৪ |

### আর্থ অ্যান্ড ওশান সায়েন্স অনুষদ:

ক্যাপ্টেন এস এম মঈন উদ্দীন, (এইচ১), বিসিজিএম, পিএসসি, বিএন, ডিন

### ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগের শিক্ষকবৃন্দ

১. ড. আফতাব আলম খান, অধ্যাপক
২. লেঃ কমান্ডার কামরুল আহ্সান, (এইচ ২), বিএন, সহকারী অধ্যাপক
৩. ড. এস. এম মোস্তাফিজুর রহমান, সহকারী অধ্যাপক
৪. মারুফা ইসহাক, প্রভাষক (শিক্ষা ছুটিতে)
৫. মোঃ মাসুদ-উল-আলম, প্রভাষক (শিক্ষা ছুটিতে)
৬. মোসাঃ ইসরাত জাহান মিলি, প্রভাষক
৭. তাসপিয়া হামিদ, প্রভাষক
৮. মোঃ আল আমিন, প্রভাষক

### মেরিন ফিশারিজ অ্যান্ড অ্যাকুয়াকালচার বিভাগের শিক্ষকবৃন্দ

১. ড. মারিয়া জামান, সহকারী অধ্যাপক
২. শিল্পী সরকার, প্রভাষক

### জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড মেরিন বায়োটেকনোলজি বিভাগের শিক্ষকবৃন্দ

১. ড. মুহাম্মদ নাজির হোসেন, অধ্যাপক ও বিভাগীয় প্রধান
২. ড. মোঃ মোরশেদুল আলম, সহকারী অধ্যাপক (শিক্ষা ছুটিতে)
৩. ড. মিস মাহফুজা খাতুন, সহকারী অধ্যাপক

## খণ্ডকালীন শিক্ষকবৃন্দ

| | |
|---|---|
| ১. | রিয়ার এডমিরাল এম আনোয়ারুল ইসলাম এনজিপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, (অব.) |
| ২. | ড. মোহাম্মদ রোকনুজ্জামান<br>অধ্যাপক, মৎস্যবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। |
| ৩. | ড. মোঃ আব্দুস সামাদ<br>সহযোগী অধ্যাপক, ইতিহাস বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়। |
| ৪. | ড. মনিরুজ্জামান খন্দকার<br>অধ্যাপক (অবঃ), উদ্ভিৎ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। |
| ৫. | কমডোর শেখ মাহমুদুল হাসান (অবঃ), (এইচ), এনপিপি, এওডব্লিউসি, পিএসসি, বিএন |
| ৬. | ড. এম. শহীদুল ইসলাম<br>অধ্যাপক, ভূগোল ও পরিবেশ বিভাগ, আর্থ অ্যান্ড এনভায়রনমেন্ট সায়েন্সেস অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়। |
| ৭. | ড. সগির আহম্মেদ<br>অধ্যাপক, প্রাণিবিদ্যা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। |
| ৮. | ড. মোঃ নিয়ামুল নাছের<br>অধ্যাপক ও বিভাগীয় চেয়ারম্যান, প্রাণিবিদ্যা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। |
| ৯. | ড. আনোয়ার হোসেন<br>সহযোগী অধ্যাপক, মৎস্যবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। |
| ১০. | ড. নাজিয়া রিফাত জামান<br>সহকারী অধ্যাপক, প্রাণরসায়ন বিভাগ, প্রাইমেশিয়া বিশ্ববিদ্যালয়। |
| ১১. | মোঃ মাহ্ফুজুল হক<br>অধ্যাপক, ভূতাত্ত্বিক বিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা-১৩৪২। |
| ১২. | কে এম আজম চৌধুরী<br>সহকারী অধ্যাপক, ওশানোগ্রাফি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় |
| ১৩. | ড. এম নজরুল ইসলাম<br>অধ্যাপক, ভূগোল ও পরিবেশ বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা-১৩৪২। |
| ১৪. | এম ইউসুফ আলী মোল্লা<br>প্রফেসর (অবঃ), রসায়ন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, প্রাক্তন ইউজিসি সদস্য। |
| ১৫. | ড. মোঃ নজরুল ইসলাম<br>অধ্যাপক, ভূগোল ও পরিবেশ বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা-১৩৪২ |
| ১৬. | ড. এস প্রসন্ন কুমার<br>সাবেক ভারপ্রাপ্ত পরিচালক AcSIR-এর প্রধান বিজ্ঞানী ও অধ্যাপক<br>প্রধান, ভৌত সমুদ্রবিজ্ঞান বিভাগ, AcSIR -ন্যাশনাল ইনস্টিটিউট অব ওশানোগ্রাফি,<br>ডোনা পাওলা, গোয়া ৪০৩০০৪, ভারত। |

| | |
|---|---|
| ১৭. | ড. মোঃ মমিনুল ইসলাম<br>অধ্যাপক, রসায়ন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় |
| ১৮. | ড. মো: গোলাম মোস্তফা<br>অধ্যাপক, মৎস্যবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। |
| ১৯. | ব্রিগেডিয়ার জেনারেল শাহ মোঃ সুলতান উদ্দীন ইকবাল, পিএসসি, পিএইচডি (অবঃ) |
| ২০. | ড. মোহাম্মদ আজমল হোসেন ভূইয়া<br>অধ্যাপক, উদ্ভিৎ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। |
| ২১. | ডাঃ মোঃ বদরুদ্দোজা মিয়া<br>অধ্যাপক, ভূতত্ত্ব বিভাগ<br>আর্থ অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্স অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় |
| ২২. | মোঃ মতিয়ার রহমান (পিএইচ.ডি)<br>সহকারী অধ্যাপক, পরিসংখ্যান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। |
| ২৩. | সুজিত কুমার দেবশর্মা<br>অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর (প্রিন্সিপাল মেট্রলজিস্ট) |
| ২৪. | মোঃ আসাদুজ্জামান<br>সহকারী অধ্যাপক, গণিত বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। |
| ২৫. | অভি রঞ্জন সাহা<br>প্রভাষক, পানি সম্পদ প্রকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)। |
| ২৬. | সাদিয়া মাহমুদ তৃষা, প্রভাষক |

## কর্মকর্তা পরিসংখ্যান

১. মাহ্‌দী হাসান, সেকশন অফিসার, ডিন অফিস, এফইওএস।

# জেনারেল স্টাডিজ অনুষদ

জেনারেল স্টাডিজ অনুষদের একাডেমিক কার্যক্রম ইতোমধ্যে চালু রয়েছে যা বর্তমানে আর্থ অ্যান্ড ওশান সায়েন্সসহ অন্যান্য অনুষদকে শিক্ষা কার্যক্রমে সহায়তা করছে। উক্ত অনুষদের অধীনে ইংরেজি, বাংলা, রসায়ন, পদার্থবিজ্ঞান এবং গণিত বিষয়ে মোট ১০ জন শিক্ষকের নিয়োগ প্রদান করা হয়েছে যারা বিভিন্ন অনুষদের বিভিন্ন বিভাগে সংশ্লিষ্ট কোর্সসমূহে পাঠদান করছে। ভবিষ্যতে উক্ত অনুষদে পর্যায়ক্রমে নিম্নবর্ণিত বিভাগ খোলার পরিকল্পনা রয়েছে:

- ❖ ইংরেজি বিভাগ
- ❖ গণিত বিভাগ
- ❖ পদার্থবিজ্ঞান বিভাগ
- ❖ রসায়ন বিজ্ঞান বিভাগ
- ❖ বায়োক্যামিস্ট্রি বিভাগ
- ❖ সোস্যাল সায়েন্স অ্যান্ড অ্যানথ্রোপলজি বিভাগ
- ❖ ম্যাটেরিয়াল সায়েন্স বিভাগ
- ❖ আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ
- ❖ ইতিহাস বিভাগ

**জেনারেল স্টাডিজ অনুষদ**

১. কমডোর মোঃ নিয়ামুল হাসান, (এল), বিএন, ডিন, এফজিএস

**অনুষদের অধীন বিভাগসমূহের শিক্ষকবৃন্দঃ**

১. কমডোর মোঃ নিয়ামুল হাসান, (এল), বিএন, ডিন, এফজিএস
২. ড. মরিয়ম বেগম, অধ্যাপক (অবঃ) ইংরেজি বিভাগ (চুক্তিভিত্তিক)।
৩. ড. মোহাম্মদ তানজিল হাসান, সহযোগী অধ্যাপক, গণিত বিভাগ।
৪. ড. মোঃ আবুল হোসেন, সহকারী অধ্যাপক, পদার্থবিজ্ঞান বিভাগ।
৫. ড. ফেরদৌসী বেগম, সহকারী অধ্যাপক, রসায়ন বিভাগ।
৬. ড. খন্দকার আতিকুর রহমান, সহকারী অধ্যাপক, ইংরেজি বিভাগ।
৭. রাজু আহম্মেদ, সহকারী অধ্যাপক, ইংরেজি বিভাগ।
৮. ফারহানা আক্তার, সহকারী অধ্যাপক, রসায়ন বিভাগ।
৯. নুসরাত জাহান, সহকারী অধ্যাপক, পদার্থবিজ্ঞান বিভাগ।
১০. স্বর্ণা দত্ত, সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ।

## জেনারেল স্টাডিজ অনুষদের অধীন পরিচালিত ল্যাব সমূহ

জেনারেল স্টাডিজ অনুষদের অধীনে ব্যবহারিক প্রশিক্ষণের জন্য পদার্থ বিজ্ঞান ল্যাব ও রসায়ন ল্যাব বিদ্যমান আছে। এ ল্যাবসমূহে ব্যবহারিক প্রশিক্ষণের সুযোগ সুবিধা ও পরিধি আরও বৃদ্ধির নিমিত্তে ২০২১-২২ অর্থ বছরে বেশ কিছু সংখ্যক ল্যাব যন্ত্রপাতি ক্রয়, স্থাপন ও সংযোজন করা হয়েছে।

# মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি অনুষদ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর প্রথম একাডেমিক প্রোগ্রাম হিসেবে ২০১৫ সালে মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি অনুষদের যাত্রা শুরু হয়। মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি অনুষদের অন্তর্ভূক্ত ০৩টি বিভাগ রয়েছে। বিভাগ ০৩ (তিন) টি নিম্নরূপঃ

(১) মেরিটাইম ল' অ্যান্ড পলিসি বিভাগ
(২) মেরিটাইম সিকিউরিটি অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ বিভাগ
(৩) মেরিটাইম সেফটি অ্যান্ড সিকিউরিটি বিভাগ

এই অনুষদ প্রাথমিকভাবে মেরিটাইম ল' অ্যান্ড পলিসি বিভাগের অন্তর্ভুক্ত এলএলএম ইন মেরিটাইম ল' প্রোগ্রাম শুরু করলেও বর্তমানে এই অনুষদে ০৩ টি বিভাগের মধ্যে ০২টি বিভাগ চলমান রয়েছে। মেরিটাইম ল' অ্যান্ড পলিসি বিভাগের অধীনে ০১টি স্নাতকোত্তর প্রোগ্রাম এলএলএম ইন মেরিটাইম ল' এবং ০১ টি স্নাতক প্রোগ্রাম এলএলবি (অনার্স) ইন মেরিটাইম ল' চলমান রয়েছে। এছাড়াও মেরিটাইম সিকিউরিটি অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ বিভাগের অধীনে ০১ টি স্নাতকোত্তর প্রোগ্রাম মাস্টার ইন মেরিটাইম ডেভেলপমেন্ট অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ চলমান রয়েছে। চলমান প্রোগ্রামসমূহের পাশাপাশি এই অনুষদ বিভিন্ন ধরনের সার্টিফিকেট কোর্সও পরিচালনা করে থাকে:

| সার্টিফিকেট কোর্সসমূহের নাম | |
|---|---|
| 1. | Law of Marine Insurance & Maritime Claims |
| 2. | Humanitarian Law |
| 3. | Dangerous Goods Handling & Transportation |

## Webinar- এর আয়োজন

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এবং Gujrat National Law University এর যৌথ উদ্যোগে ২৩ ডিসেম্বর ২০২১ তারিখে "Regional Legal Framework for Sustainable Ocean Governance in the Bay of Bengal" শীর্ষক একটি Webinar আয়োজন করা হয়। উক্ত Webinar এ Dr. Abdulllah Al Farque, Professor, Department of Law, University of Chittagong, Bangladesh এবং Dr. Md. Asraful Alam, Assistant Professor, Department of Maritime Law and Policy, BSMRMU গবেষণা প্রবন্ধ উপস্থাপন করেন। উক্ত Webinar-এ বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগের শিক্ষকগণ অংশগ্রহণ করেন।

## IST -2022: LL.B (Honors) in Maritime Law প্রোগ্রামের ১ম ও ২য় ব্যাচের শিক্ষার্থীদের ফিল্ড ট্রিপ

ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি এর মেরিটাইম ল' অ্যান্ড পলিসি বিভাগের এলএলবি (অনার্স) ইন মেরিটাইম ল' প্রোগ্রামের ১ম ও ২য় ব্যাচের শিক্ষার্থী এবং শিক্ষকগণ কারিকুলামের অংশ হিসেবে ০২-০৫ জানুয়ারি ২০২২ তারিখে যথাক্রমে কক্সবাজার জিপি, পিপি, জজকোর্ট এবং কক্সবাজারের ঐতিহাসিক দর্শনীয় স্থান পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনের মাধ্যমে শিক্ষার্থীবৃন্দ জজকোর্টের যাবতীয় কার্যক্রম সম্পর্কে সম্যক ব্যবহারিক জ্ঞান লাভ করে।






*অংশগ্রহণকারী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ*

## অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনাল, পানগাঁও পরিদর্শন

ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি এর মাস্টার ইন মেরিটাইম ডেভেলপমেন্ট অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ প্রোগ্রামের ১ম ও ২য় ব্যাচের শিক্ষার্থী এবং শিক্ষকগণ কারিকুলামের অংশ হিসেবে ১৯ মার্চ ২০২২ তারিখে যথাক্রমে অভ্যন্তরীণ কন্টেইনার টার্মিনাল, পানগাঁও পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনের মাধ্যমে শিক্ষার্থীগণ কন্টেইনার টার্মিনালের যাবতীয় কার্যক্রম সম্পর্কে সম্যক ব্যবহারিক জ্ঞান লাভ করে।

## Bangladesh Supreme Court (Admiralty Court), Ramna, Dhaka পরিদর্শন

ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি এর অন্তর্ভূক্ত মেরিটাইম ল' অ্যান্ড পলিসি বিভাগের এলএলএম ইন মেরিটাইম ল' প্রোগ্রামের ৬ষ্ঠ ব্যাচের শিক্ষার্থী এবং শিক্ষকগণ কারিকুলামের অংশ হিসেবে ২১ এপ্রিল ২০২২ তারিখে বাংলাদেশ সুপ্রিম কোর্টের এডমিরালটি ব্রাঞ্চ পরিদর্শন করেন এবং সরাসরি সুপ্রিম কোর্টের বিচারকার্য পরিদর্শন করেন। উক্ত পরিদর্শনের মাধ্যমে শিক্ষার্থীগণ বাংলাদেশ সুপ্রিম কোর্টের এডমিরালটি ব্রাঞ্চ -এর যাবতীয় কার্যক্রম সম্পর্কে বাস্তবিক জ্ঞান অর্জন করে।



*অংশগ্রহণকারী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ*

**বিষয়ভিত্তিক শিক্ষার্থী পরিসংখ্যান**

| অনুষদ | | প্রোগ্রাম | মোট শিক্ষার্থী | ছাত্র | ছাত্রী |
|---|---|---|---|---|---|
| ফ্যাকাল্টি অব মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি | মেরিটাইম ল' অ্যান্ড পলিসি বিভাগ | এলএলএম মেরিটাইম ল'- ৬ষ্ঠ ব্যাচ | ১২ | ০৮ | ০৪ |
| | | এলএলএম মেরিটাইম ল'- ৭ম ব্যাচ | ১১ | ০৭ | ০৪ |
| | | এলএলবি (অনার্স) ইন মেরিটাইম ল'- ১ম ব্যাচ | ৩৬ | ২০ | ১৬ |
| | | এলএলবি (অনার্স) ইন মেরিটাইম ল'- ২য় ব্যাচ | ৩৭ | ২৭ | ১০ |
| | | এলএলবি (অনার্স) ইন মেরিটাইম ল'- ৩য় ব্যাচ | ৩৯ | ২২ | ১৭ |
| | মেরিটাইম সিকিউরিটি অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ বিভাগ | মাস্টার ইন মেরিটাইম ডেভেলপমেন্ট অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ - ১ম ব্যাচ | ০৮ | ০৮ | ০০ |
| | | মাস্টার ইন মেরিটাইম ডেভেলপমেন্ট অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ - ২য় ব্যাচ | ০৩ | ০৩ | ০০ |
| | | মাস্টার ইন মেরিটাইম ডেভেলপমেন্ট অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ - ৩য় ব্যাচ | ০৫ | ০৫ | ০০ |
| সর্বমোট | | | ১৫১ | ১০০ | ৫১ |

**শিক্ষক/কর্মকর্তা পরিসংখ্যান:**
**মেরিটাইম গভর্ন্যান্স অ্যান্ড পলিসি অনুষদ:**

কমডোর ওয়াহিদ হাসান কুতুবুদ্দিন, (এন), এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন (অবঃ), ডিন, এফএমজিপি।

**মেরিটাইম ল' এন্ড পলিসি বিভাগ:**

১. ড. মোঃ ফয়েজ উদ্দিন, অধ্যাপক (চুক্তিভিত্তিক)।
২. লেঃ কমান্ডার শবনম পারভীন স্বপ্না, (ইডিএন), পিএসসি, বিএন, সহকারী অধ্যাপক।
৩. জনাব মোঃ ছাইয়েদুল ইসলাম, সহকারী অধ্যাপক (শিক্ষা ছুটিতে বহিঃবাংলাদেশে অবস্থানরত)।
৪. জনাব মানছুরা আক্তার, সহকারী অধ্যাপক (শিক্ষা ছুটিতে বহিঃবাংলাদেশে অবস্থানরত)।
৫. ড. মোঃ মঞ্জুর হাসান, সহকারী অধ্যাপক (চুক্তিভিত্তিক)।
৬. আ জ ম ওমর ফারুক সিদ্দিকী, প্রভাষক।
৭. জেনিফার নেছা পপি, প্রভাষক (চুক্তিভিত্তিক)।

**মেরিটাইম সিকিউরিটি অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ বিভাগ:**

১. কমডোর ওয়াহিদ হাসান কুতুবুদ্দিন, (এন), এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন (অবঃ), বিভাগীয় প্রধান।
২. কমান্ডার মোহাম্মদ আবুল হাসান, (এইচ-১), পিএসসি, বিএন, সহযোগী অধ্যাপক।
৩. রুবাইয়াত সাইমুম, প্রভাষক।

**কর্মকর্তা:**

১. মাহমুদা মালেক, সেকশন অফিসার, এফএমজিপি।

**কর্মচারী: ০৩ জন**

**খণ্ডকালীন শিক্ষক:**

উক্ত অনুষদের অধীনে খন্ডকালীন শিক্ষকগণের তালিকা নিম্নে প্রদত্ত হলো:

| | |
|---|---|
| ১ | রিয়ার এডমিরাল এম আনোয়ারুল ইসলাম, এনজিপি, এনডিসি, এএফডবিউসি, পিএসসি (অবঃ) অধ্যাপক |
| ২ | কমডোর সানাউল নোমান, (ইডিএন), এনইউপি, পিসিজিএমএস, বিএন (অবঃ) অধ্যাপক, প্রাক্তন ডিন, এফএমজিপি, বিএসএমআরএমইউ |
| ৩ | ব্রিগেডিয়ার জেনারেল মুহাম্মদ আনোয়ারুল ইসলাম, (অবঃ) অধ্যাপক, রেজিস্ট্রার, ইন্ডিপেনডেন্ট ইউনিভার্সিটি |
| ৪ | ড. এন এম গোলাম জাকারিয়া<br>অধ্যাপক, নৌ স্থাপত্য ও নৌ প্রকৌশল বিভাগ, বুয়েট |
| ৫ | মোঃ মাসদার হোসাইন<br>অধ্যাপক, অবসরপ্রাপ্ত জেলা ও দায়রা জজ |
| ৬ | মোঃ লুৎফর রহমান<br>অধ্যাপক, বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ, মেজর জেনারেল মাহমুদুল হাসান ডিগ্রী কলেজ, অনহুলা, টাংগাইল |
| ৭ | মোঃ শিবলী ইসলাম<br>সহকারী অধ্যাপক, আইন বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয় |
| ৮ | শুপ্রভাত পাল<br>সহকারী অধ্যাপক, আইন ও বিচার বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় |
| ৯ | ব্যারিস্টার জুবায়ের আহমেদ ভূঁইয়া<br>সহযোগী অধ্যাপক, এডভোকেট, বাংলাদেশ সুপ্রিম কোর্ট |
| ১০ | ব্যারিস্টার এ. কে. এম রবিউল হাসান<br>সহযোগী অধ্যাপক, এডভোকেট, বাংলাদেশ সুপ্রিম কোর্ট |
| ১১ | ক্যাপ্টেন সামসুল মান্নান, এমবিএ, এমএসসি, এএফএনআই<br>সহকারী অধ্যাপক, মাস্টার মেরিনার এবং গ্রেড-১ মেরিন হারবার পাইলট নটিক্যাল ইনস্ট্রাকটর / প্রভাষক, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম |
| ১২ | এম. আতিকুর রহমান<br>সহকারী অধ্যাপক, এডভোকেট, বাংলাদেশ সুপ্রিম কোর্ট |
| ১৩ | এস এম সাইফুল হক<br>সহকারী অধ্যাপক , এডভোকেট, বাংলাদেশ সুপ্রিম কোর্ট |
| ১৪ | ফারিহা জামান<br>সহকারী অধ্যাপক, এডভোকেট, বাংলাদেশ সুপ্রিম কোর্ট |
| ১৫ | ফাহিমা বারিন<br>সহকারী অধ্যাপক, এডভোকেট, বাংলাদেশ সুপ্রিম কোর্ট |

# শিপিং অ্যাডমিনিস্ট্রেশন অনুষদ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ যে ০২ টি ফ্যাকাল্টি নিয়ে একাডেমিক কার্যক্রম শুরু করে তার মধ্যে ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশন একটি। ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশনের অধীনে নিম্নোক্ত ০৩ টি বিভাগের অনুমোদন রয়েছে:

১. মেরিটাইম সায়েন্স বিভাগ।
২. পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট বিভাগ।
৩. ট্রান্সপোর্টেশন অ্যান্ড লজিস্টিকস্ ম্যানেজমেন্ট বিভাগ।

২০১৫ সালে Master in Port and shipping Management প্রোগ্রাম চালুকরণের মাধ্যমে Port and shipping Management বিভাগটি যাত্রা শুরু করে। এছাড়া মাস্টার্স প্রোগ্রামের পাশাপাশি বর্তমানে এই বিভাগে BBA in Port Management and Logistics নামে ১ টি অনার্স প্রোগ্রাম চলমান রয়েছে। মেরিটাইম সায়েন্স বিভাগে শুধুমাত্র মাস্টার্স প্রোগ্রাম চলমান রয়েছে। উল্লেখ্য, ট্রান্সপোর্টেশন অ্যান্ড লজিস্টিকস্ ম্যানেজমেন্ট বিভাগটি এখনো চালু হয়নি। চলমান প্রোগ্রামসমূহের পাশাপাশি বর্তমানে এই অনুষদ বিভিন্ন ধরনের সেমিনার ও ওয়ার্কশপের আয়োজন করে থাকে।

## একাডেমিক কার্যক্রম

### মাস্টার ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট

ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশন অনুষদের অধীন উল্লিখিত প্রোগ্রামটিতে দুইটি শিক্ষাবর্ষে (২০২০-২০২১ ও ২০২১-২০২২) যথাক্রমে ৬ষ্ঠ ব্যাচ ও ৭ম ব্যাচ দুইটির একাডেমিক কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে ৬ষ্ঠ ব্যাচের ৩য় সেমিস্টার ও ৭ম ব্যাচের ১ম সেমিস্টার চলমান রয়েছে।

### মাস্টার ইন মেরিটাইম সায়েন্স

ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশন অনুষদের অধীন উল্লিখিত এ প্রোগ্রামটিতে দুইটি শিক্ষাবর্ষে (২০২০-২০২১ ও ২০২১-২০২২) যথাক্রমে ৩য় ব্যাচ ও ৪র্থ ব্যাচের একাডেমিক কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে ৩য় ব্যাচের ৩য় সেমিস্টার ও ৪র্থ ব্যাচের ১ম সেমিস্টার চলমান রয়েছে।

### বিবিএ ইন পোর্ট ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিকস্

ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশন অনুষদের অধীন বিবিএ ইন পোর্ট ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিকস্ প্রোগ্রামটিতে বর্তমানে তিনটি শিক্ষাবর্ষে (২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১) যথাক্রমে ১ম ব্যাচ, ২য় ব্যাচ ও ৩য় ব্যাচের একাডেমিক কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে ১ম ব্যাচের ৩য় বর্ষের ২য় সেমিস্টার, ২য় ব্যাচের ২য় বর্ষের ২য় সেমিস্টার ও ৩য় ব্যাচের ১ম বর্ষের ২য় সেমিস্টার চলমান। এছাড়া উক্ত প্রোগ্রামের ৪র্থ ব্যাচে শিক্ষার্থী ভর্তি কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

## গবেষণা কার্যক্রম

মেরিটাইম এক্সিলেন্স এর কেন্দ্র হিসেবে গড়ে তোলার লক্ষ্যে বাংলাদেশ সরকার ২০১৩ সালে এ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করে এবং মেরিটাইম বিষয়ক উচ্চশিক্ষা ও গবেষণার উপর গুরুত্বারোপ করে। এপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও শিক্ষকবৃন্দ মেরিটাইম সংশ্লিষ্ট বিষয়ে বিভিন্ন সময়ে অনুসন্ধান ও গবেষণা কার্যক্রম পরিচালনা করে আসছে। এরই ধারাবাহিকতায় মাতারবাড়ি গভীর সমুদ্রবন্দরকে মালামাল পরিবহনের জন্য মডেল চয়েস হিসেবে কীভাবে গড়ে তোলা যায়, সে বিষয়ে "Developing a Transport Mode Choice Model for Matarbari Freight Transportation" শীর্ষক একটি গবেষণা প্রকল্প পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট বিভাগের সহযোগী অধ্যাপক কমান্ডার মোঃ দুরুল হুদা পরিচালনা করছেন এবং বাংলাদেশের জাহাজ মালিকদের প্রেক্ষাপটে IMO সালফার ক্যাপ-২০২০ মোকাবেলার চ্যালেঞ্জ এবং উত্তরণের উপায় বিষয়ক একটি "Challenges and Strategies to address the IMO Sulphur Cap 2020: Perspective from Bangladesh Ship Owners" শিরোনামীয় গবেষণা প্রকল্প মেরিটাইম সায়েন্স বিভাগের সহকারী অধ্যাপক ক্যাপ্টেন আরিফ মাহমুদ পরিচালনা করছেন।

## সেমিনার/ওয়ার্কশপ



*সেমিনারে উপস্থিত কর্মকর্তা, শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ*

ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশন, বিএসএমআরএমইউ এর উদ্যোগে ০২ জানুয়ারি ২০২২ তারিখ "Maritime Economics and Logistics: Recent Trends, Education And Research" বিষয়ে একটি ওয়ার্কশপের আয়োজন করা হয়। উক্ত ওয়ার্কশপের রিসোর্স পারসন হিসেবে উপস্থিত ছিলেন Dr. Ziaul Haque Munim, Associate professor, Department of Maritime operations, University of South-Eastern Norway. উক্ত ওয়ার্কশপে উপস্থিত ছিলেন ফ্যাকাল্টি অব শিপিং অ্যাডমিনিস্ট্রেশন- এর ডিন কমডোর মোহাম্মদ সাজেদুল করিম, (ই), পিএসসি, বিএন। আয়োজিত এ ওয়ার্কশপটি পরিচালনা করেন মোহাম্মদ মুজাহেদ হোসেন চৌধুরী, সহকারী অধ্যাপক, পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট বিভাগ। বর্ণিত ওয়ার্কশপে পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট বিভাগের শিক্ষার্থীবৃন্দসহ আগ্রহী সংশিষ্ট শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

## অভ্যন্তরীণ শিক্ষা সফর (IST)-২১-২২

### অভ্যন্তরীণ শিক্ষা সফর - মাস্টার্স প্রোগ্রাম



*অভ্যন্তরীণ শিক্ষা সফর (IST)-২০২২- এ অংশগ্রহণকারী মাস্টার্স প্রোগ্রামের শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ*

মেরিটাইম সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের কার্যক্রমের সাথে পরিচিতির লক্ষ্যে মাস্টার ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট প্রোগ্রামের ৬ষ্ঠ ব্যাচ (শিক্ষাবর্ষ ২০২০-২১) এর ১৮ জন ও মাস্টার ইন মেরিটাইম সায়েন্স প্রোগ্রামের ৩য় ব্যাচ (শিক্ষাবর্ষ ২০২০-২১) এর ১৯ জন শিক্ষার্থীসহ সংশিষ্ট শিক্ষকবৃন্দের সমন্বয়ে ২৮ মার্চ ২০২২ তারিখে একটি অভ্যন্তরীণ শিক্ষা সফর আয়োজন করা হয়। উক্ত শিক্ষা সফর ক্যাপ্টেন কাজী আলী ইমাম, বিভাগীয় প্রধান, পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট এর নেতৃত্বে শ্রেণি শিক্ষকবৃন্দের তত্ত্বাবধানে সম্পন্ন হয়। উক্ত শিক্ষা সফরে সফরকারী দল বিআইডব্লিউটিএ ভবন, মতিঝিল ও পানগাঁও অভ্যন্তরীণ কনটেইনার টার্মিনাল, নারায়ণগঞ্জ পরিদর্শন করেন।

## অভ্যন্তরীণ শিক্ষা সফর - অনার্স প্রোগ্রাম

মেরিটাইম সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান সম্পর্কে সম্যক ধারণা অর্জনের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের বিবিএ ইন পোর্ট ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিকস্ প্রোগ্রামের ১ম ব্যাচ (শিক্ষাবর্ষ ২০১৮-২০১৯) এর ৩৪ জন ও ২য় ব্যাচ (শিক্ষাবর্ষ ২০১৯-২০২০) এর ৩২ জনসহ মোট ৬৬ জন শিক্ষার্থী, শিক্ষকবৃন্দের সমন্বয়ে ২৭-৩০ ডিসেম্বর ২০২১ তারিখে একটি অভ্যন্তরীণ শিক্ষা সফর আয়োজন করা হয়। উক্ত শিক্ষা সফর ক্যাপ্টেন কাজী আলী ইমাম, বিভাগীয় প্রধান, পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট এর নেতৃত্বে শ্রেণি শিক্ষকবৃন্দের তত্ত্বাবধানে সম্পন্ন হয়। শিক্ষা সফরে সফরকারী দল চট্টগ্রাম বন্দর, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রামসহ অন্যান্য গুরুত্বপূর্ণ মেরিটাইম সেক্টর পরিদর্শন করেন।

অভ্যন্তরীণ শিক্ষাসফর শিক্ষার্থীদের মাঝে দেশের সামগ্রিক অর্থনীতিতে মেরিটাইম সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের সার্বিক অবদান সম্পর্কে জ্ঞান লাভের সুযোগ সৃষ্টি করবে বলে আশা করা যায়।




*অভ্যন্তরীণ শিক্ষা সফর (IST)-২০২১- এ অংশগ্রহণকারী অনার্স প্রোগ্রামের শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ*

**শিক্ষক/কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থী পরিসংখ্যান**

মোহাম্মদ সাজেদুল করিম, (ই), পিএসসি, বিএন, ডিন

**পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট বিভাগের শিক্ষকবৃন্দ:**

১. ক্যাপ্টেন কাজী আলী ইমাম, অধ্যাপক (চুক্তিভিত্তিক)
২. কমান্ডার সেরেনিয়াবাত এহসান মহিউদ্দিন, সহযোগী অধ্যাপক
৩. কমান্ডার এম দুরুল হুদা, সহযোগী অধ্যাপক
৪. হালিমা বেগম, সহযোগী অধ্যাপক (চুক্তি ভিত্তিক)
৫. খন্দকার রাসেল হাসান, সহকারী অধ্যাপক, (শিক্ষা ছুটিতে বহিঃবিশ্বে অবস্থানরত)
৬. মোহাম্মদ মুজাহেদ হোসেন চৌধুরী, সহকারী অধ্যাপক
৭. সুনন্দা মজুমদার, প্রভাষক
৮. মোঃ মোস্তফা আজিজ শাহীন, প্রভাষক
৯. সহিদা আক্তার, প্রভাষক

**মেরিটাইম সায়েন্স বিভাগের শিক্ষকবৃন্দ:**

১. মোঃ আরিফ মাহমুদ, সহকারী অধ্যাপক
২. দেওয়ান মাজহারুল ইসলাম, সহকারী অধ্যাপক
৩. নাজমুস সাকিব, প্রভাষক

**খণ্ডকালীন শিক্ষকবৃন্দঃ**

১. রিয়ার এডমিরাল আনোয়ারুল ইসলাম, এনজিপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন, (অব:) ।

২. কবিরুল হক চৌধুরী, অধ্যাপক (অবঃ), নৌ স্থাপত্য ও মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগ, বুয়েট ।

৩. আবু হেলাল মোঃ আব্দুল বাকী, অধ্যাপক (অবঃ), ভূগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

৪. ড. মোঃ মশিউর রহমান, অধ্যাপক, নৌ স্থাপত্য ও মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগ, বুয়েট।

৫. আহমেদুল করিম চৌধুরী, টার্মিনাল ম্যানেজার, কেআইসিডি।

৬. মোঃ আসাদুজ্জামান, সহযোগী অধ্যাপক ও প্রধান, আইন ও মানবাধিকার বিভাগ এশিয়া প্যাসিফিক বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৭. ড. মোঃ মেসবাহ উদ্দিন, সহযোগী অধ্যাপক, ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

৮. শাহিনা আক্তার, সহকারী অধ্যাপক, গণিত বিভাগ, ইউআইটিএস।

৯. সাইফুল ইসলাম, সমাজবিজ্ঞানে বিএসএস এবং এমএসএস, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী।

**কর্মকর্তা পরিসংখ্যান**

১. মাহমুদা বেগম, সেকশন অফিসার, এফএসএ।

**কর্মচারী পরিসংখ্যান- ০৬ জন**

**বিষয়ভিত্তিক শিক্ষার্থী পরিসংখ্যান**

| অনুষদ | প্রোগাম | ব্যাচ ও সেশন | মোট শিক্ষার্থী | ছাত্র | ছাত্রী |
|---|---|---|---|---|---|
| ফ্যাকাল্টি অব শিপিং এডমিনিস্ট্রেশন | মাস্টার ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট | ৭ম ব্যাচ (২০২১-২০২২) | ১৪ | ১৪ | ০০ |
| | | ৬ষ্ঠ ব্যাচ (২০২০-২০২১) | ২৯ | ২৭ | ০২ |
| | মাস্টার ইন মেরিটাইম সায়েন্স | ৪র্থ ব্যাচ (২০২১-২০২২) | ০৮ | ০৭ | ০১ |
| | | ৩য় ব্যাচ (২০২০-২০২১) | ১৯ | ১৬ | ০৩ |
| | বিবিএ ইন পোর্ট ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিকস্ | ১ম ব্যাচ (২০১৮-২০১৯) | ৩৪ | ২৪ | ১০ |
| | | ২য় ব্যাচ (২০১৯-২০২০) | ৩২ | ২২ | ১০ |
| | | ৩য় ব্যাচ (২০২০-২০২১) | ৩৯ | ২৪ | ১৫ |
| | ব্যাচেলর অব মেরিটাইম স্টাডিজ | ২য় ব্যাচ (২০২০-২০২১) | ১৮ | ১৮ | ০০ |
| | | মোট = | ১৯৩ | ১৫২ | ৪১ |

## অধিভূক্ত প্রতিষ্ঠানের কার্যক্রম

মেরিটাইম সংশ্লিষ্ট শিক্ষা কার্যক্রমের সাথে সম্পৃক্ত বিভিন্ন সরকারি/বেসকারি ইনস্টিটিউট/প্রতিষ্ঠানের এ বিশ্ববিদ্যালয়ের অধীনে অধিভূক্তির প্রক্রিয়া চলমান। ইতোমধ্যে বাংলাদেশ মেরিন একাডেমি ও বাংলাদেশ মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম এবং ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি, গাজীপুর অত্র বিশ্ববিদ্যালয়ের অধীনে অধিভূক্ত (Affiliated)। বর্তমানে বাংলাদেশ মেরিন একাডেমি-রংপুর, পাবনা, সিলেট ও বরিশাল অত্র বিশ্ববিদ্যালয়ের অধীনে অধিভূক্তি ৩১তম সিন্ডিকেট সভায় অনুমোদিত হয়েছে। মানসম্মত মেরিটাইম বিষয়ক উচ্চ শিক্ষা ও আন্তর্জাতিক শিক্ষা ব্যবস্থার সাথে তাল মিলিয়ে সুশিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে অধিভূক্ত প্রতিষ্ঠানসমূহের (বাংলাদেশ মেরিন একাডেমি-রংপুর, পাবনা, সিলেট ও বরিশাল) পাঠ্যক্রম (Curriculum) হালনাগাদ (Update) কার্যক্রম চলমান, যা একাডেমিক কাউন্সিলের ৩৫ সভায় উপস্থাপন করা হয়।

## অনলাইন মাস্টার্স প্রোগ্রাম চালুকরণ

মাস্টার্স প্রোগ্রামের ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীগণের অধিকাংশই বিভিন্ন পেশার সাথে জড়িত ও চাকুরিজীবী। এ কারণে এ বিশ্ববিদ্যালয়ের ক্লাসের সময়সূচি অনুযায়ী অধিকাংশ ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীর ইচ্ছে থাকা সত্ত্বেও ভর্তি হতে পারে না। এছাড়া বিশ্ববিদ্যালয়ের অধিভূক্ত প্রতিষ্ঠান বাংলাদেশ মেরিন একাডেমি ও মেরিন ফিশারিজ একাডেমির বেশির ভাগ শিক্ষার্থী এ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন মাস্টার্স প্রোগ্রামে ভর্তি হয়ে থাকেন, যাদের অধিকাংশই বিভিন্ন মেরিটাইম সেক্টরে কর্মরত থাকেন। এতদ্ব্যতীত বিভিন্ন মেরিটাইম সেক্টরের পাশাপাশি বাংলাদেশ নৌবাহিনীর কর্মকর্তাগণও মাস্টার্স কোর্স সম্পন্ন করার ইচ্ছা পোষণ করেন। এক্ষেত্রে তারা স্বশরীরে উপস্থিত থেকে নিয়মিত মাস্টার্স প্রোগ্রামে যোগদান করতে পারেন না। এপ্রেক্ষিতে ডিজিটাল বাংলাদেশের রূপরেখা বাস্তবায়নের লক্ষ্যে একটি বিশেষ অনলাইন মাস্টার্স প্রোগ্রাম এ বিশ্ববিদ্যালয়ে চালু করার প্রয়োজনীয়তা রয়েছে। সার্বিক বিষয়ে বিস্তারিত পর্যালোচনান্তে ইতোমধ্যে "Master in Port and Shipping Management (MPSM)" বিষয়ে একটি অনলাইন মাস্টার্স প্রোগ্রাম চালুর বিষয়ে একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে। অতি শীঘ্রই উক্ত প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তি কার্যক্রম আরম্ভ হবে বলে আশা করা যায়।

## IAPH এর Associate Membership গ্রহণ

International Association of Ports and Harbors (IAPH) হল একটি বিশ্বব্যাপী বন্দর ফোরাম এবং শিল্প সহযোগিতা সংস্থা, যা মূলত বন্দরের উন্নতি এবং বন্দর ব্যবহারকারীদের সুবিধার জন্য প্রতিষ্ঠিত। এছাড়া বিভিন্ন প্রতিষ্ঠানের মধ্যে পারস্পরিক তথ্য আদান-প্রদান, প্রচার-প্রচারণা, যোগাযোগ, কথোপকথন, বিভিন্ন সমস্যা সমাধান এবং সমঝোতার একটি শক্তিশালী মাধ্যম। পাশাপাশি IAPH এর কিছু সহযোগী প্রতিষ্ঠান প্রশিক্ষণ এবং শিক্ষা কর্মসূচির ব্যবস্থা করে থাকে। সার্বিক বিবেচনায় বিশ্ববিদ্যালয় তথা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষর্থীগণ এ সংক্রান্ত বিভিন্ন Authentic Information পাওয়ার সুবিধার্থে BSMRMU ১৩ এপ্রিল ২০২২ তারিখ IAPH এর Associate Membership গ্রহণ করেছে। এপ্রেক্ষিতে, IAPH প্রদত্ত User ID ও Password সকলের জন্য উন্মুক্ত করা হয়েছে।

# মেরিটাইম বিজনেস স্টাডিজ অনুষদ

পৃথিবীর সমুদ্র এলাকা মানব সভ্যতার কাছে একটি অনাবিষ্কৃত সীমান্ত অঞ্চল। এ প্রেক্ষিতে সমুদ্র ব্যবসা, সমুদ্র অর্থনীতি, সমুদ্র সম্পদ আহরণ, বণ্টন, ব্যবস্থাপনা, সমুদ্র কেন্দ্রিক পর্যটন, পণ্য পরিবহন ইত্যাদি বিষয়ে শিক্ষাদান, গবেষণা ও দক্ষ জনবল তৈরির নিমিত্তে এফএমবিএস অঙ্গীকারাবদ্ধ। সমুদ্রের বিশাল জলরাশি ও এর তলদেশের বিভিন্ন সম্পদকে কাজে লাগিয়ে দক্ষ জনবল তৈরির মাধ্যমে সুনীল অর্থনীতির বিকাশে অবদান রাখাই ফ্যাকাল্টি অব মেরিটাইম বিজনেস স্টাডিজ এর লক্ষ্য ও উদ্দেশ্য।

**২০২১-২০২২ একাডেমিক শিক্ষাবর্ষে এই অনুষদের কর্মকাণ্ডঃ**

### ‘A preliminary Study to Develop a Phased Approach for Maritime Tourism Development in Bangladesh’ শীর্ষক ওয়ার্কশপ




*অধ্যাপক ড. সৈয়দ রাশিদুল হাসান, বিভাগীয় প্রধান, মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ*

ফ্যাকাল্টি অব মেরিটাইম বিজনেস স্টাডিজ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি কর্তৃক ২০ এপ্রিল ২০২২ তারিখে বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়ামে একটি ওয়ার্কশপের আয়োজন করা হয়। উক্ত ওয়ার্কশপে মাননীয় উপাচার্য মহোদয় রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, এনডিসি, বিএসপি, এনডিসি, পিএসসি, বিএন (অবঃ) প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

কমডোর মোঃ নিয়ামুল হাসান, (এল), বিএন, ডিন, ফ্যাকাল্টি অব মেরিটাইম বিজনেস স্টাডিজ উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অধ্যাপক ড. সৈয়দ রাশিদুল হাসান, বিভাগীয় প্রধান, মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ উক্ত ওয়ার্কশপের রিসোর্স পারসন হিসেবে ওয়ার্কশপ পরিচালনা করেন। MPSM-6 & 7, MTHM-2 & 3 এর শিক্ষার্থী এবং সংশ্লিষ্ট শিক্ষকবৃন্দ ওয়ার্কশপে উপস্থিত ছিলেন।



*রেহনুমা সালাম খান, ডেপুটি ডাইরেক্টর, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড*

উক্ত ওয়ার্কশপে জনাব এম আনোয়ারুল হক, মহাসচিব, সেইভ আওয়ার সি’স; মোহাম্মদ সাইফুল হাসান, উপ-পরিচালক, পরিকল্পনা ও গবেষণা (উপ-সচিব), বাংলাদেশ ট্যুরিজম বোর্ড; মহিউদ্দিন হেলাল, চেয়ারম্যান, ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি স্কিলস কাউন্সিল; ড. মোঃ নিয়ামুল নাসের, অধ্যাপক ও চেয়ারম্যান ভূতত্ত্ব বিভাগ, ফ্যাকাল্টি অব বায়োলজিক্যাল সায়েন্স, ঢাকা বিশ্ববিদ্যালয়; ড. কে এম আজম চৌধুরী, চেয়ারম্যান ওশানোগ্রাফি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়; রেহনুমা সালাম খান, ডেপুটি ডাইরেক্টর, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড এবং ইব্রাহিম খলিল, পুলিশ সুপারিনটেনডেন্ট, লিগাল অ্যান্ড মিডিয়া আমন্ত্রিত অতিথি হিসেবে বর্ণিত ওয়ার্কশপে উপস্থিত ছিলেন।

### ‘Impact of COVID-19 on Tourism Industry of Bangladesh: way forward and strategies for new-normal situation’ শীর্ষক সেমিনার

ফ্যাকাল্টি অব মেরিটাইম বিজনেস স্টাডিজ, বিএসএমআরএমইউ এর উদ্যোগে ২৩ মে ২০২২ তারিখ ‘Impact of COVID-19 on Tourism Industry of Bangladesh: way forward and strategies for new-normal situation’ শীর্ষক একটি সেমিনার



*সেমিনারে প্রেজেন্টেশন প্রদান করছেন মোঃ সাইফুল ইসলাম, সহকারী অধ্যাপক*

আয়োজন করা হয়। এ সেমিনারে কমডোর এ কে এম মারুফ হাসান, (এস), এনইউপি, বিসিজিএমএস,পিএসসি, বিএন, ট্রেজারার ও উপাচার্য (অতিরিক্ত দায়িত্ব), বিএসএমআরএমইউ প্রধান অতিথির আসন অলংকৃত করেন এবং কমডোর শেখ ফিরোজ আহমেদ, (এইচ), এনজিপি, পিএসসি, বিএন, রেজিস্ট্রার, বিএসএমআরএমইউ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

সেমিনারে দুইটি মূল প্রবন্ধ উপস্থাপন করা হয়। প্রথম মূল প্রবন্ধ উপস্থাপক হিসেবে অধ্যাপক ড. সৈয়দ রাশিদুল হাসান, বিভাগীয় প্রধান, মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ ও মোঃ সাইফুল ইসলাম, সহকারী অধ্যাপক, মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ বক্তব্য রাখেন। দ্বিতীয় মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. কামরুল হাসান, সহযোগী অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়। ফ্যাকাল্টি অব মেরিটাইম বিজনেস স্টাডিজ এর ডিন, কমডোর মোঃ নিয়ামুল হাসান, (এল), বিএন উক্ত সেমিনারটি পরিচালনা করেন।

উল্লিখিত সেমিনারে এমবিএ ইন মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট প্রোগ্রামের ২য় ও ৩য়, মাস্টার্স ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট প্রোগ্রামের ৬ষ্ঠ ও ৭ম ব্যাচ এবং মাস্টার্স ইন কোস্টাল অ্যান্ড রিভার ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের ২য় ব্যাচের সকল শিক্ষার্থী অংশগ্রহণ করেন। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শিক্ষক ও কর্মকর্তাগণ সেমিনারে উপস্থিত ছিলেন।





*আয়োজিত সেমিনারে অংশগ্রহণকারী শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ*

## অভ্যন্তরীণ শিক্ষা সফর (IST) - ২০২২

মেরিটাইম সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কার্যক্রমের সাথে পরিচিতির লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের চলমান শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে ০৮ জুন ২০২২ তারিখে ফ্যাকাল্টি অব মেরিটাইম বিজনেস স্টাডিজ (এফএমবিএস) কর্তৃক আয়োজিত Internal Study Tour এ এমবিএ ইন মেরিটাইম বিজনেস ৪র্থ ও ৫ম ব্যাচের ১৫ শিক্ষার্থীসহ শিক্ষক, কর্মকর্তাদের সমন্বয়ে সফরকারী একটি দল বাংলাদেশ ইনল্যান্ড ওয়াটার ট্রান্সপোর্ট অথরিটি, মতিঝিল, ঢাকা ভ্রমণ করেন।

ফ্যাকাল্টি অব মেরিটাইম বিজনেস স্টাডিজ এর ডিন কমডোর মোঃ নিয়ামুল হাসান, (এল), বিএন উক্ত শিক্ষা সফরের নেতৃত্ব প্রদান করেন। সফরকালীন সময়ে শিক্ষার্থীগণ বাংলাদেশ ইনল্যান্ড ওয়াটার ট্রান্সপোর্ট অথরিটি, মতিঝিল, ঢাকা পরিদর্শন করেন এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে মত বিনিময় করেন। পাশাপাশি সফরকারী দল বিভিন্ন ঐতিহাসিক স্থান পরিদর্শন করেন। BIWTA - ঐতিহাসিক স্থান পরিদর্শন, শিক্ষার্থীদের বাস্তব জ্ঞান ও দক্ষতা বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে এবং প্রতিষ্ঠানের অগ্রগতিতেও সুদূরপ্রসারী ভূমিকা রাখবে বলে আশা করা যায়।



শিক্ষা সফরে অংশগ্রহণকারী শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ



শিক্ষা সফরে অংশগ্রহণকারী শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ

## একাডেমিক কার্যক্রম

### এমবিএ ইন মেরিটাইম বিজনেস

ফ্যাকাল্টি অব মেরিটাইম বিজনেস স্টাডিজ অনুষদের অধীন এ প্রোগ্রামের ২০২১-২০২২ শিক্ষাবর্ষে বর্তমানে ৪র্থ ও ৫ম ব্যাচসহ মোট ২টি ব্যাচের একাডেমিক কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে ৪র্থ ব্যাচের ৩য় এবং ৫ম ব্যাচের ১ম সেমিস্টারের পাঠদান চলমান রয়েছে।

### এমবিএ ইন মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট

ফ্যাকাল্টি অব মেরিটাইম বিজনেস স্টাডিজ অনুষদের অধীন এ প্রোগ্রামের ২০২১-২০২২ শিক্ষাবর্ষে বর্তমানে ২য় ও ৩য় ব্যাচের একাডেমিক কার্যক্রম চলমান। বর্তমানে ২য় ব্যাচের ৩য় এবং ৩য় ব্যাচের ১ম সেমিস্টারের পাঠদান চলমান রয়েছে।

**কর্মকর্তা, শিক্ষক, কর্মচারী ও শিক্ষার্থী পরিসংখ্যান**

কমডোর মোঃ নিয়ামুল হাসান, (এল), বিএন, ডিন, এফএমবিএস

**ব্যবস্থাপনা বিভাগের শিক্ষকবৃন্দঃ**

১. ওয়াহিদুল শেখ, সহকারী অধ্যাপক
২. মোহাম্মদ মমতাজুল হক আজাদ, সহকারী অধ্যাপক
৩. আরিফুল ইসলাম, সহকারী অধ্যাপক
৪. হাসিবুল ইসলাম, প্রভাষক

**মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের শিক্ষকবৃন্দঃ**

১. অধ্যাপক ড. সৈয়দ রাশিদুল হাসান, বিভাগীয় প্রধান
২. মোঃ সাইফুল ইসলাম, সহকারী অধ্যাপক
৩. নোরা ইসলাম, প্রভাষক

**একাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের শিক্ষকবৃন্দঃ**

১. এমরানুল হক, প্রভাষক
২. শাহনাজ আক্তার, প্রভাষক

| অনুষদ | বিভাগ | প্রোগ্রাম | ব্যাচ ও শিক্ষাবর্ষ | মোট শিক্ষার্থী | ছাত্র | ছাত্রী |
|---|---|---|---|---|---|---|
| ফ্যাকাল্টি অব মেরিটাইম বিজনেস স্টাডিজ | ব্যবস্থাপনা বিভাগ | এমবিএ ইন মেরিটাইম বিজনেস | ৫ম ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০২০-২০২১) | ১১ | ০৯ | ০২ |
| | | | ৪র্থ ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০২০-২০২১) | ০৬ | ০৫ | ০১ |
| | মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ | এমবিএ ইন মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট | ৩য় ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০২১-২০২২) | ০৪ | ০৪ | ০০ |
| | | | ২য় ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০২০-২০২১) | ০৪ | ০৪ | ০০ |

**কর্মকর্তা:**

১. মোঃ জায়েদুল কবির জাহিদ, সেকশন অফিসার, এফএমবিএস।

**কর্মচারী: ০৩ জন**

**বিষয়ভিত্তিক শিক্ষার্থী পরিসংখ্যান।**

**খণ্ডকালীন শিক্ষকগণের পরিসংখ্যান:**

১. মোঃ আসাদুজ্জামান, সহযোগী অধ্যাপক, এশিয়া প্যাসিফিক ইউনিভার্সিটি, ঢাকা

২. মোহাম্মদ সাইফুল হাসান, উপ পরিচালক, রিসার্স অ্যান্ড প্ল্যানিং, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, ঢাকা

৩. ড. আবুল বাশার, সহকারী অধ্যাপক, ইনডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি, ঢাকা

৪. ড. মোঃ আনোয়ার হোসেন ভূইয়া, সহকারী অধ্যাপক, বিজনেস স্টাডিজ গ্রুপ, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর

# ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদ

সমুদ্রজয়ের অভাবনীয় সাফল্যের পর সমুদ্র সম্পদ আহরণের প্রয়োজনীয়তা অনুধাবন করে এ সুযোগকে কাজে লাগানোর নিমিত্তে শিক্ষার্থীদের উন্নত প্রযুক্তির সঙ্গে পরিচয় ঘটিয়ে দেশ ও জাতির কল্যাণে দক্ষ প্রকৌশলী ও গবেষক গড়ে তোলার লক্ষ্যে ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদ ২০১৮ সালে যাত্রা শুরু করে। ০৭ জানুয়ারি ২০১৮ সালে এ অনুষদের অধীনে বিএসসি ইন নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের ১ম ব্যাচের ৩০ জন শিক্ষার্থীদের বরণ করে শিক্ষা কার্যক্রম শুরু করা হয়। বর্তমানে এ প্রোগ্রামের অধীনে ০৪ (চার) টি ব্যাচের শিক্ষার্থীরা শিক্ষা গ্রহণ করছে।

### একাডেমিক কার্যক্রম

বর্তমানে এ অনুষদের অধীন বিএসসি ইন নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের ১ম, ২য়, ৩য় ও ৪র্থ ব্যাচের শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া এমএসসি ইন কোস্টাল অ্যান্ড রিভার ইঞ্জিনিয়ারিং বিভাগের ১ম ও ২য় ব্যাচের শ্রেণি কার্যক্রম চলমান রয়েছে।

### উন্নয়ন কার্যক্রম

ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজির অধীনে Marine Hydrodynamics Lab এর জন্য ০২টি Hydraulic Bench ক্রয় করা হয়।

## সভা-সেমিনার/কর্মশালা

### লেকচার সেশন "How to Improve Presentation Skill"




*লেকচার সেশনে অতিথি বক্তাকে বই উপহার দিচ্ছেন ডিন (এফইটি) মহোদয়*

২০ মার্চ ২০২২ তারিখে ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজির অধীন নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং প্রোগ্রাম কর্তৃক শিক্ষার্থীদের প্রেজেন্টেশনের অধিকতর জ্ঞানার্জন এবং অভিজ্ঞতা বৃদ্ধির নিমিত্তে "How to Improve Presentation Skill" শীর্ষক লেকচার সেশনের আয়োজন করা হয়। উক্ত লেকচার সেশনে এডভোকেট আল মামুন রাসেল, চেয়ারম্যান, বাংলাদেশ ডিবেট এসোসিয়েশন হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়াও সংশ্লিষ্ট অনুষদের শিক্ষক, কর্মকর্তা, শিক্ষার্থীসহ গণ্যমান্য ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেন।

### লেকচার সেশন "Role of Engineer's in the Society"

১৩ এপ্রিল ২০২২ তারিখে ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজির অধীন নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং প্রোগ্রাম কর্তৃক শিক্ষার্থীদের অধিকতর জ্ঞানার্জন এবং অভিজ্ঞতা বৃদ্ধির নিমিত্তে ১৩ এপ্রিল ২০২২ তারিখে "Role of Engineer's in the Society" শীর্ষক লেকচার সেশনের আয়োজন করা হয়। উক্ত লেকচার সেশনে অধ্যাপক ড. মোহাম্মদ রফিকুল ইসলাম, উপাচার্য, ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি, গাজিপুর Guest Speaker হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়াও সংশ্লিষ্ট অনুষদের শিক্ষক, কর্মকর্তা, শিক্ষার্থীসহ গণ্যমান্য ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেন।

### "The Role of Classification Society in Bangladesh for the Construction and Supervision of new building foreign and local trading vessels" শীর্ষক সেমিনার



*সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করছেন Capt. S S I Khan.*

বিশ্ববিদ্যালয়ের চলমান শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে ২৬ জুন ২০২২ তারিখে 'মেরিটাইম বিষয়ক স্কলার্স ও রিসোর্স পারসনের সমন্বয়ে ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি কর্তৃক "The Role of Classification Society in Bangladesh for the Construction and Supervision of new building foreign and local trading vessels" শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. আব্দুলাহেল বারী, চেয়ারম্যান, আনন্দ শিপইয়ার্ড অ্যান্ড শিপ্ওয়েজ লিমিটেড অনুষ্ঠানে নিম্নবর্ণিত বিশেষজ্ঞগণ প্রবন্ধ উপস্থাপন করেন:

(1) Md. Jahidul Kamal, CEng, CMarEng, FIMarEST, Senior Surveyor and In-charge, Marine and Offshore, Lioyd's Register Bangladesh Pvt. Ltd

(2) Capt. S S I Khan (E), BCGMS, PSC, BN (Retd.), Director Production, Radiant Shipyard Limited

এছাড়াও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, শিক্ষার্থীসহ গণ্যমান্য বিশেষজ্ঞ ও ব্যক্তিবর্গ সেমিনারে অংশগ্রহণ করেন।

## অভ্যন্তরীণ শিক্ষা সফর

COCR 2200: Co-Curricular কোর্সের অধীনে বিএসসি ইন নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের ২য় ব্যাচের ৩৬ জন শিক্ষার্থীসহ, শিক্ষক এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে ২৫-২৬ মার্চ ২০২২ তারিখে কক্সবাজারে একটি অভ্যন্তরীণ শিক্ষা সফর



*বিএন ডকইয়ার্ড পরিদর্শন*

আয়োজন করা হয়। এ শিক্ষা সফরে কমডোর মোঃ মুনীর হাসান, (অবঃ), বিএন Distinguished Expert, NAOE নেতৃত্ব প্রদান করেন। সফরকারী দলটি হিমছড়ি হিল এবং ঝর্ণা, লাবনী পয়েন্ট, মেরিন ড্রাইভ, ইনানী পয়েন্ট, রামু টেম্পল, রামু হিল এবং রাবার বাগান পরিদর্শন করেন। পরিদর্শনে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের বাস্তব জ্ঞান ও দক্ষতা বিকাশে আয়োজিত শিক্ষাসফর সুদূরপ্রসারী ভূমিকা পালন করবে বলে আশা করা যায়।



*চট্টগ্রাম পোর্ট পরিদর্শন*

পাঠ্যক্রমের অংশ হিসেবে ২৯ মে ২০২২ - ০১ এপ্রিল ২০২২ তারিখ কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, এফডিসি, পিএসসি, বিএন (অবঃ), ডিন, ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি এর নেতৃত্বে নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের ১ম ব্যাচ এর শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তাসহ ৩১ সদস্যের একটি দল শিক্ষা সফরে চট্টগ্রাম গমন করেন। উক্ত শিক্ষা সফরে সংশ্লিষ্ট শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীগণ চট্টগ্রাম পোর্ট অথরিটি, বিএন ডকইয়ার্ড, বিএন এফডি সুন্দরবন, ওয়েস্ট পয়েন্ট, বিএনএ, চট্টগ্রাম ড্রাই ডক লিমিটেড, বাংলাদেশ শিপিং কর্পোরেশন পরিদর্শন করেন এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে মতবিনিময় করেন। মেরিটাইম সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠান পরিদর্শনে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের বাস্তব জ্ঞান ও দক্ষতা বিকাশে আয়োজিত শিক্ষাসফর সুদূরপ্রসারী ভূমিকা পালন করবে বলে আশা করা যায়।

## ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্ট

পাঠ্যক্রমের অংশ হিসেবে ১৪ নভেম্বর ২০২১ - ০২ ডিসেম্বর ২০২১ তারিখ পর্যন্ত B.Sc in Naval Architecture and Offshore Engineering প্রোগ্রামের

শিক্ষার্থীদেরকে মেরিটাইম সেক্টরে দক্ষ ও পেশাদার করে তৈরি করার নিমিত্তে ডকইয়ার্ড অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস লিমিটেড, নারায়ণগঞ্জ Industrial Attachment এর আয়োজন করা হয়।

## শিক্ষকবৃন্দের পরিসংখ্যান

১। কমডোর এম জিয়াউদ্দিন আলমগীর, এনজিপি, এফডিসি, পিএসসি, (অবঃ) বিএন, ডিন ও বিভাগীয় প্রধান, হারবার অ্যান্ড রিভার ইঞ্জিনিয়ারিং (চুক্তিভিত্তিক)।

২। ড. মোঃ সাদিকুল বারী, অধ্যাপক ও বিভাগীয় প্রধান, নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং বিভাগ, (চুক্তিভিত্তিক)।

৩। কমডোর মোঃ মুনীর হাসান, বিএন (অবঃ), Distinguished Expert, নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং (চুক্তিভিত্তিক)।

৪। মোঃ সাঈদী হাসান, সহকারী অধ্যাপক, নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং বিভাগ (শিক্ষা ছুটি)।

৫। ড. এসএম রাশিদুল হাসান, সহকারী অধ্যাপক, নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং বিভাগ (চুক্তিভিত্তিক)

৬। মেহরান ইসলাম, প্রভাষক, নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং বিভাগ (শিক্ষা ছুটি)।

৭। ফারহানা আরজু, প্রভাষক, হারবার অ্যান্ড রিভার ইঞ্জিনিয়ারিং বিভাগ।

## খণ্ডকালীন শিক্ষক পরিসংখ্যান

১। ড. মোঃ শহিদুল ইসলাম, অধ্যাপক, নেভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগ, বুয়েট।

২। ড. মোঃ মশিউর রহমান, অধ্যাপক, নেভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগ, বুয়েট।

৩। ড. মীর তারেক আলী, অধ্যাপক, নেভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগ, বুয়েট।

৪। ড. নায়েব মোঃ গোলাম জাকারিয়া, অধ্যাপক, নেভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগ, বুয়েট।

৫। ড. কাজী নাঈমুল হক, সহকারী অধ্যাপক, নেভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগ, বুয়েট।

৬। ড. জুবায়ের ইবনে আউয়াল, অধ্যাপক, নেভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগ, বুয়েট।

৭। ড. রিয়াজ হাসান খন্দকার, অধ্যাপক, নেভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগ, এমআইএসটি।

৮। ড. আতাউর রহমান, অধ্যাপক, পানিসম্পদ প্রকৌশল বিভাগ, বুয়েট।

৯। ড. মোহাম্মদ নাজিম উদ্দীন, অধ্যাপক, ঢাকা প্রকৌশল বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

১০। কমডোর মুজিবুর রহমান, (অবঃ) বিএন, অধ্যাপক, এমআইএসটি।

১১। মোঃ লুৎফর রহমান, অধ্যাপক, মেজর জেঃ মাহমুদুল হাসান ডিগ্রী কলেজ, টাঙ্গাইল।

১২। মোঃ আসাদুজ্জামান, সহকারী অধ্যাপক, গণিত বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

১৩। রুবানা হক চৌধুরী, সহকারী অধ্যাপক, নর্দান ইউনিভার্সিটি, বাংলাদেশ।

১৪। মোছাঃ নাফিসা মেহতাজ, রিসার্চ অ্যাসিস্ট্যান্ট, নেভাল আর্কিটেকচার অ্যান্ড মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগ, বুয়েট।

## কর্মচারী পরিসংখ্যান: ০৫ জন

**বিষয়ভিত্তিক শিক্ষার্থী পরিসংখ্যান**

| বিভাগ | প্রোগ্রাম | ১ম ব্যাচ | | ২য় ব্যাচ | | ৩য় ব্যাচ | | ৪র্থ ব্যাচ | | মোট শিক্ষার্থী |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মোট ছাত্র | মোট ছাত্রী | মোট ছাত্র | মোট ছাত্রী | মোট ছাত্র | মোট ছাত্রী | মোট ছাত্র | মোট ছাত্রী | |
| নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং | বিএসসি ইন নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং | ২২ | ০৫ | ৩০ | ০৬ | ২৪ | ১১ | ২৬ | ১০ | ১৩৪ (ছাত্র: ১০২ ছাত্রী: ৩২) |

| বিভাগ | প্রোগ্রাম | ১ম ব্যাচ | | ২য় ব্যাচ | | মোট শিক্ষার্থী |
|---|---|---|---|---|---|---|
| | | মোট ছাত্র | মোট ছাত্রী | মোট ছাত্র | মোট ছাত্রী | |
| হারবার অ্যান্ড রিভার ইঞ্জিনিয়ারিং বিভাগ | এমএসসি ইন কোস্টাল অ্যান্ড রিভার ইঞ্জিনিয়ারিং | ০২ | - | ০৪ | - | ০৬ |

## বিবিধ

ওয়ার্ল্ডওয়াইড ফেরি সেফটি অ্যাসোসিয়েশন কর্তৃক আয়োজিত ‘Intenational Student Design Competition for a Safe and Affordable Ferry’ শিরোনামে এই প্রতিযোগিতায় এ বছর তৃতীয় স্থান অর্জন করেছে বাংলাদেশের শিক্ষার্থীদের একটি দল। উক্ত দলে এ বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি এর অধীনে বিএসসি ইন নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের ৪র্থ বর্ষের শিক্ষার্থী মোঃ শরিফুল ইসলাম অংশগ্রহণ করে।

# বিশ্ববিদ্যালয়ের গবেষণা কার্যক্রম

গবেষণা ও প্রকাশনা বিশ্ববিদ্যালয়ের একটি গুরুত্বপূর্ণ অধ্যায় এবং মানদণ্ডের সহায়ক হিসেবে কাজ করে। এ ব্যাপারে বাংলাদেশ বিশ্ববিদ্যলয় মঞ্জুরী কমিশন এবং অত্র বিশ্ববিদ্যালয়ের সিনেট গবেষণা ও মানসম্মত প্রকাশনার ব্যাপারে যথাযথ দিক নির্দেশনা ও গুরুত্বারোপ করেছে। শিক্ষকগণের চাকরি ক্ষেত্রে গবেষণা ও মানসম্মত প্রকাশনার গুরুত্ব অপরিসীম। একজন শিক্ষকের নিয়োগ হতে শুরু করে পদোন্নতিসহ সকল পর্যায়েই গবেষণা এবং প্রকাশনার বিষয়টি আমলে নেয়া হয়।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণের গবেষণা ও প্রকাশনার ব্যয় বরাদ্দ, বিশ্ববিদ্যালয়ের বার্ষিক বাজেট মিটিং-এ উপস্থাপনের মাধ্যমে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক অনুমোদিত হয়। গবেষণা ও প্রকাশনা খাতে বিশ্ববিদ্যালয়ের মূল বাজেটের শতকরা ৩ থেকে ৪ ভাগ হারে বরাদ্দের মাধ্যমে মোট গবেষণা খাতের অর্থ মঞ্জুর করা হয়। শিক্ষকগণ তাদের নিজ নিজ গবেষণা প্রকল্পসমূহ দাখিল করেন এবং সম্ভাব্য ব্যয় এবং হিসাব নিজ নিজ ডিন অফিসের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের পোস্ট গ্রাজুয়েশন রিসার্চ সেন্টারে প্রেরণ করেন। বাছাইকৃত প্রকল্পসমূহ অনুমোদনের পর গবেষকগণকে চারটি সমান কিস্তিতে গবেষণা বরাদ্দ প্রদান করা হয়। এছাড়া বিশ্ববিদ্যালয়ের গবেষণাখাতে অতিরিক্ত অর্থ প্রয়োজন হলে তা ন্যায্যতা যাচাইপূর্বক বিশ্ববিদ্যলয় মঞ্জুরী কমিশন হতে ছাড় করা হয়ে থাকে।

**২০২১-২০২২ অর্থবছরে বিশ্ববিদ্যালয়ের গবেষণা প্রকল্প**

| ক্রঃ | গবেষণার শিরোনাম | পরিচালকের নাম | সময়কাল |
|---|---|---|---|
| ১ | A preliminary study to develop a Phased Approach for Maritime Tourism Development in Bangladesh (A joint Research Project with University of Hawaii, USA and Connected Planet LLC, USA). | Dr. Syed Rashidul Hasan<br>Professor, Maritime Tourism & Hospitality Management | ০১ বছর (চলমান) |
| ২ | Developing a Transport Mode Choice Model for Matarbari Freight Transportation. | Commander Md. Durul Huda<br>Associate Professor, Port & Shipping Management | ০১ বছর (চলমান) |
| ৩ | Isolation and Characterization of Locally Available Marine Algae to Promote Food Supplements in Bangladesh. | Dr. M Mahfuza Khatun<br>Assistant Professor, Genetic Engineering & Biotechonolgy | ০১ বছর (চলমান) |
| ৪ | Challenges and Strategies to Address the IMO Sulphur Cap 2020: Perspective form Bangladeshi Ship Owners. | Md. Arif Mahmud<br>Assistant Professor, Maritime Science | ০১ বছর (চলমান) |
| ৫ | Suspended and Dead Load of Sediment Transport in Rabnabad Channel Flowing Towards BoB and Their Impact on Clement Cycling. | Most Israt Jahan Mili<br>Lecturer, Oceanography & Hydrography | ০২ বছর (শেষ বছর) (চলমান) |

| | | | |
|---|---|---|---|
| ৬ | Impact of Deep Seaport and Shipbuilding Over the Reduction of Extreme Poverty Rate in Bangladesh. | Mohammad Mamtajul Haq Azad<br>Assistant Professor, Management | ০১ বছর<br>(চলমান) |
| ৭ | MSP Prospect: Prospect of Maritime Spatial Planning for Bangladesh Delta Plan 2100. | Mohammad Nazmus Sakib,<br>Lecturer, Maritime Science | ০১ বছর<br>(চলমান) |
| ৮ | Compliance of Labour Law in Shipbreaking Industry of Bangladesh: HRM Perspective. | Commodore Sanaul Noman, Dean, FMGP | ০১ বছর<br>(চলমান) |
| ৯ | From Education to the World of Work of BSMRMU Graduates: Exploring the Expectations of Potential Employers and Required Roles of BSMRMU. | Dr. Mariam Begum<br>Professor, English | ০১ বছর<br>(চলমান) |
| ১০ | Sustainable and Integrated Management of Inland Water Transport (IWT): Towards a National Policy of Bangladesh. | Nayeema Rashid<br>Lecturer, IBBBS | ০১ বছর<br>(চলমান) |
| ১১ | Development Teaching Materials of Communication English Course for the Students of Maritime University. | Raju Ahmmed<br>Assistant Professor, English | ০১ বছর<br>(চলমান) |
| ১২ | Study of Alternative Options for a Suitable Oceanographic Research Vessel (ORV) for BSMRMU. | Instr Commodore M Jashim Uddin,<br>Dean, FEOS | ০১ বছর<br>(সমাপ্ত) |
| ১৩ | Ganges River Dolphin Geonome Sequencing Project- A Collaborative Research | Professor Dr. Altaf Hossain,<br>Academic Adviser<br>&<br>Dr. Mohammad Nazir Hossain<br>Professor & HoD, Genetic Engineering & Biotechnology | ০১ বছর<br>(চলমান) |

# রেজিস্ট্রার দপ্তর (এডমিশন, একাডেমিক অ্যান্ড স্কলারশিপ সেকশন) সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রম

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসের এডমিশন, একাডেমিক অ্যান্ড স্কলারশিপ সেকশনে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন, এডমিশন, একাডেমিক ও স্কলারশিপের কার্য সম্পাদন করা হয়।

## ২০২১-২০২২ শিক্ষাবর্ষে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রক্রিয়া:

এ বিশ্ববিদ্যালয়ের এবং অধিভুক্ত প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রক্রিয়ার বিস্তারিত তথ্য নিম্নে দেওয়া হলো:

| ক্রঃনং | প্রোগ্রামের নাম | শিক্ষাবর্ষ | শিক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|
| ১ | বিএসসি ইন ওশানোগ্রাফি - ৫ম ব্যচ | ২০২১-২০২২ | ৪০ জন |
| ২ | বিএসসি ইন মেরিন ফিশারিজ- ২য় ব্যাচ | ২০২১-২০২২ | ৪০ জন |
| ৩ | বিএসসি ইন নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং - ৪র্থ ব্যাচ | ২০২১-২০২২ | ৪০ জন |
| ৪ | বিবিএ ইন পোর্ট ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিক - ৩য় ব্যাচ | ২০২১-২০২২ | ৪০ জন |
| ৫ | এল এল বি (অনার্স) ইন মেরিটাইম ল’ - ৩য় ব্যাচ | ২০২১-২০২২ | ৪০ জন |
| ৬ | মাস্টার্স ইন মেরিটাইম সায়েন্স - ৪র্থ ব্যাচ | ২০২১-২০২২ | ০৮ জন |
| ৭ | মাস্টার ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট -৭ম ব্যাচ | ২০২১-২০২২ | ১৪ জন |
| ৮ | এলএলএম মেরিটাইম ল’ -৭ম ব্যাচ | ২০২১-২০২২ | ১১ জন |
| ৯ | মাস্টার্স ইন মেরিটাইম ডেভেলপমেন্ট অ্যান্ড স্ট্রাটেজিক স্টাডিজ - ৩য় ব্যাচ | ২০২১-২০২২ | ০৫ জন |
| ১০ | মাস্টার ইন মেরিটাইম বিজনেস - ৫ম ব্যাচ | ২০২১-২০২২ | ১১ জন |
| ১১ | মাস্টার্স ইন মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট - ৩য় ব্যাচ | ২০২১-২০২২ | ০৪ জন |
| ১২ | মাস্টার্স ইন মেরিন বায়োটেকনোলজি - ৪র্থ ব্যাচ | ২০২১-২০২২ | ১২ জন |
| ১৩ | মাস্টার্স ইন কোস্টাল অ্যান্ড রিভার ইঞ্জিনিয়ারিং- ২য় ব্যাচ | ২০২১-২০২২ | ০৪ জন |
| ১৪ | মাস্টার্স ইন ওশানোগ্রাফি-১ম ব্যাচ | ২০২১-২০২২ | ১৯ জন |
| ১৫ | বি এম এস নটিক্যাল- ৫৭তম ব্যাচ (অধিভুক্ত প্রতিষ্ঠান - বাংলাদেশ মেরিন একাডেমি) | ২০২১-২০২২ | ১৩৭ জন |
| ১৬ | বি এম এস ইঞ্জিনিয়ারিং- ৫৭তম ব্যাচ (অধিভুক্ত প্রতিষ্ঠান - বাংলাদেশ মেরিন একাডেমি) | ২০২১-২০২২ | ১৪২ জন |

| | | | |
|---|---|---|---|
| ১৭ | বিএসসি (অনার্স) ইন নটিকাল সায়েন্স- ৪২তম ব্যাচ (অধিভুক্ত প্রতিষ্ঠান - মেরিন ফিশারিজ একাডেমি) | ২০২১-২০২২ | ৬০ জন |
| ১৮ | বিএসসি (অনার্স) ইন মেরিন ইঞ্জিনিয়ারিং- ৪২তম ব্যাচ (অধিভুক্ত প্রতিষ্ঠান - মেরিন ফিশারিজ একাডেমি) | ২০২১-২০২২ | ৬০ জন |
| ১৯ | বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ- ৪২তম ব্যাচ (অধিভুক্ত প্রতিষ্ঠান - মেরিন ফিশারিজ একাডেমি) | ২০২১-২০২২ | ১৯ জন |
| ২০ | বি এম এস নটিক্যাল - ১২তম ব্যাচ (অধিভুক্ত প্রতিষ্ঠান-ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি) | ২০২১-২০২২ | ৪০ জন |
| ২১ | বি এম এস মেরিন ইঞ্জিনিয়ারিং - ১২তম ব্যাচ (অধিভুক্ত প্রতিষ্ঠান-ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি) | ২০২১-২০২২ | ৪০ জন |
| মোট | | | ৭৮৬ জন |

## বিশ্ববিদ্যালয়ের অসচ্ছল শিক্ষার্থীদের বৃত্তি (স্টাইপেন্ড) প্রদান:

করোনার পরিস্থিতি বিবেচনায় ২০২১-২০২২ শিক্ষাবর্ষে বিশ্ববিদ্যালয়ের সর্বমোট ১২৯ জন অসচ্ছল শিক্ষার্থীকে বিশেষ বিবেচনায় বিএসএমআরএমইউ বৃত্তি (স্টাইপেন্ড) প্রদান করা হয়।

## ২০২১ - ২০২২ শিক্ষাবর্ষে ইউজিসি কর্তৃক অনুমোদন প্রাপ্ত নতুন চালুকৃত মাস্টার্স প্রোগ্রাম:

অত্র বিশ্ববিদ্যালয়ে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ইউজিসি কর্তৃক অনুমোদিত প্রাপ্ত নতুন ১টি মাস্টার্স প্রোগ্রাম চালু করা হয়। বিস্তারিত তথ্য নিম্নে দেওয়া হলো:

| ক্রঃনং | নতুন চালুকৃত মাস্টার্স প্রোগ্রাম | প্রোগ্রাম চালুর তারিখ |
|---|---|---|
| ১. | MSc. in Oceanography | ১৬ মে ২০২২ |

# রেজিস্ট্রার দপ্তর কর্তৃক আয়োজিত অনুষ্ঠান ও কর্মকাণ্ড

## জাতীয় শোক দিবস পালন



*জাতীয় শোক দিবসে পুষ্পস্তবক অর্পণ*

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অবঃ)-এর নেতৃত্বে একটি প্রতিনিধিদল জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৬ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২১ উপলক্ষ্যে ঢাকার ধানমন্ডিস্থ ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের পর মহান নেতার প্রতি শ্রদ্ধা জানাতে প্রতিনিধিদল কিছুটা সময় নীরবে দাঁড়িয়ে থাকেন। এছাড়াও, বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে সামাজিক দূরত্ব বজায় রেখে জাতির পিতার জীবনীর উপর প্রবন্ধ উপস্থাপন ও আলোচনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অবঃ) প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ও স্মারক বক্তা হিসেবে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক ড. ইমতিয়াজ আহমেদ। এতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল ফেসবুক পেইজে লাইভ স্ট্রিমিং করা হয়। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীবৃন্দ অনলাইনে অনুষ্ঠানটিতে অংশগ্রহণ করেন। সবশেষে জাতির পিতাসহ তাঁর পরিবারের সকল শহীদের রুহের মাগফিরাত কামনা ও দেশ, জাতি এবং বিশ্ববিদ্যালয়ের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করে মোনাজাত করা হয়।

## মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে বৃক্ষরোপণ কর্মসূচি



*বৃক্ষরোপণ কর্মসূচি পালন*

মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপনের অংশ হিসেবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অবঃ) বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে ০৫ সেপ্টেম্বর ২০২১ তারিখে গাছের চারা রোপণ করেন। এসময়ে উপস্থিত ছিলেন রেজিস্ট্রার, ট্রেজারার, ডিনবৃন্দ ও অন্যান্য সিনিয়র কর্মকর্তা।

## জিওমর্ফোলজিক্যাল ফিচারস অব দ্যা বাংলাদেশ ডেলটা: চ্যালেঞ্জেস ফর ইফিসিয়েন্ট ওয়াটার ম্যানেজমেন্ট - শীর্ষক ওয়েবিনার আয়োজন



*ওয়েবিনারে মাননীয় উপাচার্য মহোদয় ও বিশেষজ্ঞগণ*

নেদারল্যান্ডের নাফিক প্রজেক্টের সহযোগিতায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি কর্তৃক জিওমর্ফোলজিক্যাল ফিচারস অব দ্যা বাংলাদেশ ডেলটা: চ্যালেঞ্জেস ফর ইফিসিয়েন্ট ওয়াটার ম্যানেজমেন্ট - শীর্ষক

এক ওয়েবিনার ২৮ সেপ্টেম্বর ২০২১ তারিখে আয়োজন করা হয়। এ ওয়েবিনারে স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অবঃ)। ওয়েবিনারে নেদারল্যান্ডের আইএইচই ডেলফট-এর প্রফেসর ড. ডানো রোয়েলভিক ও ড. মিক ভ্যান ডার উইগান এবং বুয়েটের ড. জি এম তারিকুল ইসলাম ও বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ড. এম জি মুস্তফা আমিন তাদের মূল্যবান প্রবন্ধ উপস্থাপন করেন। ওয়েবিনারটিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীসহ দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয় ও সংস্থার প্রতিনিধিগণ অনলাইনে অংশগ্রহণ করেন।

## ব্লু-গভর্ন্যান্স ফর সাসটেইনেবল ডেভেলপমেন্ট অব বাংলাদেশ -শীর্ষক আন্তর্জাতিক সেমিনার আয়োজন




*আন্তর্জাতিক সেমিনারে মাননীয় উপাচার্য মহোদয় ও বিশেষজ্ঞগণ*

ঢাকাস্থ আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে ব্লু-গভর্ন্যান্স ফর সাসটেইনেবল ডেভেলপমেন্ট অব বাংলাদেশ-শীর্ষক দিনব্যাপী এক আন্তর্জাতিক সেমিনার ২৬ অক্টোবর ২০২১ তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ (বিএসএমআরএমইউ) কর্তৃক আয়োজন করা হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী ডাঃ দীপু মনি, এমপি অনলাইনে যুক্ত ছিলেন। এছাড়াও উপস্থিত ছিলেন বাংলাদেশে নিযুক্ত যুক্তরাজ্যের মান্যবর রাষ্ট্রদূত জনাব রবার্ট চ্যাটারটন ডিকসন ও অনলাইনে যুক্ত ছিলেন ইউনিভার্সিটি অব পোর্টসমাউথের ভাইস-চ্যান্সেলর প্রফেসর গ্রাহাম গ্যালব্রেইথ। সেমিনারে স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অবঃ) এবং মূল প্রবন্ধ উপস্থাপন করেন পররাষ্ট্র মন্ত্রণালয়ের মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিটের সচিব রিয়ার এডমিরাল (অবঃ) এম খোরশেদ আলম। প্রধান অতিথি তাঁর বক্তব্যে বাংলাদেশের টেকসই উন্নয়নের জন্য দেশের সুনীল অর্থনীতির অপার সম্ভাবনা নিশ্চিতকল্পে মাননীয় প্রধানমন্ত্রীর ব্লু-ইকোনমি পলিসি বাস্তবায়নে মেরিটাইম গবেষণা ও শিক্ষার উপর গুরুত্বারোপ করেন এবং এক্ষেত্রে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি বিশেষ ভূমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। যুক্তরাজ্যের রাষ্ট্রদূত তার বক্তব্যে বাংলাদেশের মেরিটাইম খাতের পাশাপাশি অন্যান্য খাতে যুক্তরাজ্য সরকারের সহায়তা অব্যাহত রাখার প্রতিশ্রুতি ব্যক্ত করেন। প্রধান অতিথি সেমিনারে বিএসএমআরএমইউ ও যুক্তরাজ্যের পোর্টসমাউথ বিশ্ববিদ্যালয় কর্তৃক গভার্নিং বাংলাদেশ ডেলটাচ সম্পর্কিত একটি যৌথ জার্নাল এবং ফ্রি অনলাইন কোর্স ভিত্তিক ওয়েব পোর্টাল উদ্বোধন করেন। এছাড়াও, সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করেন ইউনিভার্সিটি অব পোর্টসমাউথের প্রফেসর ড. পিয়েরে ফেইলার, ইউনিভার্সিটি অব সাউদাম্পটনের প্রফেসর ক্রিস হাটন ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. কাওসার আহমেদ। সেমিনারে শিক্ষা মন্ত্রণালয় ও ইউজিসিসহ বিভিন্ন মন্ত্রণালয় ও সরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ, উচ্চপদস্থ সামরিক ও বেসামরিক কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন বিশ্ববিদ্যালয় হতে আগত প্রতিনিধিবৃন্দ, মেরিটাইম সংস্থা এবং মেরিটাইম ইউনিভার্সিটির শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তাগণ অনলাইনে ও স্বশরীরে অংশগ্রহণ করেন।

## ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত



*স্নাতক (সম্মান) ২০২০-২১ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার আলোকচিত্র*

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর ২০২০-২১ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ১৯ ও ২০ নভেম্বর প্রতিদিন দুটি শিফটে অনুষ্ঠিত হয়। এ বছর ০৪ টি অনুষদের অধীনে ০৫ টি প্রোগ্রামে মোট ২০০ সিটের বিপরীতে ২৮,২৫৭ জন আবেদন করেছেন। ভর্তি পরীক্ষা ঢাকা, চট্টগ্রাম, খুলনা এবং রংপুর বিভাগে মোট ০৬ টি কেন্দ্রে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে ও সামাজিক দূরত্ব বজায় রেখে অনুষ্ঠিত হয়।

## শেখ রাসেল দিবস উদ্‌যাপিত




*অনুষ্ঠানে বক্তব্যরত উপাচার্য মহোদয়*

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৮তম জন্মদিন উপলক্ষ্যে ১৮ অক্টোবর ২০২১ তারিখে যথাযোগ্য মর্যাদায় শেখ রাসেল দিবস উদ্‌যাপিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অবঃ)। এছাড়াও অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, ডিন, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে শেখ রাসেলের জীবনীর উপর আলোচনাসহ বিশ্ববিদ্যালয়ের কালচারাল ক্লাব একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানটি বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল ফেসবুক পেইজে লাইভ স্ট্রিমিং করা হয়।

## শহিদ বুদ্ধিজীবী দিবস পালন




*শহিদ বুদ্ধিজীবী দিবসে পুষ্পস্তবক অর্পণ*

বিশ্ববিদ্যালয়ের একটি প্রতিনিধিদল শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে ঢাকার রায়ের বাজার বধ্যভূমিতে পুষ্পস্তবক অর্পণ করেন। পুষ্পস্তবক অর্পণের পর সকল বুদ্ধিজীবীর প্রতি শ্রদ্ধা জানাতে প্রতিনিধিদল কিছুটা সময় নীরবে দাঁড়িয়ে থাকেন। এছাড়াও, বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে সামাজিক দূরত্ব বজায় রেখে আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অবঃ) প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন। এছাড়াও, শহিদ বুদ্ধিজীবীদের স্মরণে চিত্র প্রদর্শনী ও পুস্তক প্রদর্শনীর আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল ফেসবুক পেইজে লাইভ স্ট্রিমিং করা হয়। সবশেষে, ১৯৭১-এ শহিদ সকল বুদ্ধিজীবীদের রুহের মাগফিরাত কামনা করে মোনাজাত করা হয়।

## যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও বিজয় দিবস উদ্‌যাপন

বিশ্ববিদ্যালয়ে বর্ষব্যাপী মুজিববর্ষ উদ্‌যাপনের বিভিন্ন অনুষ্ঠানসমূহের সাথে সাথে যথাযোগ্য মর্যাদায় সামাজিক দূরত্ব বজায় রেখে মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও বিজয় দিবস উদ্‌যাপন করা হয়েছে। দিনের কর্মসূচি আরম্ভ হয়



*স্মরণিকার মোড়ক উন্মোচন*

সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে। বিশ্ববিদ্যালয়ের দিনব্যাপী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অবঃ)। প্রধান অতিথি বিশ্ববিদ্যালয়ে নবস্থাপিত মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী কর্নার উদ্বোধন করেন এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে মুক্তিযুদ্ধ কর্নার চালু করেন। অনুষ্ঠানে বিজয় দিবস ভিত্তিক প্রামান্যচিত্র প্রদর্শনী ও মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে বিশেষ স্মরণিকার মোড়ক উন্মোচন করা হয়। এছাড়াও, বিশ্ববিদ্যালয়ের কালচারাল ক্লাবের আয়োজনে মহান বিজয় দিবসের চেতনায় এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রধান অতিথি মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে আয়োজিত সকল প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে অতিথি বক্তা হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউট অব এডুকেশনাল রিসার্চের অধ্যাপক ড. এম অহিদুজ্জামান। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, ডিন, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল ফেসবুক পেইজে লাইভ স্ট্রিমিং করা হয়।

## নতুন শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম

মেরিটাইম সংশ্লিষ্ট উচ্চ শিক্ষার জন্য দেশের একমাত্র মেরিটাইম বিশেষায়িত পাবলিক বিশ্ববিদ্যালয়, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং এর ৪র্থ ব্যাচ, ওশানোগ্রাফি এর ৫ম ব্যাচ, বিবিএ ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিক্স ও এলএলবি ইন মেরিটাইম ল-এর ৩য় ব্যাচ এবং মেরিন ফিশারিজ ২য় ব্যাচের




*ওরিয়েন্টেশন প্রোগ্রামের আলোকচিত্র*

স্নাতক পর্যায়ের ওরিয়েন্টেশন প্রোগ্রাম ১৬ জানুয়ারি ২০২২ তারিখে ঢাকার মিরপুর-১৪ এর বাংলাদেশ নৌবাহিনীর শহিদ মোয়াজ্জেম হলে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অবঃ)। এছাড়াও অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, ডিন, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ কোভিড স্বাস্থ্যবিধি বজায় রেখে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শুরুতে শিক্ষার্থীদের বিশেষায়িত এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী হওয়ায় গভীর আনন্দ ও উচ্ছ্বাসের সাথে স্বাগত জানিয়ে বরণ করে নেয়া হয়। পরবর্তীকালে শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ের নিয়ম-শৃঙ্খলা, নিরাপত্তা ও পরিবেশসহ বিভিন্ন বিষয়ে দিক-নির্দেশনা প্রদান করা হয়।

## মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস- ২০২২ উদ্‌যাপন



*শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণ*

বিশ্ববিদ্যালয়ের পল্লবীস্থ ক্যাম্পাসে সামাজিক দূরত্ব বজায় রেখে যথাযোগ্য মর্যাদায় মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস- ২০২২ উদ্‌যাপন করা হয়। দিনের শুরুতে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অবঃ) -এর নেতৃত্বে একটি প্রতিনিধিদল কেন্দ্রীয় শহিদ মিনারে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করেন। পরবর্তীতে ভাষা আন্দোলন ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের আলোকে প্রবন্ধ প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠান শেষে প্রধান অতিথি প্রবন্ধ প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। সবশেষে, ভাষা শহিদদের রুহের মাগফিরাত কামনা, বাংলা ভাষার সার্বজনীন ব্যবহার এবং দেশ ও বিশ্ববিদ্যালয়ের উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করে মোনাজাত করা হয়।

## ঐতিহাসিক ৭ই মার্চ দিবস উদ্‌যাপন



*ঐতিহাসিক ৭-ই মার্চ উপলক্ষ্যে স্থিরচিত্র প্রদর্শনী*

বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে ঐতিহাসিক ৭ই মার্চ দিবস উদ্‌যাপন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অবঃ)। এছাড়াও অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, ডিন, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অতিথি বক্তা হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক ড. সৈয়দ মনজুরুল ইসলাম। অনুষ্ঠানে ৭ই মার্চের ভাষণ প্রদর্শনী, বঙ্গবন্ধুর জীবন ও কর্ম নিয়ে চিত্র প্রদর্শনী ও পুস্তক প্রদর্শনীর আয়োজন করা হয়। অনুষ্ঠানটি বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল ফেসবুক পেইজে লাইভ স্ট্রিমিং করা হয়।

## বিএসএমআরএমইউ-তে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী উদ্‌যাপন



*কেক কেটে জাতির পিতার জন্মবার্ষিকী উদ্‌যাপন*

বিশ্ববিদ্যালয়ের আয়োজনে যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদ্‌যাপিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অবঃ)। বিশেষ অতিথি ও স্মারক বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বিইউপি বঙ্গবন্ধু চেয়ার এর অধ্যাপক ড. সৈয়দ আনোয়ার হোসেন। এছাড়াও অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, ডিন, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। দিনের অনুষ্ঠান শুরু হয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মবার্ষিকী উপলক্ষ্যে কেক কাটার মধ্য দিয়ে। পরবর্তীকালে জাতির পিতার জীবনীর উপর প্রামাণ্যচিত্র প্রদর্শনী ও শিক্ষার্থীদের অংশগ্রহণে প্রবন্ধ পাঠ এবং কবিতা আবৃত্তির আয়োজন করা হয়। অনুষ্ঠান শেষে প্রধান অতিথি প্রবন্ধ পাঠ ও কবিতা আবৃত্তি প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানটি বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল ফেসবুক পেইজে লাইভ স্ট্রিমিং করা হয়।

## মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ উদ্‌যাপন

বিশ্ববিদ্যালয়ের আয়োজনে ঢাকার মিরপুর-১৪-এ বাংলাদেশ নৌবাহিনীর শহিদ মোয়াজ্জেম হলে যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ উদ্‌যাপিত



*অনুষ্ঠানে বক্তব্যরত মাননীয় উপাচার্য মহোদয়*

হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অবঃ)। অনুষ্ঠানে স্মারক বক্তা হিসেবে উপস্থিত থেকে স্বাধীনতা দিবস ও মুক্তিযুদ্ধের উপর বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা কমডোর এ ডব্লিউ চৌধুরি বীর উত্তম, বীর বিক্রম। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, ডিন, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও সকল বিভাগের শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। স্বাধীনতা দিবস এবং জাতির পিতার জীবনীর উপর প্রামান্যচিত্র প্রদর্শনীর পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের কালচারাল ক্লাবের শিক্ষার্থীদের অংশগ্রহণে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানটি বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল ফেসবুক পেইজে লাইভ স্ট্রিমিং করা হয়।

## বাংলাদেশ নৌবাহিনীর সহকারী নৌ প্রধান (পার্সোনেল) এর বিশ্ববিদ্যালয় পরিদর্শন



*মাননীয় উপাচার্য মহোদয় কর্তৃক সম্মাননা স্মারক প্রদান*

বাংলাদেশ নৌবাহিনীর সহকারী নৌ প্রধান (পার্সোনেল) ACNS(P) রিয়ার এডমিরাল মোহাম্মদ মোজাম্মেল হক, ওএসপি, এনইউপি, এনডিসি, পিএসসি (পি নং ৪৬৭) ২৯ মার্চ ২০২২ তারিখে এ বিশ্ববিদ্যালয় পরিদর্শন করেন। পরিদর্শনের সময় তিনি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সাথে সৌজন্য সাক্ষাৎ, বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস মেঘনা ও পদ্মা ভবনে বিভিন্ন ক্লাস, ল্যাব, লাইব্রেরি প্রভৃতি পরিদর্শন করেন। পরিদর্শনকালীন সময়ে বিশ্ববিদ্যালয়ের অগ্রগতি সম্পর্কে ব্রিফিং প্রদান করা হয়। বিশ্ববিদ্যালয় পরিদর্শন শেষে তিনি পরিদর্শন বইয়ে স্বাক্ষর করেন।

## মাস্টার্স ওরিয়েন্টেশন প্রোগ্রাম




*মাস্টার্স ওরিয়েন্টেশন প্রোগ্রামে বক্তব্যরত ট্রেজারার মহোদয়*

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এ ১৬ মে ২০২২ তারিখে মাস্টার্স ইন পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট-৭ম ব্যাচ, এলএলএম ইন মেরিটাইম ল -৭ম ব্যাচ, এমবিএ ইন মেরিটাইম বিজনেস -৫ম ব্যাচ, এমবিএ ইন মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট -৩য় ব্যাচ, মাস্টার্স ইন মেরিটাইম ডেভেলপমেন্ট অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ -৩য় ব্যাচ, মাস্টার্স ইন মেরিন বায়োটেকনোলজি -৪র্থ ব্যাচ, মাস্টার্স ইন কোস্টাল অ্যান্ড রিভার ইঞ্জিনিয়ারিং -২য় ব্যাচ এবং মাস্টার্স ইন ওশানোগ্রাফি -১ম ব্যাচের শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে কমডোর এ কে এম মারুফ হাসান, (এস), এনইউপি, বিসিজিএমএস, পিএসসি, বিএন, ট্রেজারার এবং ভাইস চ্যান্সেলর (অতিরিক্ত দায়িত্ব) প্রধান অতিথি হিসেবে

উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে পরীক্ষা সংক্রান্ত রুলস, লাইব্রেরি ব্যবহারের নিয়ম, প্রক্টোরিয়াল রুলস ও শৃঙ্খলা এবং আর্থিক রুলস প্রভৃতি সম্পর্কে প্রেজেন্টেশন উপস্থাপন করা হয়।

## ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা



*স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থী*

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ-এর ২০২১-২২ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২৭ ও ২৮ মে প্রতিদিন দুটি শিফটে অনুষ্ঠিত হয়েছে। এ শিক্ষাবর্ষে ০৪ টি অনুষদের অধীনে ০৫ টি প্রোগ্রামে মোট ২০০ সিটের বিপরীতে ১৯,২৯৮ জন আবেদন করেছেন। ভর্তি পরীক্ষা ঢাকা, চট্টগ্রাম, খুলনা এবং রংপুর বিভাগে মোট ০৬ টি কেন্দ্রে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে ও সামাজিক দূরত্ব বজায় রেখে অনুষ্ঠিত হয়েছে।

## ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর



*বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানের স্থির চিত্র*

ইউজিসি চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. দিল আফরোজ বেগমের সভাপতিত্বে মাননীয় শিক্ষামন্ত্রী ডা: দীপু মনি এমপি, শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী এম.পি-ইউজিসি সদস্যবৃন্দ, এপিএ টিমের আহ্বায়ক এবং কমিশনের সচিবের উপস্থিতিতে ১৫ জুন ২০২২ কক্সবাজারের হোটেল সি পার্ল এর সম্মেলন কক্ষে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) ও দেশের ৪৬টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ভিসি মহোদয়ের উপস্থিতিতে রেজিস্ট্রার মহোদয় বিশ্ববিদ্যালয়ের এবং কমিশনের সচিব ইউজিসি -এর পক্ষে এপিএ চুক্তিতে স্বাক্ষর করেন।

## শুদ্ধাচার পুরস্কার প্রদান



*মাননীয় উপাচার্য মহোদয়ের সঙ্গে শুদ্ধাচার পুরস্কার প্রাপ্ত ব্যক্তিবর্গ*

শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০২১ অনুযায়ী বিভিন্ন রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের ন্যায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটিতেও ২০২১-২২ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অবঃ)। ২০২১-২২ অর্থবছরে শুদ্ধাচার চর্চার জন্য গ্রেড-২ হতে গ্রেড-৯ ভুক্ত কর্মকর্তা ও শিক্ষকদের মধ্য থেকে শুদ্ধাচার পুরস্কার সূচকে যুগ্মভাবে সর্বোচ্চ নম্বর অর্জন করায়, দুজনকে শুদ্ধাচার পুরস্কারের জন্য মনোনিত করা হয়। তারা হলেন- বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার কমডোর এ কে এম মারুফ হাসান এবং জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি ডিপার্টমেন্টের প্রফেসর ড. মুহাম্মদ নাজির হোসেন। গ্রেড ১০ হতে গ্রেড ১৬ ভুক্ত কর্মচারীদের মধ্য হতে শুদ্ধাচার পুরস্কার সূচকে সর্বোচ্চ নম্বর পেয়ে প্রথম হয়েছেন প্রশাসন দপ্তরের অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর মোঃ আবুল হাসান এবং গ্রেড ১৭ হতে গ্রেড ২০ ভুক্ত কর্মচারীদের

মধ্য হতে শুদ্ধাচার পুরস্কার সূচকে সর্বোচ্চ নম্বর পেয়ে প্রথম হয়েছেন বার্তাবাহক মোঃ আবু তাহের।

## শীতবস্ত্র বিতরণ




বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ (বিএসএমআরএমইউ)-এর আয়োজনে ১০ জানুয়ারি ২০২২ তারিখে রাজধানীর মিরপুরে মাদ্রাসা শিক্ষার্থীদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়। কর্মসূচীতে উপস্থিত থেকে শীতবস্ত্র ও কম্বল বিতরণ করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অবঃ)। এ সময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার, রেজিস্ট্রার, ডিন ও বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## বন্যার্তদের জন্য নগদ অর্থ সহায়তা প্রদান

সম্প্রতি দেশের সিলেট অঞ্চলে ভয়াবহ বন্যা সংঘটিত হয়েছে। এতে বন্যাদুর্গত অঞ্চলে মানুষ খুব অসহায়ভাবে জীবনযাপন করছে। বন্যা কবলিত এলাকা পুনর্গঠনে অত্র বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে সহায়তা করার উদ্যোগ গ্রহণ



করা হয়। এ লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে অতিরিক্ত রেজিস্ট্রার (জেনারেল) কমান্ডার মোঃ আবু সাঈদ, (সি), পিসিজিএমএস, বিএন নগদ অর্থ সহায়তার একটি চেক জেলা প্রশাসক, সিলেট মহোদয়ের নিকট হস্তান্তর করেন।

## রেজিস্ট্রার দপ্তর (ক্রয় শাখার) উল্লেখযোগ্য কার্যক্রম

২০২১-২২ অর্থ বৎসরে মোট টাকা ১১,৭০,৬৪,৬০০.০০ এর ক্রয় পরিকল্পনা অনুমোদিত হয়। পরবর্তীতে বিভিন্ন আইটেমের সংখ্যা হ্রাস-বৃদ্ধি, কিছু আইটেমের সংযোজন/বিয়োজন হওয়ার কারণে সংশোধিত ক্রয় পরিকল্পনা হয় টাকা ৮,১৫,৩৬,৯০০.০০। উক্ত অর্থবৎসরে বিভিন্ন বিভাগ/সেকশনের দাপ্তরিক প্রয়োজনে ১টি মাইক্রোবাস, ডেস্কটপ কম্পিউটার, ল্যাপটপ কম্পিউটার, পিপিসি মেশিন, প্রিন্টারসহ অন্যান্য অফিস সরঞ্জামাদি ক্রয় করা হয়। এছাড়া, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রাখতে ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি ল্যাব, জেনেটিক অ্যান্ড বায়োটেকনোলজি ল্যাব এবং এফইটি ল্যাবের জন্য ল্যাবরেটরি ইন্সটুমেন্ট ক্রয় করা হয়। এছাড়া ক্লাসরুমে ব্যবহারের জন্য ডিজিটাল রাইটার প্যাড, মাল্টিমিডিয়া স্মার্ট হোয়াইট বোর্ড ইত্যাদি ক্রয় করা হয়।

# ইন্টারন্যাশনাল কো-অপারেশন অ্যান্ড এক্সচেঞ্জ দপ্তরের কার্যক্রম

নাফিক, নেদারল্যান্ডস এর সাথে শিক্ষা সহায়তা প্রকল্পের অধীনে ব্লু ইকোনমি, ডেল্টা গভার্ন্যান্স এবং পোর্ট ও শিপিং ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা এবং বিভিন্ন বন্দর/মেরিটাইম সংস্থা পরিদর্শনের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যসহ ০৬ (ছয়) সদস্যের একটি প্রতিনিধি দল ০৭-১৪ মে ২০২২ তারিখে নেদারল্যান্ডস গমন করেন। উক্ত সফরে STC International ও IHE Delft এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করা হয়।

উক্ত সফরকালীন সময়ে উন্নত বিশ্বের স্বনামধন্য মেরিটাইম সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এবং বিশ্ববিদ্যালয়সমূহের বিশেষজ্ঞদের সাথে মতবিনিময়ের মাধ্যমে অর্জিত জ্ঞান দ্বারা বিশ্ববিদ্যালয়ের কোর্সসমূহের পঠিতব্য বিষয়াদি ও গবেষণা কার্যক্রম নির্ধারণ, পাঠ্যক্রমের মানোন্নয়ন, ছাত্র/ছাত্রীদের জন্য উচ্চতর শিক্ষার সুযোগ সৃষ্টি, যৌথ গবেষণা কার্যক্রম চালুকরণ এবং মেরিটাইম বিষয়ের বিভিন্ন ব্যক্তিবর্গের সাথে সাক্ষাতের মাধ্যমে এ বিশ্ববিদ্যালয়ের পরিচিতি আন্তর্জাতিক পরিমণ্ডলে বৃদ্ধি পাবে বলে প্রতীয়মান।



*STC International এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর*



*IHE Delft এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর*

# সংবিধিবদ্ধ সভার কার্যক্রম

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরের কাউন্সিল শাখা বিশ্ববিদ্যালয়ের সংবিধিবদ্ধ সভাসমূহ যেমন সিনেট, সিন্ডিকেট ও একাডেমিক কাউন্সিল এবং অর্থ ও হিসাব দপ্তর কর্তৃক অর্থ কমিটির সভা আয়োজন করে থাকে। বিশ্ববিদ্যালয়ের আইন অনুযায়ী প্রতি বৎসর সিনেটের অন্যূন ১টি, সিন্ডিকেট-এর ৪টি (প্রতি তিন মাস অন্তর ন্যূনতম ১টি সভা) এবং একাডেমিক কাউন্সিল সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। সে প্রেক্ষিতে ২০২১-২০২২ অর্থবছরে (জুলাই ২০২১ - জুন ২০২২) অনুষ্ঠিত সিনেট- এর ১টি, সিন্ডিকেট- এর ৪টি, একাডেমিক কাউন্সিল- এর ৪টি সভা ও অর্থ কমিটি-এর ৪টি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভাসমূহের সংক্ষিপ্ত বিবরণী নিম্নে উল্লেখ করা হলো:

## সিনেটের সভা



*৭ম সিনেট সভায় উপস্থিত সম্মানিত চেয়ারম্যান ও সদস্যবৃন্দ*

### সিনেট-এর ৭ম সভা

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর ৭ম সিনেট সভা ১৩ অক্টোবর ২০২১ তারিখে বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, এনবিপি, বিএসপি, এনডিসি, পিএসসি (অবঃ) মহোদয় উক্ত সভায় সিনেট এর চেয়ারম্যান হিসেবে উপস্থিত ছিলেন। সভায় মাননীয় উপাচার্য ও চেয়ারম্যান মহোদয় কর্তৃক বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের অগ্রগতি উল্লেখ পূর্বক সিনেট ভাষণ, ট্রেজারার মহোদয় কর্তৃক ২০২০-২০২১ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২০২২ অর্থ বছরের মূল বাজেট উপস্থাপন, বিশ্ববিদ্যালয়ের ৭ম বার্ষিক প্রতিবেদন (জুলাই ২০২০- জুন ২০২১) অনুমোদন এবং বার্ষিক ক্রয় পরিকল্পনা (২০২০-২০২১ অর্থ বছরের সংশোধিত ও ২০২১-২০২২ অর্থ বছরের প্রস্তাবিত) অবহিতকরণসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

## সিন্ডিকেটের সভাসমূহ




*সিন্ডিকেট সভায় সশরীরে ও অনলাইনে অংশগ্রহণকৃত সম্মানিত সদস্যবৃন্দ*

### সিন্ডিকেট-এর ২৭তম সভা

বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট-এর ২৭তম সভা ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে ০৮ জুলাই ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় বিশ্ববিদ্যালয়ের ৭ম বার্ষিক প্রতিবেদন এর খসড়া, ২০২০-২১ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০২১-২২ অর্থ বছরের মূল বাজেট, ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা ও ২০২১-২২ অর্থ বছরের প্রস্তাবিত বার্ষিক ক্রয় পরিকল্পনা, জনবল (পূর্ণকালীন/চুক্তিভিত্তিক) নিয়োগ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের আপগ্রেডেশন (পদোন্নয়ন), বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের শিক্ষা ছুটিসহ বিদেশ গমন, মাস্টার্স-ইন-পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট প্রোগ্রামের ৩য় ব্যাচ (শিক্ষাবর্ষ ২০১৭-২০১৮), এমবিএ-ইন-মেরিটাইম বিজনেস প্রোগ্রামের ১ম ব্যাচ (শিক্ষাবর্ষ ২০১৭-২০১৮) এবং বাংলাদেশ মেরিন একাডেমির বিএমএস (অনার্স) (রূপান্তরিত) বিভিন্ন ব্যাচের নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামসমূহের চূড়ান্ত ফলাফল ঘটোনাত্তর (Post Facto) অনুমোদনসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

### সিন্ডিকেট-এর ২৮তম সভা

বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট-এর ২৮তম সভা ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের ঢাকাস্থ অস্থায়ী ক্যাম্পাসের কনফারেন্স রুমে ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় বিভিন্ন নিয়োগ, শিক্ষক/কর্মকর্তার চুক্তিভিত্তিক নিয়োগের মেয়াদ বৃদ্ধি, শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীদের স্থায়ীকরণ, ০১ (এক) জন শিক্ষকের পূর্ণ বেতনে শিক্ষা ছুটি, ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমিকে অত্র বিশ্ববিদ্যালয়ের অধীনে অধিভুক্তকরণ, খণ্ডকালীন শিক্ষক নিয়োগ অনুমোদন, অর্থ কমিটিতে সিন্ডিকেট কর্তৃক ১ (এক) জন সদস্য মনোনয়ন, বিশ্ববিদ্যালয়ে কর্মরত নিয়মিত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সরকারি নীতিমালার আলোকে গৃহ নির্মাণ ঋণ প্রদান বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ, বিভিন্ন করিকুলাম, বাংলাদেশ মেরিন একাডেমির চূড়ান্ত ফলাফল প্রভৃতি অনুমোদন এবং সামরিক বাহিনী হতে প্রেষণে নিয়োগকৃত কর্মকর্তাগণের যোগদান অবহিতকরণসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

### সিন্ডিকেট-এর ২৯তম সভা

বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট-এর ২৯তম সভা ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল মহোদয়ের সভাপতিত্বে ১০ জানুয়ারি ২০২২ তারিখে বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় বিভিন্ন পদের জন্য জনবল (পূর্ণকালীন/চুক্তিভিত্তিক) নিয়োগ, শিক্ষক/কর্মকর্তার চুক্তিভিত্তিক নিয়োগের মেয়াদ বৃদ্ধি, শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীদের স্থায়ীকরণ, খণ্ডকালীন শিক্ষক নিয়োগ, বিভিন্ন কারিকুলাম, ০১ (এক) জন শিক্ষকের পূর্ণ বেতনে শিক্ষা ছুটি, বিশ্ববিদ্যালয়ের হলসমূহের শিক্ষার্থীদের করোনাকালীন সময়ের জন্য হলের সিট ভাড়া মওকুফ, একাডেমিক কাউন্সিল; অর্থ কমিটি; পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন কমিটি এবং দরপত্র মূল্যায়ন কমিটির

সভাসমূহে সহায়তাকারীদের সম্মানী/পারিতোষিক প্রদান, অত্র বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ মেরিন একাডেমির চূড়ান্ত ফলাফল, বিশ্ববিদ্যালয়ের ২০২২ সালের বর্ষপঞ্জি প্রভৃতি অনুমোদন এবং সামরিক বাহিনী হতে প্রেষণে নিয়োগকৃত কর্মকর্তাগণের যোগদান অবহিতকরণসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

## সিন্ডিকেট-এর ৩০তম সভা

বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট-এর ৩০তম সভা ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে ০৭ এপ্রিল ২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় বিভিন্ন পদের জন্য জনবল (পূর্ণকালীন/চুক্তিভিত্তিক) নিয়োগ, শিক্ষক/কর্মকর্তার চুক্তিভিত্তিক নিয়োগের মেয়াদ বৃদ্ধি, শিক্ষকগণের আপগ্রেডেশন (পর্যায়োন্নয়ন), শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীদের স্থায়ীকরণ, BoMS স্নাতক প্রোগ্রামের Individual Study Program (ISP) কোর্স মূল্যায়নের জন্য গঠিত Evaluation committee এর সকল বহিঃ সদস্যদের সম্মানী এবং অন্যান্য পারিতোষিক প্রদান, ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমির ক্যাডেটদের রেজিস্ট্রেশন ফি, পরীক্ষা ফি ও অন্যান্য পারিতোষিক/সম্মানী, বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা/কর্মচারীগণের পদোন্নতি, ০১ (এক) জন শিক্ষকের বিনা বেতনে শিক্ষা ছুটি, বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও সহকারী প্রক্টর নিয়োগ প্রভৃতি অনুমোদন, বিশ্ববিদ্যালয়ের Quality Assurance Committee (QAC) সিন্ডিকেট কর্তৃক ০২ (দুই) জন সিনিয়র একাডেমিক্স বিশেষজ্ঞ/সদস্য মনোনয়ন, STC International, IHE Delft, Bangladesh Institute of International and Startegic Studies (BIISS) এবং BSMRMU এর সাথে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর অবহিতকরণ এবং বিশ্ববিদ্যালয়ের চলমান বিভিন্ন কোর্সে খণ্ডকালীন শিক্ষক নিয়োগ ঘটোনাত্তোর অবহিতকরণসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

## একাডেমিক কাউন্সিলের সভাসমূহ





*একাডেমিক কাউন্সিল সভায় সশরীরে ও অনলাইনে অংশগ্রহণকৃত সম্মানিত সদস্যবৃন্দ*

## একাডেমিক কাউন্সিল-এর ৩২তম সভা

বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল-এর ৩২তম সভা ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের ঢাকাস্থ অস্থায়ী ক্যাম্পাসের কনফারেন্স রুমে ১৪ সেপ্টেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় বিশ্ববিদ্যালয়ে সশরীরে ক্লাস ও পরীক্ষা নেয়া, ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমিকে অত্র বিশ্ববিদ্যালয়ের অধীনে অধিভুক্তকরণ, বিশেষ অনলাইন মাস্টার্স প্রোগ্রাম (Online Learning) পরিচালনার জন্য ফি স্ট্রাকচার ও কারিকুলাম, শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের মেয়াদ বৃদ্ধি, বিশ্ববিদ্যালয়ের স্নাতক পর্যায়ের Bachelor of Maritime Studies (BoMS) প্রোগ্রামের ২য় ব্যাচ ২য় সেমিস্টার ফাইনাল পরীক্ষার পরীক্ষা কমিটি, অত্র

বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ মেরিন একাডেমি এবং বাংলাদেশ মেরিন ফিশারিজ একাডেমির চূড়ান্ত ফলাফল ঘটোনাত্তর অনুমোদন, বিশ্ববিদ্যালয়ের ১ জন শিক্ষার্থীর ভর্তি বাতিল অবহিতকরণ, Gujarat National Law University এবং BSMRMU এর খসড়া সমঝোতা স্মারক অবহিতকরণসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

## একাডেমিক কাউন্সিল-এর ৩৩তম সভা

বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল-এর ৩৩তম সভা ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের কনফারেন্স রুমে ১৫ নভেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। BoMS প্রোগ্রামের Internal Study Program (ISP) কোর্স মূল্যায়নের জন্য গঠিত Evaluation committee এর বহিঃ সদস্যবৃন্দের সম্মানী, বিবিএ ইন পোর্ট ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিকস প্রোগ্রামের ২য় ব্যাচের ০১ জন শিক্ষার্থীর পরবর্তী ব্যাচের সাথে অংশগ্রহণ, এমপিএসএম অনলাইন মাস্টার্স প্রোগ্রামের পরীক্ষা সংক্রান্ত বিভিন্ন পারিতোষিকের হার নির্ধারণ, বিবিএ ইন পোর্ট ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিকস প্রোগ্রামের সংশোধিত/হালনাগাদ (Update) কারিকুলাম, বাংলাদেশ নেভাল একাডেমির ক্যাডেটদের সনদ প্রদানের লক্ষ্যে একাডেমিক কার্যক্রম পরিচালনার জন্য বিএসএমআরএমইউ অনুষদ/বিভাগসমূহ নির্ধারণ ও প্রস্তাবিত ডিগ্রির নাম নির্ধারণ, ০১ (এক) জন শিক্ষার্থীর Study Tour-1 (DEV-501) সম্পন্নকরণ, ০১ (এক) জন শিক্ষার্থীর চলমান ব্যাচের সাথে কোর্স সম্পন্ন, স্নাতকোত্তর পর্যায়ে এপ্রিল-২০২০ সেমিস্টারের একাডেমিক ক্যালেন্ডার, B.Sc (Hon's) in Oceanography এবং B.Sc (Hon's) in Marine Fisheries প্রোগ্রামের সংশোধিত পাঠক্রম, B.Sc in Naval Architechture and Offshore Engineering প্রোগ্রামের Curriculum Review, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন প্রোগ্রামের সেমিস্টার ফাইনাল পরীক্ষার পরীক্ষা কমিটি এবং চূড়ান্ত ফলাফল অনুমোদন, বাংলাদেশ মেরিন একাডেমি ও বাংলাদেশ মেরিন ফিশারিজ একাডেমির বিভিন্ন সেমিস্টার ফাইনাল পরীক্ষার ফলাফল অবহিতকরণসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

## একাডেমিক কাউন্সিল-এর ৩৪তম সভা

বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল-এর ৩৪তম সভা ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের ঢাকাস্থ অস্থায়ী ক্যাম্পাসের কনফারেন্স রুমে ২৩ ফেব্রুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় এমবিএ ইন মেরিটাইম বিজনেস প্রোগ্রামের ৩য় ব্যাচের ০১ (এক) জন শিক্ষার্থীর পুনঃপরীক্ষা গ্রহণ, এমবিএ ইন মেরিটাইম বিজনেস এবং এমবিএ ইন মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট প্রোগ্রামের শিক্ষার্থীদের IST এবং OST এর উপর প্রতিবেদন অনলাইন প্রেজেন্টেশনের মাধ্যমে গ্রহণ, স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে জানুয়ারি-২০২২ সেমিস্টারের একাডেমিক ক্যালেন্ডার, বাংলাদেশ মেরিন একাডেমি সিলেট, বরিশাল, রংপুর এবং পাবনা কর্তৃক প্রস্তাবিত নটিক্যাল ও মেরিন ইঞ্জিনিয়ারিং কারিকুলাম ০২ (দুই) টি যাচাই-বাছাইয়ের লক্ষ্যে গঠিত কারিকুলাম কমিটিতে একাডেমিক কাউন্সিল কর্তৃক সদস্য মনোনয়ন, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সেমিস্টার ফাইনাল পরীক্ষার পরীক্ষা কমিটি গঠনসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

## একাডেমিক কাউন্সিল-এর ৩৫তম সভা

বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল-এর ৩৫তম সভা ভাইস-চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের ঢাকাস্থ অস্থায়ী ক্যাম্পাসের কনফারেন্স রুমে ০৯ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় বাংলাদেশ মেরিন একাডেমি-রংপুর, বরিশাল, পাবনা এবং সিলেট-কে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির অধীনে অধিভুক্তকরণ, Bachelor of Maritime Science (Nautical) এবং B. Sc in Marine Engineering কারিকুলাম, বিশ্ববিদ্যালয়ের স্নাতক (সম্মান) প্রোগ্রামের রিসার্চ প্রজেক্ট এবং মাস্টার্স প্রোগ্রামে প্রজেক্ট রিপোর্ট ও থিসিস প্রজেক্ট তত্ত্বাবধানের জন্য সুপারিশমালা, অধিভুক্ত প্রতিষ্ঠানের একাডেমিক ক্যালেন্ডার, এমপিএসএম প্রোগ্রামের ৬ষ্ঠ ব্যাচের ০১ জন শিক্ষার্থীর ভর্তি বাতিল, ১০ জন শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ বৃদ্ধি, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পরীক্ষার পরীক্ষা কমিটি গঠন, অর্থ কমিটিতে একাডেমিক কাউন্সিল কর্তৃক শিক্ষক প্রতিনিধি মনোনয়ন, বাংলাদেশ মেরিন একাডেমি ও বাংলাদেশ মেরিন ফিশারিজ একাডেমির বিভিন্ন পরীক্ষার চূড়ান্ত ফলাফল ঘটনাত্তর অনুমোদন, ২০২২-২০২৩ অর্থ বছরে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের নিকট হতে গবেষণা প্রস্তাব প্রাপ্তি, ০৬ জন শিক্ষার্থীর ভর্তি বাতিল এবং অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

# অর্থ কমিটির সভাসমূহ

## অর্থ কমিটির ২৭তম সভা



*অর্থ কমিটির ২৭তম সভার সদস্যবৃন্দ*

বিশ্ববিদ্যালয়ের অর্থ কমিটির ২৭তম সভা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, এনবিপি, বিএসপি, এনডিসি, পিএসসি (অবঃ) মহোদয়ের সভাপতিত্বে ২১ সেপ্টেম্বর ২০২১ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিশেষ অনলাইন মাস্টার্স প্রোগ্রামের ফি স্ট্রাকচার ও কারিকুলাম অনুমোদন করা হয় এবং ২০২০-২১ অর্থবছরের বাজেট বাস্তবায়ন সম্পর্কে অবহিত করা হয়।

## অর্থ কমিটির ২৮তম সভা



*অর্থ কমিটির ২৮তম সভার সদস্যবৃন্দ*

বিশ্ববিদ্যালয়ের অর্থ কমিটির ২৮তম সভা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, এনবিপি, বিএসপি, এনডিসি, পিএসসি (অবঃ) মহোদয়ের সভাপতিত্বে ১৯ ডিসেম্বর ২০২১ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিশ্ববিদ্যালয়ের হলসমূহের শিক্ষার্থীদের করোনাকালীন সময়ের জন্য হলের সিট ভাড়া মওকুফ, একাডেমিক কাউন্সিল, অর্থ কমিটি, পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন কমিটি এবং দরপত্র মূল্যায়ন কমিটির সভা সমূহে সহায়তাকারীদের সম্মানী ও পারিতোষিক, এমপিএসএম অনলাইন মাস্টার্স প্রোগ্রামের বিভিন্ন পারিতোষিক হার, ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগের ভিজিটিং প্রফেসর ড. এস প্রসন্ন কুমার এর নিয়োগের আর্থিক অনুমোদনসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়।

## অর্থ কমিটির ২৯তম সভা



*অর্থ কমিটির ২৯তম সভার সদস্যবৃন্দ*

বিশ্ববিদ্যালয়ের অর্থ কমিটির ২৯তম সভা ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, এনবিপি, বিএসপি, এনডিসি, পিএসসি (অবঃ) মহোদয়ের সভাপতিত্বে ১৬ মার্চ ২০২২ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিশ্ববিদ্যালয়ের BoMS স্নাতক প্রোগ্রামের Individual Study Program (ISP) কোর্স মূল্যায়নের জন্যে গঠিত Evaluation Committee এর বহিঃ সদস্যবৃন্দসহ অন্যান্য সদস্যের সম্মানী এবং অন্যান্য পারিতোষিক প্রদানের বিষয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়।

## অর্থ কমিটির ৩০তম সভা



*অর্থ কমিটির ৩০তম সভার সদস্যবৃন্দ*

বিশ্ববিদ্যালয়ের অর্থ কমিটির ৩০তম সভা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অবঃ) মহোদয়ের সভাপতিত্বে ১৯ জুন ২০২২ তারিখ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিশ্ববিদ্যালয়ের ২০২১-২২ অর্থবছরের ৪৬ কোটি ৬৫ লক্ষ টাকার সংশোধিত বাজেট ও ২০২২-২৩ অর্থবছরের জন্য ৪৬ কোটি ৭৯ লক্ষ টাকার মূল বাজেট এবং ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনা ও ২০২২-২৩ অর্থবছরের প্রস্তাবিত বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

# পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরের কর্মকাণ্ড

বিশ্ববিদ্যালয়ের চলমান স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের বিভিন্ন পরীক্ষাসহ অধিভুক্ত প্রতিষ্ঠান সমূহের যাবতীয় পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদন এবং যথাসময়ে ফলাফল প্রকাশের প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণই পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরের মূল দায়িত্ব। তাছাড়া ছাত্র-ছাত্রীদের সনদ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট বিতরণ করাও এ দপ্তরের অন্যতম দায়িত্ব। প্রতিষ্ঠালগ্ন হতে অত্র দপ্তর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনে সচেষ্ট রয়েছে। এ প্রেক্ষিতে, ২০২১-২২ শিক্ষাবর্ষে অত্র বিশ্ববিদ্যালয়ে এবং অধিভুক্ত প্রতিষ্ঠানে অনুষ্ঠিত বিভিন্ন পরীক্ষার ফলাফল সংক্রান্ত বিস্তারিত বিবরণ নিম্নরূপ:

## ২০২১-২২ শিক্ষাবর্ষে প্রকাশিত বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ পরীক্ষার ফলাফলের সার-সংক্ষেপ

**স্নাতক পর্যায়ের বিভিন্ন প্রোগ্রামের সেমিস্টার পরীক্ষাসমূহ:**

| পরীক্ষার নাম | ফলাফল প্রকাশের তারিখ | অবতীর্ণ | উত্তীর্ণ |
|---|---|---|---|
| বিএসসি (অনার্স) ইন ওশানোগ্রাফি ১ম ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৬-২০১৭) ৪র্থ বর্ষ ১ম সেমিস্টার | ১০ মার্চ ২০২২ | ২৯ | ২৯ |
| বিএসসি (অনার্স) ইন ওশানোগ্রাফি ২য় ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৭-২০১৮) ৩য় বর্ষ ১ম সেমিস্টার | ১১ এপ্রিল ২০২২ | ৩৬ | ৩৬ |
| বিএসসি (অনার্স) ইন ওশানোগ্রাফি ৩য় ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯) ২য় বর্ষ ১ম সেমিস্টার | ১১ এপ্রিল ২০২২ | ৪১ | ৪১ |
| বিএসসি (অনার্স) ইন ওশানোগ্রাফি ৪র্থ ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০) ১ম বর্ষ ১ম সেমিস্টার | ১১ এপ্রিল ২০২২ | ২৯ | ২৯ |
| বিএসসি-ইন-নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং ১ম ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৭-২০১৮) ৩য় বর্ষ ১ম সেমিস্টার | ০৪ এপ্রিল ২০২২ | ২৭ | ২৭ |
| বিএসসি-ইন-নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং ২য় ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯) ২য় বর্ষ ১ম সেমিস্টার | ১৩ এপ্রিল ২০২২ | ৩৬ | ৩৬ |
| বিএসসি-ইন-নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং ৩য় ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০) ১ম বর্ষ ১ম সেমিস্টার | ১১ এপ্রিল ২০২২ | ৩০ | ৩০ |
| বিবিএ-ইন-পোর্ট ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিকস ১ম ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯) ২য় বর্ষ ১ম সেমিস্টার | ১৪ ফেব্রুয়ারি ২০২২ | ৩৪ | ৩৪ |
| বিবিএ-ইন-পোর্ট ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিকস ২য় ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০) ১ম বর্ষ ১ম সেমিস্টার | ১০ মার্চ ২০২২ | ৩৩ | ৩৩ |
| এলএলবি (অনার্স) ইন মেরিটাইম ল' ১ম ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯) ২য় বর্ষ ১ম সেমিস্টার | ০৮ ফেব্রুয়ারি ২০২২ | ৩৫ | ৩৫ |
| এলএলবি (অনার্স) ইন মেরিটাইম ল' ২য় ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০) ১ম বর্ষ ১ম সেমিস্টার | ০৩ মার্চ ২০২২ | ৩৮ | ৩৮ |
| বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ ১ম ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০) ১ম বর্ষ ১ম সেমিস্টার | ২২ মার্চ ২০২২ | ৩২ | ৩২ |
| বিএসসি (অনার্স) ইন ওশানোগ্রাফি ১ম ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৬-২০১৭) ৪র্থ বর্ষ ২য় সেমিস্টার | ২৭ মার্চ ২০২২ | ২৯ | ২৯ |

| | | | |
|---|---|---|---|
| বিএসসি (অনার্স) ইন ওশানোগ্রাফি ৩য় ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯) ২য় বর্ষ ২য় সেমিস্টার | ১২ মে ২০২২ | ৪১ | ৩৯ |
| বিএসসি (অনার্স) ইন ওশানোগ্রাফি ৪র্থ ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০) ১ম বর্ষ ২য় সেমিস্টার | ২৫ এপ্রিল ২০২২ | ২৮ | ২৮ |
| বিএসসি-ইন-নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং ২য় ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯) ২য় বর্ষ ২য় সেমিস্টার | ২২ মে ২০২২ | ৩৬ | ৩১ |
| এলএলবি (অনার্স) ইন মেরিটাইম ল' ১ম ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯) ২য় বর্ষ ২য় সেমিস্টার | ২২ মে ২০২২ | ৩৫ | ৩৩ |
| এলএলবি (অনার্স) ইন মেরিটাইম ল' ২য় ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০) ১ম বর্ষ ২য় সেমিস্টার | ১২ মে ২০২২ | ৩৮ | ৩৪ |
| বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ ১ম ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০) ১ম বর্ষ ২য় সেমিস্টার | ২৫ এপ্রিল ২০২২ | ৩২ | ৩২ |
| বিএসসি (অনার্স) ইন ওশানোগ্রাফি ২য় ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৭-২০১৮) ৩য় বর্ষ ২য় সেমিস্টার | ৩১ মে ২০২২ | ৩৬ | ৩৬ |
| বিএসসি-ইন-নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং ১ম ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৭-২০১৮) ৩য় বর্ষ ২য় সেমিস্টার | ৩১ মে ২০২২ | ২৭ | ২৭ |
| বিএসসি-ইন-নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং ৩য় ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০) ১ম বর্ষ ২য় সেমিস্টার | ৩১ মে ২০২২ | ৩০ | ২৭ |
| বিবিএ-ইন-পোর্ট ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিকস ২য় ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০) ১ম বর্ষ ২য় সেমিস্টার | ৩১ মে ২০২২ | ৩২ | ২৪ |
| বিবিএ-ইন-পোর্ট ম্যানেজমেন্ট অ্যান্ড লজিস্টিকস ১ম ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯) ২য় বর্ষ ২য় সেমিস্টার | ২৩ জুন ২০২২ | ৩৪ | ৩৪ |
| ব্যাচেলর অব মেরিটাইম স্টাডিজ (বিওএমএস) ২য় ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০২১)-এর ১ম সেমিস্টার | ১৪ নভেম্বর ২০২১ | ১৮ | ১৮ |

**স্নাতক পর্যায়ে চূড়ান্ত ফলাফল:**

| পরীক্ষার নাম | ফলাফল প্রকাশের তারিখ | অবতীর্ণ | উত্তীর্ণ |
|---|---|---|---|
| বিএসসি (অনার্স) ইন ওশানোগ্রাফি ১ম ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৬-২০১৭) | ০৯ জুন ২০২২ | ২৯ | ২৯ |

**স্নাতকোত্তর পর্যায়ের বিভিন্ন প্রোগ্রামের সেমিস্টার পরীক্ষাসমূহ:**

| পরীক্ষার নাম | ফলাফল প্রকাশের তারিখ | অবতীর্ণ | উত্তীর্ণ |
|---|---|---|---|
| মাস্টার্স-ইন-পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট (শিক্ষাবর্ষ: ২০১৯-২০; ৫ম ব্যাচ)-এর ১ম সেমিস্টার | ১৮ জুলাই ২০২১ | ১৫ | ১৫ |
| এলএলএম-ইন-মেরিটাইম ল' (শিক্ষাবর্ষ: ২০১৯-২০; ৫ম ব্যাচ)-এর ১ম সেমিস্টার | ১৫ জুলাই ২০২১ | ০৯ | ০৯ |

| | | | |
|---|---|---|---|
| মাস্টার্স-ইন-মেরিটাইম সায়েন্স (শিক্ষাবর্ষ: ২০১৮-১৯; ১ম ব্যাচ)-এর ৩য় সেমিস্টার | ১৮ জুলাই ২০২১ | ০৭ | ০৭ |
| এমবিএ-ইন-মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট ১ম ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৯-২০)-এর ১য় সেমিস্টার | ১৫ জুলাই ২০২১ | ০৫ | ০৫ |
| মাস্টার্স-ইন-মেরিটাইম ডেভেলপমেন্ট অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ ১ম ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৯-২০)-এর ১ম সেমিস্টার | ১৮ জুলাই ২০২১ | ০৭ | ০৭ |
| এমবিএ-ইন-মেরিটাইম বিজনেস (শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০; ৩য় ব্যাচ)-এর ১ম সেমিস্টার | ২৪ আগস্ট ২০২১ | ০৬ | ০৬ |
| মাস্টার্স-ইন-মেরিন বায়ো টেকনোলজি (শিক্ষাবর্ষ: ২০১৯-২০; ২য় ব্যাচ)-এর ১ম সেমিস্টার | ২৪ আগস্ট ২০২১ | ০৬ | ০৬ |
| এমবিএ-ইন-মেরিটাইম বিজনেস (শিক্ষাবর্ষ: ২০১৮-২০১৯; ২য় ব্যাচ)-এর ৩য় সেমিস্টার | ২৮ সেপ্টেম্বর ২০২১ | ০৫ | ০৪ |
| এলএলএম-ইন-মেরিটাইম ল’ ৪র্থ ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৮-১৯)-এর ৩য় সেমিস্টার | ১০ ফেব্রুয়ারি ২০২২ | ১২ | ১২ |
| এলএলএম-ইন-মেরিটাইম ল’ ৪র্থ ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৮-১৯)-এর ৩য় সেমিস্টার (মানোন্নয়ন) | ১০ ফেব্রুয়ারি ২০২২ | ০৩ | ০১ |
| মাস্টার্স-ইন-পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট ৫ম ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৯-২০)-এর ২য় সেমিস্টার | ০৩ ফেব্রুয়ারি ২০২২ | ১৬ | ১৫ |
| এলএলএম-ইন্-মেরিটাইম ল’ ৫ম ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৯-২০)-এর ২য় সেমিস্টার | ৩০ জানুয়ারি ২০২২ | ০৭ | ০৫ |
| এমবিএ ইন মেরিটাইম বিজনেস ৩য় ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৯-২০)-এর ২য় সেমিস্টার | ০৬ ফেব্রুয়ারি ২০২২ | ০৭ | ০৭ |
| মাস্টার্স-ইন-মেরিটাইম সায়েন্স ২য় ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৯-২০;)-এর ২য় সেমিস্টার | ০৩ ফেব্রুয়ারি ২০২২ | ০৬ | ০৬ |
| মাস্টার্স-ইন-মেরিন বায়োটেকনোলজি ২য় ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৯-২০)-এর ২য় সেমিস্টার | ০৮ ফেব্রুয়ারি ২০২২ | ০৫ | ০৫ |
| এমবিএ-ইন-মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট ১ম ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৯-২০)-এর ২য় সেমিস্টার | ০২ ফেব্রুয়ারি ২০২২ | ০৫ | ০৫ |
| মাস্টার্স-ইন-মেরিটাইম ডেভেলপমেন্ট অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ ১ম ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৯-২০)-এর ২য় সেমিস্টার | ৩০ জানুয়ারি ২০২২ | ০৬ | ০৬ |
| মাস্টার্স-ইন-পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট ৪র্থ ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৮-১৯)-এর ৩য় সেমিস্টার | ২২ মে ২০২২ | ১৭ | ০২ (১৫ জন থিসিস সম্পন্ন করেনি) |
| মাস্টার্স-ইন-পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট ৬ষ্ঠ ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০২০-২১)-এর ১ম সেমিস্টার | ০৪ এপ্রিল ২০২২ | ১৯ | ১৯ |
| এমবিএ ইন মেরিটাইম বিজনেস ৪র্থ ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০২০-২১)-এর ১ম সেমিস্টার | ২৭ এপ্রিল ২০২২ | ০৮ | ০৮ |

| | | | |
|---|---|---|---|
| মাস্টার্স-ইন-মেরিন বায়োটেকনোলজি ৩য় ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০২০-২১)-এর ১ম সেমিস্টার | ০৪ এপ্রিল ২০২২ | ০৬ | ০৬ |
| এমবিএ ইন মেরিটাইম বিজনেস ৩য় ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৯-২০)-এর ৩য় সেমিস্টার | ২৩ জুন ২০২২ | ০৭ | ০২ (৫ জন থিসিস সম্পন্ন করেনি) |

**স্নাতকোত্তর পর্যায়ে চূড়ান্ত ফলাফল:**

| পরীক্ষার নাম | ফলাফল প্রকাশের তারিখ | পরীক্ষায় অবতীর্ণ | উত্তীর্ণ |
|---|---|---|---|
| মাস্টার্স-ইন-মেরিটাইম সায়েন্স ১ম ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৮-১৯) | ১০ অক্টোবর ২০২১ | ০৩ | ০৩ |
| মাস্টার্স-ইন-পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট (শিক্ষাবর্ষ: ২০১৮-১৯; ৪র্থ ব্যাচ) | ১৩ জুন ২০২২ | ০২ | ০২ |
| এমবিএ ইন্ মেরিটাইম বিজনেস্ প্রোগ্রামের ১ম ব্যাচ (শিক্ষাবর্ষ: ২০১৭-২০১৮), ৩য় ধাপ | ১৫ ফেব্রুয়ারি ২০২২ | ০১ | ০১ |

## ২০২১-২২ শিক্ষাবর্ষে প্রকাশিত বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত প্রতিষ্ঠানের পরীক্ষার ফলাফলের সার-সংক্ষেপ

**বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রামের অনার্স বিভিন্ন ব্যাচের সেমিস্টার পরীক্ষাসমূহ**

| ক্রমিক | পরীক্ষার নাম | ফলাফল প্রকাশের তারিখ | অবতীর্ণ | উত্তীর্ণ |
|---|---|---|---|---|
| ১ | বিএমএস (অনার্স) ইঞ্জিনিয়ারিং ৮ম সেমিস্টার (কনভার্টেড ১ম ব্যাচ; ৬ষ্ঠ ধাপ) | ২২ মে ২০২২ | ০১ | ০১ |
| ২ | বিএমএস (অনার্স) ইঞ্জিনিয়ারিং ৮ম সেমিস্টার (কনভার্টেড ২য় ব্যাচ; ৯ম ধাপ) | ২২ মে ২০২২ | ০২ | ০২ |
| ৩ | বিএমএস (অনার্স) ইঞ্জিনিয়ারিং ৮ম সেমিস্টার (কনভার্টেড ৮ম ব্যাচ; ২য় ধাপ) | ২২ মে ২০২২ | ০১ | ০১ |
| ৪ | বিএমএস (অনার্স) নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং ৫৬তম ব্যাচ ৩য় সেমিস্টার | ০৮ মে ২০২২ | ১৭২ (নটিক্যাল) | ১৭২ |
| | | | ১৮৭ (ইঞ্জিনিয়ারিং) | ১৮৫ |
| ৫ | বিএমএস (অনার্স) নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং ৮ম সেমিস্টার (কনভার্টেড ৩য় ব্যাচ; ৫ম ধাপ) | ২০ এপ্রিল ২০২২ | ০১ (নটিক্যাল) | ০১ |
| | | | ০৩ (ইঞ্জিনিয়ারিং) | ০৩ |
| ৬ | বিএমএস (অনার্স) নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং ৫৬তম ব্যাচ ২য় সেমিস্টার | ১১ এপ্রিল ২০২২ | ১৭২ (নটিক্যাল) | ১৭২ |
| | | | ১৮৭ (ইঞ্জিনিয়ারিং) | ১৮৭ |

| ক্রমিক | পরীক্ষার নাম | ফলাফল প্রকাশের তারিখ | অবতীর্ণ | উত্তীর্ণ |
|---|---|---|---|---|
| ৭ | বিএমএস (অনার্স) নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং ৭ম সেমিস্টার (কনভার্টেড ১০ম ব্যাচ) | ২৭ মার্চ ২০২২ | ০৮ (নটিক্যাল) | ০৮ |
| | | | ১৭ (ইঞ্জিনিয়ারিং) | ১৭ |
| ৮ | বিএমএস (অনার্স) ইঞ্জিনিয়ারিং ৮ম সেমিস্টার (কনভার্টেড ৪র্থ ব্যাচ; ৬ষ্ঠ ধাপ) | ২৪ মার্চ ২০২২ | ০১ (ইঞ্জিনিয়ারিং) | ০১ |
| ৯ | বিএমএস (অনার্স) নটিক্যাল ৮ম সেমিস্টার (কনভার্টেড ৫ম ব্যাচ; ৫ম ধাপ) | ২০ মার্চ ২০২২ | ০৩ (নটিক্যাল) | ০৩ |
| ১০ | বিএমএস (অনার্স) নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং ৫৬তম ব্যাচ ১ম সেমিস্টার | ১৬ মার্চ ২০২২ | ১৭২ (নটিক্যাল) | ১৭২ |
| | | | ১৮৭ (ইঞ্জিনিয়ারিং) | ১৮৭ |
| ১১ | বিএমএস (অনার্স) নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং ৮ম সেমিস্টার (কনভার্টেড ৮ম ব্যাচ; ১ম ধাপ) | ১৬ মার্চ ২০২২ | ০২ (নটিক্যাল) | ০২ |
| | | | ০৪ (ইঞ্জিনিয়ারিং) | ০৪ |
| ১২ | বিএমএস (অনার্স) ইঞ্জিনিয়ারিং ৮ম সেমিস্টার (কনভার্টেড ৭ম ব্যাচ; ৩য় ধাপ) | ১৬ মার্চ ২০২২ | ০৩ (ইঞ্জিনিয়ারিং) | ০৩ |
| ১৩ | বিএমএস (অনার্স) ইঞ্জিনিয়ারিং ৮ম সেমিস্টার (কনভার্টেড ৯ম ব্যাচ; ১ম ধাপ) | ১০ মার্চ ২০২২ | ০৪ (ইঞ্জিনিয়ারিং) | ০৪ |
| ১৪ | বিএমএস (অনার্স) নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং ৭ম সেমিস্টার (কনভার্টেড ৯ম ব্যাচ; ১ম ধাপ) | ০৩ মার্চ ২০২২ | ৩২ (নটিক্যাল) | ৩২ |
| | | | ২০ (ইঞ্জিনিয়ারিং) | ২০ |
| ১৫ | বিএমএস (অনার্স) নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং ৮ম সেমিস্টার (কনভার্টেড ৪র্থ ব্যাচ; ৫ম ধাপ) | ২৮ ফেব্রুয়ারি ২০২২ | ০২ (নটিক্যাল) | ০২ |
| | | | ০৩ (ইঞ্জিনিয়ারিং) | ০৩ |
| ১৬ | বিএমএস (অনার্স) নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং ৭ম সেমিস্টার (কনভার্টেড ৮ম ব্যাচ; ১ম ধাপ) | ২৪ জানুয়ারি ২০২২ | ৪৬ (নটিক্যাল) | ৪৬ |
| | | | ৫২ (ইঞ্জিনিয়ারিং) | ৫২ |
| ১৭ | বিএমএস (অনার্স) নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং ৮ম সেমিস্টার (কনভার্টেড ৭ম ব্যাচ; ২য় ধাপ) | ১০ জানুয়ারি ২০২২ | ০৪ (নটিক্যাল) | ০৪ |
| | | | ০৪ (ইঞ্জিনিয়ারিং) | ০৪ |
| ১৮ | বিএমএস (অনার্স) নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং ৮ম সেমিস্টার (কনভার্টেড ৬ষ্ঠ ব্যাচ; ৪র্থ ধাপ) | ৩০ ডিসেম্বর ২০২১ | ০১ (নটিক্যাল) | ০১ |
| | | | ০২ (ইঞ্জিনিয়ারিং) | ০২ |
| ১৯ | বিএমএস (অনার্স) নটিক্যাল ৮ম সেমিস্টার (কনভার্টেড ২য় ব্যাচ; ৮ম ধাপ) | ৩০ ডিসেম্বর ২০২১ | ০২ | ০২ |
| ২০ | বিএমএস (অনার্স) ইঞ্জিনিয়ারিং ৮ম সেমিস্টার (কনভার্টেড ৫ম ব্যাচ; ৪র্থ ধাপ) | ৩০ ডিসেম্বর ২০২১ | ০৩ | ০৩ |
| ২১ | বিএমএস (অনার্স) নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং ৮ম সেমিস্টার (৫২তম ব্যাচ, ১ম ধাপ) | ৩০ অক্টোবর ২০২১ | ০২ (নটিক্যাল) | ০২ |
| | | | ০৩ (ইঞ্জিনিয়ারিং) | ০৩ |
| ২২ | বিএমএস (অনার্স) নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং (৫২তম ব্যাচ; ১ম ধাপ, ৭ম সেমিস্টার) | ২৬ অক্টোবর ২০২১ | ০৬ (নটিক্যাল) | ০৬ |
| | | | ০৩ (ইঞ্জিনিয়ারিং) | ০৩ |

| ক্রমিক | পরীক্ষার নাম | ফলাফল প্রকাশের তারিখ | অবতীর্ণ | উত্তীর্ণ |
|---|---|---|---|---|
| ২৩ | বিএমএস (অনার্স) নটিক্যাল (কনভার্টেড ৬ষ্ঠ ব্যাচ; ৩য় ধাপ, ৮ম ধাপ) | ২৮ সেপ্টেম্বর ২০২১ | ০৬ | ০৬ |
| ২৪ | বিএমএস (অনার্স) নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং (৫৫তম ব্যাচ; ৩য় সেমিস্টার) | ১৫ সেপ্টেম্বর ২০২১ | ৯৪ (নটিক্যাল) | ৯৪ |
| | | | ৯৩ (ইঞ্জিনিয়ারিং) | ৯৩ |
| ২৫ | বিএমএস (অনার্স) নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং (৫৫তম ব্যাচ; ৪র্থ সেমিস্টার) | ১৫ সেপ্টেম্বর ২০২১ | ৯৪ (নটিক্যাল) | ৯৪ |
| | | | ৯৩ (ইঞ্জিনিয়ারিং) | ৯৩ |
| ২৬ | বিএমএস (অনার্স) ইঞ্জিনিয়ারিং (কনভার্টেড ৭ম ব্যাচ; ১ম ধাপ, ৮ম সেমিস্টার) | ০৯ সেপ্টেম্বর ২০২১ | ১৬ | ১৬ |
| ২৭ | বিএমএস (অনার্স) নটিক্যাল (কনভার্টেড ৫ম ব্যাচ; ২য় ধাপ, ৭ম সেমিস্টার) | ০৬ সেপ্টেম্বর ২০২১ | ০১ | ০১ |
| ২৮ | বিএমএস (অনার্স) নটিক্যাল (কনভার্টেড ২য় ব্যাচ; ৭ম ধাপ, ৮ম সেমিস্টার) | ৩১ আগস্ট ২০২১ | ০৩ | ০৩ |
| ২৯ | বিএমএস (অনার্স) ইঞ্জিনিয়ারিং (কনভার্টেড ৫ম ব্যাচ; ৩য় ধাপ, ৮ম সেমিস্টার) | ২৬ আগস্ট ২০২১ | ১০ | ১০ |
| ৩০ | বিএমএস (অনার্স) নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং (কনভার্টেড ৪র্থ ব্যাচ; ৪র্থ ধাপ, ৮ম সেমিস্টার) | ১২ আগস্ট ২০২১ | ০৩ (নটিক্যাল) | ০৩ |
| | | | ০৯ (ইঞ্জিনিয়ারিং) | ০৯ |
| ৩১ | বিএমএস (অনার্স) ইঞ্জিনিয়ারিং (কনভার্টেড ২য় ব্যাচ; ৬ষ্ঠ ধাপ, ৮ম সেমিস্টার) | ০৮ আগস্ট ২০২১ | ০৩ | ০৩ |

বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রামের অনার্স বিভিন্ন ব্যাচের চূড়ান্ত ফলাফল

| ক্রমিক | পরীক্ষার নাম | ফলাফল প্রকাশের তারিখ | পরীক্ষায় অবতীর্ণ | উত্তীর্ণ |
|---|---|---|---|---|
| ১ | বিএমএস (অনার্স) ইঞ্জিনিয়ারিং (কনভার্টেড ১ম ব্যাচ; ৫ম ধাপ) | ২২ মে ২০২২ | ০১ | ০১ |
| ২ | বিএমএস (অনার্স) ইঞ্জিনিয়ারিং (কনভার্টেড ২য় ব্যাচ; ১০ম ধাপ) | ২২ মে ২০২২ | ০২ | ০২ |
| ৩ | বিএমএস (অনার্স) ইঞ্জিনিয়ারিং (কনভার্টেড ৮ম ব্যাচ; ২য় ধাপ) | ২২ মে ২০২২ | ০১ | ০১ |
| ৪ | বিএমএস (অনার্স) নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং (কনভার্টেড ৩য় ব্যাচ; ৫ম ধাপ) | ২০ এপ্রিল ২০২২ | ০১ (নটিক্যাল) | ০১ |
| | | | ০৩ (ইঞ্জিনিয়ারিং) | ০৩ |
| ৫ | বিএমএস (অনার্স) নটিক্যাল (কনভার্টেড ৫ম ব্যাচ; ৫ম ধাপ) | ১০ এপ্রিল ২০২২ | ০৩ (নটিক্যাল) | ০৩ |
| ৬ | বিএমএস (অনার্স) ইঞ্জিনিয়ারিং (কনভার্টেড ৪র্থ ব্যাচ; ৬ষ্ঠ ধাপ) | ২৪ মার্চ ২০২২ | ০১ (ইঞ্জিনিয়ারিং) | ০১ |

| ক্রমিক | পরীক্ষার নাম | ফলাফল প্রকাশের তারিখ | পরীক্ষায় অবতীর্ণ | উত্তীর্ণ |
|---|---|---|---|---|
| ৭ | বিএমএস (অনার্স) নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং (কনভার্টেড ৮ম ব্যাচ; ১ম ধাপ) | ১৬ মার্চ ২০২২ | ০২ (নটিক্যাল) | ০২ |
| | | | ০৪ (ইঞ্জিনিয়ারিং) | ০৪ |
| ৮ | বিএমএস (অনার্স) ইঞ্জিনিয়ারিং (কনভার্টেড ৯ম ব্যাচ; ১ম ধাপ) | ১৬ মার্চ ২০২২ | ০২ (ইঞ্জিনিয়ারিং) | ০২ |
| ৯ | বিএমএস (অনার্স) নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং (কনভার্টেড ৪র্থ ব্যাচ; ৫ম ধাপ) | ০৩ মার্চ ২০২২ | ০২ (নটিক্যাল) | ০২ |
| | | | ০৩ (ইঞ্জিনিয়ারিং) | ০৩ |
| ১০ | বিএমএস (অনার্স) নটিক্যাল (কনভার্টেড ৭ম ব্যাচ; ২য় ধাপ) | ২৭ জানুয়ারি ২০২২ | ০৪ | ০৪ |
| ১১ | বিএমএস (অনার্স) ইঞ্জিনিয়ারিং (কনভার্টেড ২য় ব্যাচ; ৯ম ধাপ) | ২৪ জানুয়ারি ২০২২ | ০১ | ০১ |
| ১২ | বিএমএস (অনার্স) ইঞ্জিনিয়ারিং (কনভার্টেড ৫ম ব্যাচ; ৪র্থ ধাপ) | ১০ জানুয়ারি ২০২২ | ০৩ | ০৩ |
| ১৩ | বিএমএস (অনার্স) নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং (কনভার্টেড ৬ষ্ঠ ব্যাচ; ৩য় ধাপ) | ৩০ ডিসেম্বর ২০২১ | ০১ (নটিক্যাল) | ০১ |
| | | | ০২ (ইঞ্জিনিয়ারিং) | ০২ |
| ১৪ | বিএমএস (অনার্স) নটিক্যাল (কনভার্টেড ২য় ব্যাচ; ৮ম ধাপ) | ৩০ ডিসেম্বর ২০২১ | ০২ | ০২ |
| ১৫ | বিএমএস (অনার্স) নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং (৫২তম ব্যাচ; ১ম ধাপ) | ১১ নভেম্বর ২০২১ | ০২ (নটিক্যাল) | ০২ |
| | | | ০৩ (ইঞ্জিনিয়ারিং) | ০৩ |
| ১৬ | বিএমএস (অনার্স) ইঞ্জিনিয়ারিং (কনভার্টেড ৭ম ব্যাচ; ১ম ধাপ, চূড়ান্ত ফলাফল) | ২৬ অক্টোবর ২০২১ | ১৬ | ১৬ |
| ১৭ | বিএমএস (অনার্স) নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং (কনভার্টেড ৬ষ্ঠ ব্যাচ; ২য় ধাপ, চূড়ান্ত ফলাফল) | ২৮ সেপ্টেম্বর ২০২১ | ০৮ (নটিক্যাল) | ০৮ |
| | | | ০৬ (ইঞ্জিনিয়ারিং) | ০৬ |
| ১৮ | বিএমএস (অনার্স) নটিক্যাল (কনভার্টেড ২য় ব্যাচ; ৭ম ধাপ, চূড়ান্ত ফলাফল) | ৩১ আগস্ট ২০২১ | ০৩ | ০৩ |
| ১৯ | বিএমএস (অনার্স) ইঞ্জিনিয়ারিং (কনভার্টেড ৫ম ব্যাচ; ৩য় ধাপ) | ২৬ আগস্ট ২০২১ | ১০ | ১০ |
| ২০ | বিএমএস (অনার্স) ইঞ্জিনিয়ারিং (কনভার্টেড ২য় ব্যাচ; ৬ষ্ঠ ধাপ, চূড়ান্ত ফলাফল) | ১২ আগস্ট ২০২১ | ০৩ | ০৩ |

| ক্রমিক | পরীক্ষার নাম | ফলাফল প্রকাশের তারিখ | পরীক্ষায় অবতীর্ণ | উত্তীর্ণ |
|---|---|---|---|---|
| ২১ | বিএমএস (অনার্স) নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং (কনভার্টেড ৪র্থ ব্যাচ; ৪র্থ ধাপ, চূড়ান্ত ফলাফল) | ১২ আগস্ট ২০২১ | ০৩ (নটিক্যাল) | ০৩ |
| | | | ০৯ (ইঞ্জিনিয়ারিং) | ০৯ |

বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রামের বিএমএস পাস (৩ বছর মেয়াদি) বিভিন্ন ব্যাচের চূড়ান্ত ফলাফল

| ক্রমিক | পরীক্ষার নাম | ফলাফল প্রকাশের তারিখ | পরীক্ষায় অবতীর্ণ | উত্তীর্ণ |
|---|---|---|---|---|
| ১ | বিএমএস (পাস) নটিক্যাল ৫০তম ব্যাচ; ৮ম ধাপ | ৩০ সেপ্টেম্বর ২০২১ | ০৯ | ০৯ |
| ২ | বিএমএস (পাস ) নটিক্যাল ও ইঞ্জিনিয়ারিং ৫১তম ব্যাচ; ৪র্থ ধাপ | ৩০ সেপ্টেম্বর ২০২১ | ৩৪ | ৩৪ |
| | | | ১৩ | ১৩ |
| ৩ | বিএমএস (পাস) নটিক্যাল ৪৬তম ব্যাচ; ৩য় ধাপ | ১৫ সেপ্টেম্বর ২০২১ | ০১ | ০১ |
| ৪ | বিএমএস (পাস) নটিক্যাল ৪৫তম ব্যাচ; ৩য় ধাপ | ২৬ আগস্ট ২০২১ | ০১ | ০১ |
| ৫ | বিএমএস (পাস) নটিক্যাল ৪৭তম ব্যাচ; ৩য় ধাপ | | ০১ | ০১ |
| ৬ | বিএমএস (পাস) ইঞ্জিনিয়ারিং ৫০তম ব্যাচ; ৭ম ধাপ | | ০৫ | ০৫ |

মেরিন ফিশারিজ একাডেমির অনার্স বিভিন্ন প্রোগ্রামের সেমিস্টার পরীক্ষার ফলাফল

| ক্রমিক | ব্যাচ | পরীক্ষার নাম | ফলাফল প্রকাশের তারিখ | পরীক্ষায় অবতীর্ণ | উত্তীর্ণ |
|---|---|---|---|---|---|
| ১ | ৪০তম | বিএসসি (অনার্স)-ইন্- মেরিন ফিশারিজ ৩য় বর্ষ ১ম সেমিস্টার | ২০ জুন ২০২২ | ২২ | ২২ |
| ২ | ৪০তম | বিএসসি (অনার্স)-ইন্- মেরিন ফিশারিজ ৩য় বর্ষ ২য় সেমিস্টার | ২০ জুন ২০২২ | ২২ | ২২ |
| ৩ | ৪১তম | বিএসসি (অনার্স)-ইন্-নটিক্যাল স্টাডিজ ২য় বর্ষ ২য় সেমিস্টার | ২০ জুন ২০২২ | ৩৩ | ৩৩ |
| | | বিএসসি-ইন্-মেরিন ইঞ্জিনিয়ারিং ২য় বর্ষ ২য় সেমিস্টার | | ৩১ | ৩১ |
| | | বিএসসি (অনার্স)-ইন্- মেরিন ফিশারিজ ২য় বর্ষ ২য় সেমিস্টার | | ২০ | ২০ |
| ৪ | ৩৯তম | বিএসসি (অনার্স)-ইন্- মেরিন ফিশারিজ ৪র্থ বর্ষ | ১৩ জুন ২০২২ | ১৪ | ১৪ |
| ৫ | ৪১তম | বিএসসি (অনার্স)-ইন্-নটিক্যাল স্ট্যাডিজ ২য় বর্ষ ১ম সেমিস্টার | ২২ মে ২০২২ | ৩৫ | ৩৫ |
| | | বিএসসি-ইন্-মেরিন ইঞ্জিনিয়ারিং | | ৩২ | ৩২ |
| | | বিএসসি (অনার্স)-ইন্- মেরিন ফিশারিজ | | ২৫ | ২৫ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৬ | ৪১তম | বিএসসি (অনার্স)-ইন্-নটিক্যাল স্টাডিজ ১ম বর্ষ ২য় সেমিস্টার | ০৮ মে ২০২২ | ৩৫ | ৩৫ |
| | | বিএসসি-ইন্-মেরিন ইঞ্জিনিয়ারিং ১ম বর্ষ ২য় সেমিস্টার | | ৩৩ | ৩৩ |
| | | বিএসসি (অনার্স)-ইন্- মেরিন ফিশারিজ ১ম বর্ষ ২য় সেমিস্টার | | ২৫ | ২৫ |
| ৭ | ৪১তম | বিএসসি (অনার্স)-ইন্-নটিক্যাল স্ট্যাডিজ ১ম বর্ষ ১ম সেমিস্টার | ০৯ ডিসেম্বর ২০২১ | ৩৫ | ৩৫ |
| | | বিএসসি-ইন্-মেরিন ইঞ্জিনিয়ারিং ১ম বর্ষ ১ম সেমিস্টার | | ৩৩ | ৩৩ |
| | | বিএসসি (অনার্স)-ইন্- মেরিন ফিশারিজ ১ম বর্ষ ১ম সেমিস্টার | | ২৫ | ২৫ |
| ৮ | ৩৯তম | বিএসসি (অনার্স)-ইন্-নটিক্যাল স্টাডিজ ৩য় বর্ষ | ১৫ নভেম্বর ২০২১ | ২৬ | ২৬ |
| | | বিএসসি-ইন্-মেরিন ইঞ্জিনিয়ারিং ৩য় বর্ষ | | ২৭ | ২৭ |
| | | বিএসসি (অনার্স)-ইন্- মেরিন ফিশারিজ ৩য় বর্ষ | | ১৪ | ১৪ |
| ৯ | ৪০তম | বিএসসি (অনার্স)-ইন্-নটিক্যাল স্টাডিজ ২য় বর্ষ ২য় সেমিস্টার | ১৫ নভেম্বর ২০২১ | ৩৭ | ৩৭ |
| | | বিএসসি-ইন্-মেরিন ইঞ্জিনিয়ারিং ২য় বর্ষ ২য় সেমিস্টার | | ৩৯ | ৩৯ |
| | | বিএসসি (অনার্স)-ইন্- মেরিন ফিশারিজ ২য় বর্ষ ২য় সেমিস্টার | | ২২ | ২২ |
| ১০ | ৪০তম | বিএসসি (অনার্স)-ইন্-নটিক্যাল স্টাডিজ ২য় বর্ষ ১ম সেমিস্টার | ২৮ সেপ্টেম্বর ২০২১ | ৩৭ | ৩৭ |
| | | বিএসসি-ইন্-মেরিন ইঞ্জিনিয়ারিং ২য় বর্ষ ১ম সেমিস্টার | | ৩৯ | ৩৯ |
| | | বিএসসি (অনার্স)-ইন্- মেরিন ফিশারিজ ২য় বর্ষ ১ম সেমিস্টার | | ২২ | ২২ |
| ১১ | ৪০তম | বিএসসি (অনার্স)-ইন্-নটিক্যাল স্টাডিজ ১ম বর্ষ ২য় সেমিস্টার | ২৬ আগস্ট ২০২১ | ৩৭ | ৩৭ |
| | | বিএসসি-ইন্-মেরিন ইঞ্জিনিয়ারিং ১ম বর্ষ ২য় সেমিস্টার | | ৩৯ | ৩৯ |
| | | বিএসসি (অনার্স)-ইন্- মেরিন ফিশারিজ ১ম বর্ষ ২য় সেমিস্টার | | ২২ | ২২ |

## উন্নয়ন কর্মকাণ্ড

ক্রমবিকাশের ধারাবাহিকতায় বিশ্ববিদ্যালয়ের কলেবর দিন দিন বৃদ্ধিহেতু অত্র দপ্তরের কর্মকাণ্ডও ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। আগামী ০১ (এক) বছরে অনুষ্ঠিতব্য পরীক্ষা সমূহ সুষ্ঠুভাবে সম্পন্নের নিমিত্তে ইতোমধ্যে প্রয়োজনীয় উত্তরপত্রসহ অন্যান্য উপকরণ গুদামজাত করা হয়েছে। এতদ্ব্যতীত, BSMRMU Integrated Management System (BIMS)-সফটওয়্যারের সাহায্যে এ বিশ্ববিদ্যালয়ের স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের বিভিন্ন প্রোগ্রামের ফলাফল প্রকাশ করা হচ্ছে।

# অর্থ ও হিসাব দপ্তরের গৃহীত কার্যক্রম

বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর হতে বর্তমান সময় পর্যন্ত অর্থ ও হিসাব দপ্তরের অধীনে বিভিন্ন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়েছে। আলোচ্য অর্থবছরে অর্থ কমিটির সভাসহ নিম্নবর্ণিত কার্যক্রম সম্পন্ন করা হয়:

## অর্থ কমিটির সভা ও অন্যান্য কার্যক্রম

২০২১-২২ অর্থ বছরে অর্থ কমিটির সভাসহ নিম্নবর্ণিত কার্যক্রম সম্পন্ন করা হয়েছে:

ক। অর্থ কমিটির ০৪ টি সভা
খ। বাজেট পর্যালোচনা সভা
গ। বাজেট বাস্তবায়ন ও অগ্রগতি সংক্রান্ত সভা

## বাজেট পর্যালোচনা সভা

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ০৪ জন কর্মকর্তা ও অত্র বিশ্ববিদ্যালয়ের হিসাব দপ্তরের কর্মকর্তাদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের বাজেট পর্যালোচনা সভা ৩-৪ নভেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের কর্মকর্তাগণ বিশ্ববিদ্যালয়ের ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২২-২৩ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট পরীক্ষা নিরীক্ষা ও পর্যালোচনা করতঃ বিভিন্ন সুপারিশ প্রদান করেন।

## বাজেট ব্যবস্থাপনা ও অগ্রগতি সংক্রান্ত সভা

বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর মহোদয়ের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের বাজেট বাস্তবায়ন ও অগ্রগতি সংক্রান্ত ০৩ টি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভাসমূহে ২০২১-২২ অর্থ বছরের বাজেটের বাস্তবায়ন অগ্রগতি, ২০২১-২২ অর্থবছরের সংশোধিত বাজেট, ২০২২-২৩ অর্থবছরের মূল বাজেট এবং ২০২১-২২ অর্থ বছরের ক্রয় কার্যের অগ্রগতি নিয়ে আলোচনা ও গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়।

## বিশ্ববিদ্যালয়ের বাজেট

২০২১-২২ অর্থবছরে বিশ্ববিদ্যালয়ের মূল বাজেট ৪৪ কোটি ৫৭ লক্ষ টাকা। উক্ত মূল বাজেটের বিপরীতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক ২০২১-২২ অর্থবছরে ৪৬ কোটি ৬৫ লক্ষ টাকার সংশোধিত বাজেট এবং ২০২২-২৩ অর্থবছরের জন্য ৪৬ কোটি ৭৯ লক্ষ টাকার মূল বাজেট অনুমোদন করা হয়।

## গৃহ নির্মাণ ঋণ সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর



*সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠান*

পাবলিক বিশ্ববিদ্যালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের শিক্ষক/কর্মচারীদের জন্য ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে গৃহ নির্মাণ ঋণ নীতিমালা ২০১৯ এর আওতায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/ কর্মচারীদের জন্যে গৃহ নির্মাণ ঋণ কার্যক্রম শুরু করার নিমিত্তে ০৫ এপ্রিল ২০২২ তারিখে সোনালী ব্যাংক লিমিটেড ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির মধ্যে এক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। অর্থ মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত এ সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে সোনালী ব্যাংকের পক্ষে উপব্যবস্থাপনা পরিচালক জনাব মো: মোরশেদুল কবীর, বিশ্ববিদ্যালয়ের পক্ষে ট্রেজারার কমডোর এ কে এম মারুফ হাসান, এনইউপি, বিসিজিএমএস, পিএসসি, বিএন, এবং অর্থ মন্ত্রণালয়ের পক্ষে অর্থ বিভাগের অতিরিক্ত সচিব জনাব বিশ্বজিৎ ভট্টাচার্য্য নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। বিশ্ববিদ্যালয়ের অর্থ ও হিসাব বিভাগের পরিচালক ক্যাপ্টেন সাঈদ মাহমুদ হাসান এবং উপ পরিচালক জনাব মো: শাহবুদ্দিন উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

## গোষ্ঠী বীমা করার নিমিত্তে বীমা কোম্পানী নির্বাচনের জন্য মতবিনিময় সভা

বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের গোষ্ঠীবীমার জন্য বীমা কোম্পানী নির্বাচনের লক্ষ্যে ১২ জুন ২০২২ তারিখ বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়ামে ট্রেজারার এ কে এম মারুফ হাসানের সভাপতিত্বে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, পরিচালক(অর্থ ও হিসাব) সহ শিক্ষক, কর্মকর্তা ও নির্বাচিত কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। উক্ত মতবিনিময় সভার সিদ্ধান্তক্রমে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের গোষ্ঠী বীমা করার জন্য বীমা কোম্পানী নির্বাচন করা হয়।

## নীতিমালা প্রণয়ন

বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কারিকুলামে শিক্ষাসফর অন্তর্ভুক্ত থাকলেও শিক্ষা সফরের ব্যয় নির্বাহের ক্ষেত্রে কোন নীতিমালা ছিল না। প্রতিবেদনাধীন বছরের ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দে শিক্ষাসফরের ব্যয় প্রমিতকরণের জন্য একটি নীতিমালা প্রণয়ন করা হয়। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের অনার্স ১ম বর্ষ ভর্তি পরীক্ষার সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সম্মানী নির্ধারণ সংক্রান্ত সর্বসম্মত একটি নীতিমালা প্রণয়ন করা হয়।

# পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন দপ্তরের কার্যক্রম

পরিকল্পনা, উন্নয়ন ও মূল্যায়ন দপ্তর অত্র বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠালগ্ন থেকেই ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশনায় স্থায়ী ক্যাম্পাসের জন্য জমি অধিগ্রহণ, অস্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা, ডিপিপি প্রণয়ন ও অনুমোদন, অর্গানোগ্রাম প্রণয়ন ও অনুমোদন (TO & E) এবং বাৎসরিক ক্রয় পরিকল্পনা প্রণয়নসহ গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন করে আসছে। উল্লেখ্য যে, সাম্প্রতিক UNESCO কর্তৃক ঘোষিত "Decade of Ocean Science" (2021-2030) এর লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ" এর জন্য একটি সমুদ্র গবেষণা কেন্দ্র স্থাপনের এলাকা নির্বাচন ও মৌজা ম্যাপ তৈরি করা হয়েছে। এছাড়াও, বিগত বৎসরের উল্লেখযোগ্য কার্যক্রম নিম্নে লিপিবদ্ধ করা হলোঃ

## স্থায়ী ক্যাম্পাস নির্মাণের অগ্রগতিঃ

"বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা" শীর্ষক প্রকল্পের জন্য বরাদ্দকৃত চট্টগ্রাম জেলার হামিদচর এলাকায় ১০৬.৬৬ একর জায়গায় প্রকল্পের কাজ চলমান রয়েছে। ইতোমধ্যে প্রকল্প এলাকার মাটি ভরাট কাজ, বাঁধ নির্মাণ এবং সয়েল টেস্টের কাজ সম্পন্ন হয়েছে। এছাড়াও, ডিজাইন ও বিওকিউ (BOQ) রিভিশনপূর্বক প্রকল্পের আরডিপিপি (RDPP) ইউজিসি-এর মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয় বরাবর প্রেরণ করা হয়েছে।



*প্রকল্প এলাকার বর্তমান অবস্থা*

## অস্থায়ী ক্যাম্পাস স্থানান্তরের অগ্রগতিঃ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির বর্তমান ক্যাম্পাস ঢাকা হতে চট্টগ্রামে অস্থায়ী ক্যাম্পাসে স্থানান্তরের জন্য ৬ ফেব্রুয়ারি ২০২২ একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি ভাড়া ভিত্তিক অস্থায়ী ক্যাম্পাস স্থানান্তরের লক্ষ্যে চট্টগ্রাম শহর এবং তদ্সংলগ্ন এলাকা পরিদর্শন করেন। পরিদর্শন শেষে অস্থায়ী/বর্তমান ক্যাম্পাস চট্টগ্রামে স্থানান্তরের বিষয়ে গঠিত পর্ষদ কর্তৃক সার্বিক বিষয় বিবেচনা শেষে নিম্নলিখিত সুপারিশ উপস্থাপন করা হয়।

ক। বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাস হিসাবে দরদাতা প্রতিষ্ঠানসমূহের মধ্য থেকে শিক্ষা উপযোগী (স্নাতক) ভবন বিবেচনা করে ভাড়া নেওয়ার জন্য সুপারিশ করা হয়।

খ। স্বল্প পরিসরে স্নাতকোত্তর প্রোগ্রাম ঢাকায় চালু রাখার সুপারিশ করা হয়।

গ। চট্টগ্রামে অস্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা সংক্রান্ত সমুদয় অতিরিক্ত খরচ এবং ঢাকা ও চট্টগ্রামে সকল ভাড়া বাবদ খরচ UGC কর্তৃক বরাদ্দ দেয়া যেতে পারে মর্মে সুপারিশ করা হয়।

এ বিষয়ে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন ইউজিসিতে প্রেরণ করা হয়েছে।

## অস্থায়ী ক্যাম্পাসের পুনর্বিন্যাসের কাজ (মেঘনা ভবন):

বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠালগ্ন থেকে ১০তলা বিশিষ্ট মেঘনা ভবন ভাড়া গ্রহণ করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করে আসছে। উক্ত ভবনে নিম্নলিখিত কার্যাবলি সম্পাদন করা হয়েছে:

- ❖ স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ে নতুন ব্যাচের শিক্ষার্থীদের শ্রেণিকক্ষ স্বল্পতা সমন্বয়পূর্বক দুই শিফটে একাডেমিক এবং প্রশাসনিক কার্যক্রম পরিচালনা করা হয়েছে।
- ❖ মেঘনা ভবনের ৩য় ফ্লোরে ০৪ জন সহকারী অধ্যাপক এবং ০২ জন প্রভাষক এর জন্য নতুন অফিস কক্ষের ব্যবস্থা করা হয়েছে।
- ❖ ফ্লোরওয়াইজ বিভিন্ন ফ্যাকাল্টির শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীদের আসন পুনর্বিন্যাস করা হয়েছে।
- ❖ করোনাকালীন শিক্ষা কার্যক্রম চলমান রাখার জন্য আধুনিক অনলাইন ক্লাসরুম স্থাপন করা হয়েছে।



*অনলাইন ক্লাসরুম*

## বর্ধিত অস্থায়ী ক্যাম্পাস (পদ্মা ভবন):

বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রম অব্যাহত ভাবে বৃদ্ধি পাওয়ায় মিরপুর সাড়ে এগারোতে অবস্থিত বর্ধিত ভবন পদ্মায় নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে:

- ❖ অতিরিক্ত ছাত্রছাত্রীদের জন্য ক্লাসরুমের এবং পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরসহ নতুন শিক্ষক ও কর্মকর্তাদের জন্য অফিস কক্ষের পুনর্বিন্যাস করা হয়েছে।
- ❖ ১৯০ বর্গফুটের মুক্তিযুদ্ধ কর্নার স্থাপন করা হয়েছে যা মাননীয় ভাইস-চ্যান্সেলর কর্তৃক উদ্বোধন করা হয়েছে এবং এর কার্যক্রম পূর্ণরূপে চলমান রয়েছে।
- ❖ ব্যাচ এবং ছাত্র-ছাত্রীর সংখ্যা ক্রমবর্ধমান হওয়ায় ক্লাসরুম পুনর্বিন্যাস করতঃ দুই শিফটে ক্লাস, ল্যাব এবং অফিস কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।





*মুক্তিযুদ্ধ কর্নার উদ্বোধন*

# একাডেমিক কোয়ালিটি অ্যাস্যুরেন্স অ্যান্ড ইভালুয়েশন ডিপার্টমেন্টের কার্যক্রম

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ প্রতিষ্ঠার শুরু থেকেই উচ্চ শিক্ষার গুণগত মান বৃদ্ধিতে বদ্ধপরিকর। এরই প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ে জুলাই ২০১৬ সাল হতে একাডেমিক কোয়ালিটি অ্যাসুরেন্স অ্যান্ড ইভালুয়েশন ডিপার্টমেন্ট প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠার শুরু থেকেই এ বিভাগটি বিশ্ববিদ্যালয়ের উচ্চ শিক্ষার মান উন্নয়ন, শিক্ষকদের শিখন-শিক্ষণ এর পদ্ধতি ও দক্ষতা বৃদ্ধিতে কাজ করে আসছে। এ বিভাগটি বিশ্ববিদ্যালয়ের অনুষদ সদস্যবৃন্দের দক্ষতা বৃদ্ধিতে অভ্যন্তরীণ সেমিনার, অন্যান্য বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কোয়ালিটি স্পেশালিস্টদের দ্বারা সেমিনার ও ওয়ার্কশপের আয়োজন করে থাকে। এছাড়াও শিক্ষক, শিক্ষার্থী ও শিক্ষাব্যবস্থা প্রভৃতির উন্নয়নে এ দপ্তর মূল্যায়ন কার্যক্রম শুরু করেছে।

## বিশ্ববিদ্যালয়ের ১ম ফাউন্ডেশন ট্রেনিং কোর্স

একাডেমিক কোয়ালিটি অ্যাস্যুরেন্স অ্যান্ড ইভালুয়েশন ডিপার্টমেন্টের তত্ত্বাবধানে বিশ্ববিদ্যালয়ের ১ম ফাউন্ডেশন ট্রেনিং কোর্স ০৯ ডিসেম্বর ২০২১ থেকে ১৩ জানুয়ারি ২০২২ পর্যন্ত অনুষ্ঠিত হয়। উক্ত ট্রেনিং কোর্সে বিশ্ববিদ্যালয়ের ১১ জন অনুষদ সদস্য ও ১৩ জন কর্মকর্তাসহ মোট ২৪ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। কোর্সটিতে রিসোর্স পার্সন হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ২ জন সচিব, ৩ জন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, এমিরেটাস অধ্যাপক, অধ্যাপকবৃন্দ, অতিরিক্ত সচিব, যুগ্ম সচিব, উপ-সচিব, বিভিন্ন প্রতিষ্ঠানের পরিচালক এবং বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ অনুষদ সদস্য ও কর্মকর্তাবৃন্দ পাঠদান করেন। কোর্সটিতে অনুষদ সদস্যদের পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য শিক্ষকতার উপরে বেশ কয়েকটি পৃথক মডিউল এবং কর্মকর্তার পেশাগত দক্ষতা বৃদ্ধিসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরের সার্বিক কার্যক্রম সম্পর্কে সম্যক ধারণা প্রদান করা হয়। ট্রেনিং কোর্সের অংশ হিসেবে শিক্ষা মন্ত্রণালয়, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট (বোরি), বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্ (বিইউপি), বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) সহ বিভিন্ন প্রতিষ্ঠান পরিদর্শন করেন।




*১ম ফাউন্ডেশন ট্রেনিং কোর্সের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি, ভাইস-চ্যান্সেলর মহোদয় ও কোর্স পরিচালকের সাথে প্রশিক্ষণার্থীবৃন্দ*



*১ম ফাউন্ডেশন ট্রেনিং কোর্সের প্রশিক্ষণার্থী কর্তৃক চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ (সিপিএ) পরিদর্শন*



*১ম ফাউন্ডেশন ট্রেনিং কোর্সের প্রশিক্ষণার্থী কর্তৃক বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট (বোরি) পরিদর্শন*



*শ্রেণিকক্ষে ফাউন্ডেশন ট্রেনিং-এ অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীগণ*

## অভ্যন্তরীণ ফ্যাকাল্টি সেমিনার

বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদ ও বিভাগের শিক্ষকদের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে একাডেমিক কোয়ালিটি অ্যাস্যুরেন্স অ্যান্ড ইভালুয়েশন ডিপার্টমেন্ট ২০১৭ থেকে ধারাবাহিকভাবে পাক্ষিক ভিত্তিতে সোমবার অভ্যন্তরীণ ফ্যাকাল্টি সেমিনার আয়োজন করে আসছে। ইতোমধ্যে যার ৪টি ধাপ সফলভাবে সম্পন্ন হয়েছে এবং ৫ম ধাপের কার্যক্রম চলমান রয়েছে। জুলাই ২০২১-জুন ২০২২ সময়ে যে সকল অভ্যন্তরীণ ফ্যাকাল্টি সেমিনার আয়োজিত হয়েছে তাদের তালিকা নিম্নরূপঃ

| ক্রমিক | তারিখ | বক্তা | প্রবন্ধ |
|---|---|---|---|
| ০১ | ০৫ জুলাই ২০২১ | ফারহানা আক্তার, সহকারী অধ্যাপক, রসায়ন বিভাগ | Prospects and Challenges of Mangroves in the Northern Bay of Bengal. |
| ০২ | ০২ আগস্ট ২০২১ | মেহরান ইসলাম, প্রভাষক, নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং বিভাগ | Numerical Simulation and Assessment of Transport Refrigeration Vehicle Performance in Bangladesh. |
| ০৩ | ২৮ ফেব্রুয়ারি ২০২২ | ড. ফেরদৌসী বেগম, সহকারী অধ্যাপক, রসায়ন বিভাগ | Physicochemical Parameters of the sea water in the Northern Bay of Bengal. |
| ০৪ | ১৪ মার্চ ২০২২ | মোঃ নাজমুস সাকিব, প্রভাষক, মেরিটাইম সায়েন্স বিভাগ | Marine Environmental Vulnerability from Blue Economy Activities and the Pollution Control Policy Support Tools. |
| ০৫ | ২৫ মার্চ ২০২২ | ড. মোঃ আসরাফুল আলম, সহকারী অধ্যাপক, মেরিটাইম ল' বিভাগ | Marine Spatial Planning and Sustainable Blue Economy for Bangladesh: A Policy Analysis. |
| ০৬ | ১১ এপ্রিল ২০২২ | মোহাম্মদ মমতাজুল হক আজাদ, সহকারী অধ্যাপক, ব্যবস্থাপনা বিভাগ | Impact of Covid-19 on the Tourism & Marine Tourism of Bangladesh: Challenges & Roadmap for Recovery. |
| ০৭ | ২৫ এপ্রিল ২০২২ | মোঃ সাইফুল ইসলাম, সহকারী অধ্যাপক, মেরিটাইম ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগ | Decolonizing Sustainability Indicator: A Case Study on Community Based Tourism in Boga-Lake, Bandarban. |
| ০৮ | ১৩ জুন ২০২২ | ড. মারিয়া জামান, সহকারী অধ্যাপক, মেরিন ফিশারিজ অ্যান্ড অ্যাকুয়াকালচার বিভাগ | Fish Pass: A New Concept of Fish Conservation |
| ০৯ | ২০ জুন ২০২২ | ড. এম মাহফুজা খাতুন, সহকারী অধ্যাপক, জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি বিভাগ | Renewable Bioenergy Production by Consolidated Bioprocessing. |



*অভ্যন্তরীণ ফ্যাকাল্টি সেমিনারে রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক ড. ফেরদৌসী কর্তৃক প্রবন্ধ উপস্থাপন*



*অভ্যন্তরীণ ফ্যাকাল্টি সেমিনারে মেরিটাইম সায়েন্স বিভাগের প্রভাষক মোঃ নাজমুস সাকিব কর্তৃক প্রবন্ধ উপস্থাপন*

## মাসিক বিশেষজ্ঞ/ফ্যাকাল্টি সেমিনার

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ প্রতিষ্ঠার শুরু থেকেই অনুষদ সদস্য ও কর্মকর্তাদের কর্মদক্ষতা বৃদ্ধিকল্পে শিক্ষা সংক্রান্ত বিভিন্ন গবেষণা/বিষয়সমূহ দেশের বিভিন্ন গুরুত্বপূর্ণ ইস্যুতে বিশ্ববিদ্যালয়ের ডিন, অধ্যাপক এবং অন্যান্য বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠানের স্বনামধন্য শিক্ষাবিদ ও বিশেষজ্ঞ কর্তৃক মাসিক ভিত্তিতে বিশেষজ্ঞ/ফ্যাকাল্টি সেমিনার আয়োজন করে থাকে। এরই ধরাবাহিকতায় একাডেমিক কোয়ালিটি অ্যাস্যুরেন্স অ্যান্ড ইভালুয়েশন ডিপার্টমেন্ট এর তত্ত্বাবধানে ফ্যাকাল্টি অব মেরিটাইম বিজনেস স্টাডিজ কর্তৃক ২০ এপ্রিল ২০২২ তারিখে "A Preliminary Study to Develop a Phased Approach for Maritime Tourism Development in Bangladesh" শীর্ষক ওয়ার্কশপ এবং ২৩ মে ২০২২ তারিখে "Impact of COVID-19 on Tourism Industry of Bangladesh: way forward and strategies for neo-normal situation." শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়।

## How to Implement the Outcome Based Education (OBE) শীর্ষক ওয়ার্কশপে অংশগ্রহণ

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক আয়োজিত How to Implement the Outcome Based Education (OBE) শীর্ষক ওয়ার্কশপে ২২-২৩ সেপ্টেম্বর ২০২১ তারিখে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কোয়ালিটি অ্যাস্যুরেন্স অ্যান্ড ইভালুয়েশ ডিপার্টমেন্টের পরিচালক ক্যাপ্টেন এ কে এম আমিনুল আজিম, (এস), এএফডব্লিউসি, পিএসসি, বিএন, রসায়ন বিভাগের সহকারী অধ্যাপক ড. ফেরদৌসী বেগম, ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক ড. খন্দকার আতিকুর রহমান ও ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগের সহকারী অধ্যাপক ড. এস. এম. মোস্তাফিজুর রহমান অংশগ্রহণ করেন।

## বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি) কর্তৃক আয়োজিত ট্রেনিং ওয়ার্কশপে অংশগ্রহণ

উচ্চশিক্ষায় গুণগতমান নিশ্চিতকরণ এবং অ্যাক্রেডিটেশন মানদণ্ড প্রতিপালনে বিশ্ববিদ্যালয়সমূহের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ১৪ ও ১৫ নভেম্বর ২০২১ তারিখে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি) কর্তৃক আয়োজিত "Bangladesh National Qualification Framework (BNQF)" ও "Training on Accreditation Rules and Standards" শীর্ষক ট্রেনিং ওয়ার্কশপে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কোয়ালিটি অ্যাস্যুরেন্স অ্যান্ড ইভালুয়েশন ডিপার্টমেন্টের পরিচালক ক্যাপ্টেন এ কে এম আমিনুল আজিম, (এস), এএফডব্লিউসি,

পিএসসি, বিএন ও সহকারী পরিচালক মোঃ মাইনুর রহমান অংশগ্রহণ করেন। পরবর্তীতে ২১-২৪ ফেব্রুয়ারি ২০২২ তারিখে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি) কর্তৃক আয়োজিত "Bangladesh National Qualification Framework (BNQF)" ও "Outcome Based Education (OBE)" শীর্ষক ট্রেনিং ওয়ার্কশপে বিশ্ববিদ্যালয়ের মেরিন ফিশারিজ অ্যান্ড অ্যাকুয়াকালচার বিভাগের সহকারী অধ্যাপক ড. মারিয়া জামান, ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি বিভাগের প্রভাষক মোঃ আল আমিন এবং মোসাঃ ইসরাত জাহান মিলি অংশগ্রহণ করেন।

ভবিষ্যতে ইউজিসির সাথে একাডেমিক কোয়ালিটি সংক্রান্ত প্রজেক্ট ও স্থায়ী কার্যক্রমের সাথে একীভূতকরণ ও বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল এর সদস্যপদ এবং অ্যাক্রেডিটেশন সার্টিফিকেট অর্জনের লক্ষমাত্রা এই বিভাগের রয়েছে। সেই সাথে দেশি বিদেশি বিশেষজ্ঞ দ্বারা সেমিনার, প্রশিক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম অব্যাহত থাকবে। এছাড়াও নবনিযুক্ত ফ্যাকাল্টি মেম্বার ও কর্মকর্তাদের পেশাগত দক্ষতা বৃদ্ধিকল্পে ২য় ফাউন্ডেশন ট্রেনিং ও  ইংরেজি ভাষার উপর দক্ষতা বৃদ্ধিতে ব্রিটিশ কাউন্সিল এর তত্ত্বাবধানে শীঘ্রই একটি শর্ট কোর্স পরিচালনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

# কলেজ, একাডেমি ও ইনস্টিটিউট পরিদর্শক দপ্তরের কার্যক্রম

## ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি, গাজীপুরকে অধিভুক্তকরণ ও পরিদর্শন





*ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি পরিদর্শন*

৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ২৮তম সভার সিদ্ধান্ত-২২ মোতাবেক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির অধীনে ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমিকে অধিভুক্ত করা হয়। ভাইস চ্যান্সেলর মহোদয়ের নেতৃত্বে একটি পরিদর্শন টিম ২৯ নভেম্বর ২০২১ তারিখে ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি, গাজীপুর পরিদর্শন করেন। ভাইস চ্যান্সেলর মহোদয় ক্যাডেটদের কুচকাওয়াজ পরিদর্শন এবং একাডেমির প্রশাসনিক ও একাডেমিক অবকাঠামো, শিক্ষা কার্যক্রমসহ সার্বিক ব্যবস্থাপনার উপর সন্তোষ প্রকাশ করেন। এছাড়াও তিনি একাডেমির শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন।

## মেরিন ফিশারিজ একাডেমি পরিদর্শন





*মেরিন ফিশারিজ একাডেমি পরিদর্শন*

বিশ্ববিদ্যালয়ের ০৩ (তিন) সদস্যের একটি প্রতিনিধি দল ২৯ সেপ্টেম্বর ২০২১ তারিখে মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম পরিদর্শন করেন। ০৯ নভেম্বর ২০২১ তারিখে একাডেমির ৪১তম ব্যাচের সেমিস্টার ফাইনাল পরীক্ষায় অত্র দপ্তরের কর্মকর্তা নাম পর্যবেক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন। ভাইস চ্যান্সেলর মহোদয়ের নেতৃত্বে একটি পরিদর্শন টিম ০২/১২/২০২১ তারিখে মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম পরিদর্শন করেন। পরিদর্শন টিম কর্তৃক একাডেমির শিক্ষা কার্যক্রম, প্রশাসনিক ও একাডেমিক ভবন, লাইব্রেরি, ক্যাডেট ব্লক, বিভিন্ন গবেষণাগার, ফিস মিউজিয়াম, সুইমিং পুল, জিমনেশিয়ামসহ বিভিন্ন অবকাঠামো পরিদর্শন করা হয়। ভাইস চ্যান্সেলর মহোদয় একাডেমির ক্যাডেট, শিক্ষক ও কর্মচারীদের উদ্দেশ্যে জ্ঞানগর্ভমূলক বক্তব্য প্রদান করেন। এছাড়াও একাডেমির সার্বিক কার্যক্রমে পরিদর্শন টিমের সকল সদস্য সন্তোষ প্রকাশ করেন।

## বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম পরিদর্শন

বিশ্ববিদ্যালয়ের ০৩ (তিন) সদস্যের একটি প্রতিনিধি দল ২৮ সেপ্টেম্বর ২০২১ তারিখে বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম পরিদর্শন করেন। অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহের মানোন্নয়নের লক্ষ্যে পরিদর্শন দল কর্তৃক সন্তোষ প্রকাশসহ বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করা হয়। একাডেমির ৫৬তম ব্যাচের ৩য় সেমিস্টার ফাইনাল পরীক্ষায় অত্র দপ্তরের কর্মকর্তা নাম পর্যবেক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন। একাডেমির শিক্ষা কার্যক্রমের উন্নয়ন ও পরীক্ষা গ্রহণের নিমিত্তে ইন্সপেক্টর অব একাডেমিস, ইনস্টিটিউশন দপ্তরের কর্মকর্তাবৃন্দ বিভিন্ন সময়ে অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন করেন।

## বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেট পরিদর্শন





*বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেট পরিদর্শন*

বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেট এর পক্ষ হতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর অধীনে অধিভুক্তির লক্ষ্যে ০১/১২/২০২১ তারিখে আবেদন দাখিল করা হয়। বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেটের আবেদনের প্রেক্ষিতে শিক্ষক এবং কর্মকর্তাদের সমন্বয়ে আবেদনপত্র ও যোগ্যতা যাচাই এবং পরিদর্শন সংক্রান্ত একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি ১৪ ও ১৫ ফেব্রুয়ারি ২০২২ তারিখে বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেট পরিদর্শন করেন।

## বাংলাদেশ মেরিন একাডেমি, রংপুর পরিদর্শন






*বাংলাদেশ মেরিন একাডেমি, রংপুর পরিদর্শন*

বাংলাদেশ মেরিন একাডেমি, রংপুর এর পক্ষ হতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর অধীনে অধিভুক্তির লক্ষ্যে ২২/১১/২০২১ তারিখে আবেদন দাখিল করা হয়। বাংলাদেশ মেরিন একাডেমি, রংপুরের আবেদনের প্রেক্ষিতে শিক্ষক এবং কর্মকর্তাদের সমন্বয়ে আবেদনপত্র ও যোগ্যতা যাচাই এবং পরিদর্শন সংক্রান্ত একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি ১৯ ও ২০ ফেব্রুয়ারি ২০২২ তারিখে বাংলাদেশ মেরিন একাডেমি, রংপুর পরিদর্শন করেন।

## বাংলাদেশ মেরিন একাডেমি, পাবনা পরিদর্শন





*বাংলাদেশ মেরিন একাডেমি, পাবনা পরিদর্শন*

বাংলাদেশ মেরিন একাডেমি, পাবনা এর পক্ষ হতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর অধীনে অধিভুক্তির লক্ষ্যে ২৪/১১/২০২১ তারিখে আবেদন দাখিল করা হয়। বাংলাদেশ মেরিন একাডেমি, পাবনার আবেদনের প্রেক্ষিতে শিক্ষক এবং কর্মকর্তাদের সমন্বয়ে আবেদনপত্র ও যোগ্যতা যাচাই এবং পরিদর্শন সংক্রান্ত একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি ২৭ ও ২৮ ফেব্রুয়ারি ২০২২ তারিখে বাংলাদেশ মেরিন একাডেমি, পাবনা পরিদর্শন করেন।

## বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল পরিদর্শন

বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল এর পক্ষ হতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর অধীনে অধিভুক্তির লক্ষ্যে ২৫/১১/২০২১ তারিখে আবেদন দাখিল করা হয়। বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশালের আবেদনের প্রেক্ষিতে শিক্ষক এবং কর্মকর্তাদের





*বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল পরিদর্শন*

সমন্বয়ে আবেদনপত্র ও যোগ্যতা যাচাই এবং পরিদর্শন সংক্রান্ত একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি ০২ ও ০৩ মার্চ ২০২২ তারিখে বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল পরিদর্শন করেন।

## অ্যাফিলিয়েশন কমিটির ২য় সভা

বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল, পাবনা, রংপুর এবং সিলেটকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির অধীনে অধিভুক্তির লক্ষ্যে ২৩ মে ২০২২ তারিখে অ্যাফিলিয়েশন কমিটি গঠন করা হয়। বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর মহোদয়ের সভাপতিত্বে ৩০ মে ২০২২ তারিখে অ্যাফিলিয়েশন কমিটির ২য় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল, পাবনা, রংপুর এবং সিলেটকে শর্ত সাপেক্ষে অত্র বিশ্ববিদ্যালয়ের অধীনে অধিভুক্তির সুপারিশ করা হয় এবং যা একাডেমিক কাউন্সিলের ৩৫তম সভায় উপস্থাপন করা হয়। সিন্ডিকেটের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানসমূহ অধিভুক্তির কাজ শীঘ্রই শেষ হবে বলে আশা করা যায়।



সভায় উপস্থিত সদস্যবৃন্দ

## বাংলাদেশ নেভাল একাডেমিকে অধিভুক্তকরণ

বিশ্বদ্যিালয়ের একাডেমিক কাউন্সিলের ২৬তম সভায় বাংলাদেশ নেভাল একাডেমিকে অধিভুক্তকরণের বিষয়টি আলোচিত হয় এবং বাংলাদেশ নেভাল একাডেমিকে ভবিষ্যতে অত্র বিশ্ববিদ্যালয়ের অধীনে অধিভুক্ত করার বিষয়ে পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ প্রেক্ষিতে অত্র বিশ্ববিদ্যালয় হতে সহকারী নৌপ্রধান (পার্সোনেল) বরাবর একটি পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ নৌবাহিনীর সদর দপ্তর হতে বাংলাদেশ নৌবাহিনীর অন্যান্য উপযুক্ত প্রশিক্ষণ ঘাঁটি/স্কুলকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির অধীনে অধিভুক্তকরণ এবং বিভিন্ন শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য একটি কমিটি গঠন করা হয়। গঠিত কমিটিতে অত্র বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি কমান্ডার এম দুরুল হুদা (এন), বিসিজিএম, বিএন (সহযোগী অধ্যাপক)-কে মনোনয়ন করা হয়। পরবর্তীতে ২৭/০৩/২০২২, ১৭/০৫/২০২২ এবং ৩১/০৫/২০২২ তারিখে প্রেরিত পত্রে BSc in Maritime Science এবং BBA কোর্স কারিকুলাম দুটি ২০২৪ সাল হতে অত্র বিশ্ববিদ্যালয়ের অধীনে অধিভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। এ প্রেক্ষিতে ১৬/০৬/২০২২ তারিখে প্রেরিত পত্রের মাধ্যমে নেভাল একাডেমিকে এ বিশ্ববিদ্যালয়ের অধীনে অধিভুক্তির জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির কলেজ অ্যাকাডেমি ও ইনস্টিটিউট অধিভুক্তি সংবিধি-২০১৮ মোতাবেক আবেদন দাখিলের জন্য বলা হয়।

## অধিভুক্ত প্রতিষ্ঠানসমূহের শিক্ষার্থীর সংখ্যা:

বর্তমানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির অধিভুক্ত প্রতিষ্ঠান বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম এ ৩৪৩ জন শিক্ষার্থী এবং মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম এ ১৮০ জন শিক্ষার্থী এবং ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি, গাজীপুরে ৭৮ জন শিক্ষার্থী অধ্যয়নরত রয়েছে।

## ইন্সপেক্টর অব একাডেমিস/ইনস্টিটিউটস দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীর পরিসংখ্যান:

ক. পরিদর্শক: ০১ (এক) জন।

খ. সহকারী পরিদর্শক: ০১ (এক) জন।

গ. অফিস সহকারী কাম ডাটা প্রসেসর: ০১ (এক) জন।

ঘ. কক্সেন: ০১ (এক) জন।

ঙ. ড্রাইভার: ০১ (এক) জন।

# ইনস্টিটিউট অব বে অব বেঙ্গল অ্যান্ড বাংলাদেশ স্টাডিজের কার্যক্রম

ইনস্টিটিউট অব বে অব বেঙ্গল অ্যান্ড বাংলাদেশ স্টাডিজ (আইবিবিবিএস) ২০১৯ সালে প্রতিষ্ঠার পর হতে ধারাবাহিকভাবে "Port and Shipping Studies" এর উপর শর্টকোর্স পরিচালনা করে আসছে। ভবিষ্যতে আরও কয়েকটি উল্লেখযোগ্য বিষয়ের উপর শর্টকোর্স পরিচালনার পরিকল্পনা রয়েছে। বর্তমানে অত্র ইনস্টিটিউটের পরিচালক কমডোর ওয়াহিদ হাসান কুতুবুদ্দিন, (এন), এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি (অবঃ) ও তার সহযোগী হিসেবে দায়িত্ব পালন করে আসছেন প্রভাষক নাঈমা রশিদ এবং রিসার্চ অফিসার মোঃ আশিকুর রহমান।

## "Port and Shipping Studies" শীর্ষক শর্টকোর্স




*অতিথিদের সঙ্গে 'পোর্ট অ্যান্ড শিপিং স্টাডিজ' শীর্ষক শর্টকোর্স-২০২১ সালের প্রশিক্ষণার্থীদের স্থিরচিত্র*

মেরিটাইম সেক্টরে উচ্চশিক্ষা ও গবেষণাকে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি মেরিটাইম সেক্টরে পণ্য পরিবহন ও খালাস, পণ্যের সুষ্ঠু, নিরাপদ ও নিরবিচ্ছিন্ন সরবরাহ এবং ব্যবস্থাপনাকে গুরুত্ব দিয়ে বিশ্ববিদ্যালয়ের আইবিবিবিএস এর অধীনে "Port and Shipping Studies" শীর্ষক শর্টকোর্স ১৭-২৩ ডিসেম্বর ২০২১ তারিখে তৃতীয় বারের মতো মোট ০৭ (সাত) দিন ব্যাপী সফলভাবে পরিচালিত হয়। বিভিন্ন স্বনামধন্য প্রতিষ্ঠান থেকে আগত সর্বমোট ৩৩ জন প্রশিক্ষণার্থী উক্ত কোর্সটিতে অংশগ্রহণ করেন।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সফল অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অবঃ)। দেশের সম্ভাবনাময় শিপিং খাতের সার্বিক উন্নয়ন, পারস্পরিক সহযোগিতা ও পোর্ট সংক্রান্ত অত্যাধুনিক ব্যবস্থাপনায় উক্ত কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীরা উল্লেখযোগ্য ভূমিকা রাখতে পারবে বলে প্রধান অতিথি তার বক্তব্যে উল্লেখ করেন।

### Global Challenge Research Project Fund 2019 - 2021

ইউনিভার্সিটি অব পোর্টসমাউথ এর অর্থায়নে অত্র বিশ্ববিদ্যালয়ের সাথে যৌথ গবেষণা প্রকল্প "Blue Governance of Bangladesh Deltas" এর কার্যক্রম সফলভাবে সম্পন্ন হয়েছে। উক্ত প্রকল্পের "Work Package 1: Ganges-Brahmaputra-Meghna Delta Human and Natural System" এর অধীনে Bangladesh Maritime Journal Special Issue প্রকাশিত হয় এবং "Work Package 3: Delta Blue Governance Education Materials" এর অধীনে সর্বমোট ১৩টি ই-লার্নিং শর্ট ভিডিও এবং Port and Shipping Management এর Masters Programme অনলাইনে ডেভেলপ কার্যক্রম সম্পন্ন হয়।

## বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল শাখার কার্যক্রম

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ (বিএসএমআরএমইউ) ০২ অক্টোবর ২০১৩-এ সংসদের ৪৭ নং আইন দ্বারা বাংলাদেশের প্রথম মেরিটাইম বিশ্ববিদ্যালয় হিসেবে প্রতিষ্ঠিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর। বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠার পর হতে অদ্যবধি বিশ্ববিদ্যালয়ের সিভিল ও ইলেকট্রিক্যাল মেইন্টেন্যান্স কার্যক্রম প্রকৌশল শাখার অধীনে সুষ্ঠুভাবে সম্পন্ন করা হচ্ছে। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের সংস্কার ও পরিবর্ধনের কার্যক্রম অত্র শাখার অধীনে সম্পন্ন হয়। বিগত বছরের উল্লেখযোগ্য কার্যক্রম নিম্নে লিপিবদ্ধ করা হলো।

### বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস পদ্মা ভবনে মুক্তিযুদ্ধ কর্নার স্থাপন

প্রকৌশল শাখার সার্বিক তত্ত্বাবধায়নে বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাস ঢাকাস্থ মিরপুর সাড়ে এগারোতে অবস্থিত পদ্মা ভবনের গ্রাউন্ড ফ্লোরে মুক্তিযুদ্ধ কর্নার স্থাপন করা হয়েছে।

### স্থায়ী ক্যাম্পাসের প্রজেক্ট কার্যক্রম

ক। প্রকল্পের Soil Test (মাটি পরীক্ষার) কাজ সমাপ্ত হয়েছে।

খ। ক্যাম্পাসের প্রবেশমূলে অবস্থিত খালের উপর চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক একটি বেইলি ব্রিজ নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে।

গ। বিশ্ববিদ্যালয়ের জন্য নির্ধারিত জায়গা চর এলাকা হওয়ায় এবং কর্ণফুলী নদীর পাড়ে অবস্থিত হওয়ায় ব্যাপক ভূমি উন্নয়নের প্রয়োজন হবে। প্রাপ্ত বাজেট অনুযায়ী প্রকল্পের কার্যাদেশের অনুকূলে মাটি ভরাট কাজ সমাপ্ত হয়েছে।

ঘ। বিশ্ববিদ্যালয়ের সকল ভবনের ফ্লোর প্ল্যানের কাজ সম্পন্ন হয়েছে। ডিজাইন ও ড্রইং প্রণয়নের কাজ চলমান রয়েছে।

ঙ। প্রকল্পের বাঁধ নির্মাণ কাজ চলমান (প্রায় ৭০% সমাপ্ত) রয়েছে।

চ। বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসের একাডেমিক ভবন নির্মাণের লক্ষ্যে টেন্ডার প্রক্রিয়া চলমান। উক্ত কাজটি স্বল্প সময়ের মধ্যে শুরু করার পরিকল্পনা রয়েছে।

# বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় গ্রন্থাগার ও আর্কাইভের কর্মকাণ্ড

বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার ও আর্কাইভের প্রধান কাজ হলো বিশ্বব্যাপী প্রকাশিত বিপুল পরিমাণ পাঠ্য সামগ্রী হতে নিজ নিজ ব্যবহারকারী, শিক্ষার্থী, শিক্ষকমণ্ডলী ও গবেষকগণের চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় প্রকাশনাসমূহ সংগ্রহ, সংরক্ষণ ও যথাযথভাবে বিতরণ করা। এ লক্ষ্যকে সামনে রেখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ কেন্দ্রীয় গ্রন্থাগার ও আর্কাইভ নিরলসভাবে কাজ করে আসছে। ফলে প্রতিনিয়ত ব্যবহারকারীগণের চাহিদার সাথে সঙ্গতি রেখে বিভিন্ন বিষয়ের উপর এর সংগ্রহ সমৃদ্ধশালী হচ্ছে। এরই ধারাবাহিকতায় বর্তমানে কেন্দ্রীয় গ্রন্থাগার ও আর্কাইভে প্রায় ৭,৮০০ প্রিন্টেড বই, প্রায় ৬,০০০ ই-বুক, ৩২০ প্রিন্টেড জার্নাল ও বিপুল সংখ্যক ই-জার্নাল রয়েছে।



মুক্তিযুদ্ধ কর্নার উদ্বোধনকালে উপাচার্য মহোদয়

তাছাড়াও শিক্ষার্থীগণকে তাদের গবেষণা কাজে সহায়তা করার জন্য DSpace সফট্ওয়্যার ব্যবহারের মাধ্যমে প্রয়োজনীয় তথ্য সেবা প্রদান করা হচ্ছে। গ্রন্থাগার ব্যবহারকারীদের ই-রিসোর্সের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে প্রতিনিয়ত উৎসাহ, নির্দেশনা ও সর্বাত্মক সহযোগিতা প্রদান করা হচ্ছে। গ্রন্থাগারের ই-রিসোর্সে যে কোনো স্থান হতে যে কোনো সময়ে এক্সেস সুবিধা প্রদানের লক্ষ্যে Remote Access সুবিধা চালু রয়েছে।



মুক্তিযুদ্ধ কর্নারের উদ্বোধন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শ, জীবনাচার, রাজনৈতিক দর্শন, নেতৃত্বগুণ, দেশপ্রেমসহ সার্বিক কর্মকাণ্ড এবং মহান মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীগণের জানার সুযোগ সৃষ্টির লক্ষ্যে ইতঃপূর্বে কেন্দ্রীয় গ্রন্থাগারে বঙ্গবন্ধু কর্নার স্থাপন করা হয়েছে। এ বিষয়ের উপর সংগ্রহকে আরও সমৃদ্ধশালী করতে ১৬ ডিসেম্বর ২০২১ সালে বিশ্ববিদ্যালয়ের পদ্মা ভবনে 'মুক্তিযুদ্ধ কর্নার' স্থাপন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অবঃ) এর শুভ উদ্বোধন করেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক উপদেষ্টা, বিভিন্ন অনুষদের ডিন, পরিচালক, শিক্ষকসহ বিভিন্ন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

# বিশ্ববিদ্যালয়ের আইসিটি সেন্টারের কার্যক্রম

শিক্ষাক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির (আইসিটি) সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে শিক্ষিত জনগোষ্ঠির জীবনমানে ইতিবাচক পরিবর্তন করা সম্ভব। এ লক্ষ্যে বর্তমান সরকার আইসিটি সেক্টরকে অন্যতম মাধ্যম হিসেবে বিবেচনা করেছে। নতুন প্রজন্মকে মেরিটাইম সংশ্লিষ্ট উচ্চশিক্ষার পাশাপাশি তথ্য প্রযুক্তি বিষয়ে দক্ষ করে গড়ে তুলে ডিজিটাল বাংলাদেশ নির্মাণের লক্ষ্য অর্জনে ভূমিকা রাখতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ বদ্ধপরিকর। এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়কে আধুনিক এবং আইসিটি বান্ধব বিশ্ববিদ্যালয়ে পরিণত করার প্রয়োজনে আইসিটি সেন্টার পরিকল্পনা মাফিক বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করে আসছে। বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম এবং গবেষণাকে বিবেচনায় রেখে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ২০২১-২০২২ অর্থবছরে তথ্য প্রযুক্তি বান্ধব উল্লেখযোগ্য কার্যক্রমের বিবরণ নিম্নে উপস্থাপন করা হলো:

### কম্পিউটার ল্যাব এবং শ্রেণিকক্ষে পাঠদানে সহায়ক Interactive Smart board ও Interactive white board স্থাপন

শিক্ষাদান কার্যক্রমের ডিজিটালাইজেশন কাজের অংশ হিসেবে বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার ল্যাবে ১টি Interactive Smart board ও ৫টি শ্রেণিকক্ষে ৫টি Interactive white board স্থাপন করা হয়েছে।

### BSMRMU Integrated Management System (BIMS) অন্তর্ভুক্ত

বিশ্ববিদ্যালয়ের ERP System, BSMRMU Integrated Management System (BIMS) প্রস্তুতের চলমান কাজের অংশ হিসেবে Student Management System- প্রস্তুতের কাজ ইতোমধ্যে শেষ হয়েছে। এবং সকল শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান পূর্বক উক্ত System- বর্তমানে সফলভাবে চালু রয়েছে। উক্ত System ব্যবহার করে শিক্ষার্থীদের ভর্তি হতে শুরু করে সার্টিফিকেশন পর্যন্ত সকল কাজ সফলভাবে সম্পন্ন হচ্ছে। এছাড়া উক্ত System- এর অন্তর্ভুক্ত ২টি মডিউল যথাক্রমে Accounting & Budget Management ও HR Management System-এর কাজ অর্থবছরে চলমান রয়েছে।

### ইন্টারনেটের ব্যান্ডউইথ বৃদ্ধিকরণ এবং বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের আবাসিক হলে wifi স্থাপন

অনলাইন শিক্ষা কার্যক্রমকে বেগবান করা এবং বিশ্ববিদ্যালয় হতে ভার্চুয়াল পাঠদানের মান অক্ষুণ্ন রাখার জন্য বিশ্ববিদ্যালয়ের নেটওয়ার্ক অবকাঠামো শক্তিশালী করণের প্রয়োজনীয়তা অত্যাধিক। এ প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের ইন্টারনেট সেবার মান বৃদ্ধির জন্য ইন্টারনেট সেবার ব্যান্ডউইথ ২৫০Mbps-এ উন্নীত করণ, বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলে শক্তিশালী নেটওয়ার্ক স্থাপন, আধুনিক নেটওয়ার্কিং সরঞ্জামাদি স্থাপন পূর্বক হলসমূহের প্রতিটি ফ্লোরকে wifi coverage এর আওতায় আনাসহ প্রয়োজনীয় ব্যবস্থা আইসিটি সেন্টার কর্তৃক গ্রহণ করা হয়েছে।

### নব-প্রতিষ্ঠিত মুক্তিযুদ্ধ কর্নার-এর জন্য মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু শীর্ষক আর্কাইভ প্রতিষ্ঠায় সহায়তা প্রদান

বিশ্ববিদ্যালয়ের অস্থায়ী ক্যাম্পাসে প্রতিষ্ঠিত মুক্তিযুদ্ধ কর্নারে, মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু শীর্ষক স্থিরচিত্র ও প্রামাণ্যচিত্র সংকলন করত দুইটি ইন্টারেক্টিভ কিওস্ক ডিসপ্লে সংযোজন করে উক্ত আর্কাইভ প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এছাড়া উক্ত আর্কাইভ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সংযোজন করা হয়েছে।

### জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার/ওয়েবিনার সফলভাবে আয়োজন ও সরাসরি সম্প্রচারের ব্যবস্থাকরণ

চলমান কোভিড-১৯ পরিস্থিতির মাঝেও মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশনায় আইসিটি সেন্টারের কারিগরী সহায়তায় বেশ কয়েকটি জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার/ওয়েবিনার আয়োজন ও সামাজিক যোগাযোগ মাধ্যমে সরাসরি সম্প্রচার করা হয়। যেখানে বহু দেশি/বিদেশি শিক্ষাবিদসহ সরকারি উচ্চ পদস্থ ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেন।

## E-Learning Management System (E-LMS) প্রস্তুত ও রক্ষণাবেক্ষণ

অনলাইন পাঠদান পদ্ধতিকে যুগোপযোগী করা এবং বিনামূল্যে বিশ্বমানের শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ে নিজস্ব E-Learning Management System (E-LMS) চালুকরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এ প্রেক্ষিতে নিজস্ব সার্ভারে আইসিটি সেন্টারের কারিগরী সহযোগিতায় বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক/শিক্ষার্থী/ কর্মকর্তা-কর্মচারীদের পাশাপাশি বিশ্বব্যাপী শিক্ষানুরাগী সকলের জন্য একটি আধুনিক মানসম্মত সম্পূর্ণ অনলাইন ভিত্তিক E-Learning প্লাটফর্ম প্রস্তুতকরণের কাজ সম্পন্ন করা হয়। ইতোমধ্যে উক্ত System ব্যবহার করে বিপুল সংখ্যক শিক্ষানুরাগী মেরিটাইম বিষয়ক বিভিন্ন কোর্স সম্পন্ন করতঃ বিনামূল্যে সার্টিফিকেট সংগ্রহ করেছে।

## বিশ্ববিদ্যালয়ের গুরত্বপূর্ণ সভাসমূহ অনলাইনে আয়োজন

বিশ্ববিদ্যালয়ের সংবিধিবদ্ধ সভা যেমন সিনেট, সিন্ডিকেট, একাডেমিক কাউন্সিল, পরিকল্পনা উন্নয়ন ও মূল্যায়ন কমিটি ও অর্থ কমিটির সভাসহ সকল ধরনের সভা কোভিড-১৯ মহামারী বিবেচনায় আইসিটি সেন্টারের কারিগরী সহায়তায় ভার্চুয়াল পদ্ধতিতে অনলাইনে সফলভাবে আয়োজন এবং পরিচালনা করা হয়।

## বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক শিক্ষার্থী ও কর্মকর্তাদের জন্য ই-মেইল আইডি নিশ্চিতকরণ

গুগল g-suite ব্যবহার করে বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা সকলের জন্য অনলাইন কোলাবরেশন এবং আনলিমিটেড স্পেস সম্বলিত bsmrmu.edu.bd ডোমেইন এর অন্তর্ভুক্ত ইমেইল আইডি প্রস্তুত ও সরবরাহ নিশ্চিত করা হয়েছে।

## ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ

বিশ্ববিদ্যালয়ের সকল প্রকার তথ্য ওয়েবসাইটে হালনাগাদের পাশাপাশি সকল শিক্ষক ও কর্মকর্তাদের নিজস্ব প্রোফাইল নিয়মিত সংযোজন ও হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ করা হয়।

## e-GP ও E-Nothi বাস্তবায়নের অগ্রগতি

ক্রয় কাজে স্বচ্ছতা নিশ্চিত করণের লক্ষ্যে Electronic Government Procurement (e-GP) বাস্তবায়নের নিমিত্তে শিক্ষক/কর্মকর্তা ও কর্মচারীদের সমন্বয়ে কয়েক দফায় Central Procurement Technical Unit (CPTU) কর্তৃক পরিচালিত প্রশিক্ষণে অংশগ্রহণ করা হয়েছে। এছাড়া e-GP বাস্তবায়নের লক্ষ্যে CPTU বরাবর পত্র প্রেরণ পূর্বক অতিসত্তর কার্যকর করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ই-নথি বাস্তবায়নের জন্য বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত অর্গানোগ্রাম অনুযায়ী User Profile প্রস্তুতকরত অগ্রগতি সাধন করা হয়েছে যা অতি শীঘ্রই বাস্তবায়িত হবে।

# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা প্রকল্পের কার্যক্রম

## স্থায়ী ক্যাম্পাস নির্মাণের অগ্রগতি

"বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠা" শীর্ষক প্রকল্পের জন্য বরাদ্দকৃত স্থানটি চট্টগ্রাম জেলার উত্তর-পূর্ব দিকে কর্ণফুলী নদীর তীরবর্তী বন্দর ও চাঁদগাও থানাধীন ৫ নং মোহরা ওয়ার্ডেও অন্তর্ভূক্ত হামিদচর এলাকায় ১০৬.৬৬ একর জায়গা জুড়ে অবস্থিত। বর্তমানে প্রকল্পের অগ্রগতি নিম্নে ছক আকারে দেওয়া হলো:

| ক্রমিক | প্রকল্পের কাজের অগ্রগতি |
|---|---|
| ১। | প্রকল্পের মাটি ভরাট কাজের প্রথম পর্যায় ১০০% ও দ্বিতীয় পর্যায়ের কাজ ৯৫% সম্পন্ন হয়েছে। |
| ২। | কর্ণফুলী নদীর তীর বরাবর ৮৬০ মিটার বাঁধ নির্মাণ কাজ ৯০% সম্পন্ন হয়েছে। |
| ৩। | কর্ণফুলী নদীর তীর বরাবর ৩৬০ মিটার বাঁধ নির্মাণের কাজ প্রায় ৬৭% সম্পন্ন হয়েছে। |
| ৪। | পরামর্শক প্রতিষ্ঠানের সুপারিশক্রমে ১২৫টি বোরিং এ সয়েল টেস্ট সম্পন্ন করা হয়েছে। |
| ৫। | প্রকল্প অন্তর্ভূক্ত সকল স্ট্রাকচারের আর্কিটেকচারাল ড্রয়িং, স্ট্রাকচারাল ড্রয়িং, ইলেকট্রিক্যাল ড্রয়িং, প্লাম্বিং ড্রয়িং, ফায়ার প্রটেকশন ও ডিটেশশন ড্রয়িংসহ প্রয়োজনীয় ড্রয়িংসমূহ ও বিওকিউ সম্পন্ন করা হয়েছে। |
| ৬। | প্রকল্পের কাজ জুন ২০২২ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে এবং আরো ০১ বছর বৃদ্ধির প্রক্রিয়া চলমান আছে। |
| ৭। | আরডিপিপি প্রণয়নের কাজ চলমান রয়েছে । |



*প্রকল্পস্থানের বর্তমান অবস্থা*

## উন্নয়ন বাজেট

২০২১-২০২২ অর্থ বছরে বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন প্রকল্প তথা বিশ্ববিদ্যালয় স্থাপন প্রকল্পের বরাদ্দ ৮৭ কোটি টাকার বিপরীতে অত্র অর্থ বছরে ৫৫ কোটি টাকা ছাড় করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে ব্যয় হয় ৪৪ কোটি ১২ লক্ষ টাকা। অর্থ ছাড় করণ ও ব্যয়ের বিবেচনায় প্রকল্প বাস্তবায়নের হার ৮০%।

# নাফিক (Nuffic) কারিগরি শিক্ষা সহায়তা প্রকল্পের কার্যক্রম

নেদারল্যান্ডের প্রতিষ্ঠান নাফিক (Nuffic) এর অর্থায়নে Orange Knowledge Programme Institutional Collaboration Project title "To enhance capacity and Institutional sustainability within the Bangladeshi maritime and port sector through the development of specialized knowledge and skills" শীর্ষক শিক্ষা সহায়তা প্রকল্পটি ২১ অক্টোবর ২০১৯ তারিখ হইতে অত্র বিশ্ববিদ্যালয়ে চলমান রয়েছে। উক্ত প্রকল্পের আওতায় ০১লা জুলাই ২০২১ হতে ৩১ জুন ২০২২ এ সংঘটিত বিভিন্ন কার্যক্রম নিম্নরূপ:

## শর্টকোর্স কারিকুলাম ডেভেলপমেন্ট

নাফিক প্রকল্পের আওতায় বিএসএমআরএমইউ ও STC যৌথভাবে ৭টি শর্টকোর্স ডেভেলপমেন্ট করার পরিকল্পনা হয়েছিলো। ইতোমধ্যে Ship Management; Container Terminal Management এবং Ship Brokering, Chartering, Sale and Purchase এই ৩টি বিষয়ের উপর শর্টকোর্স কারিকুলাম প্রণয়ন করা হচ্ছে এবং বর্তমানে Warehouse Operations Management, Port Security Management, Port Safety Management ও Inland Waterway Transport শীর্ষক ৪টি শর্টকোর্স ডেভেলপমেন্টের কার্যক্রম অব্যাহত রয়েছে।

## "Moodle System Development" সম্পন্ন

চলমান বৈশ্বিক মহামারীর কারণে পরিবর্তিত পরিস্থিতির আলোকে বিএসএমআরএমইউ শিক্ষকবৃন্দ অনলাইনে শিক্ষাদান কর্মসূচি পরিচালনার জন্য Moodle System Development করা হয়। এ লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের আইসিটি সেন্টার প্রয়োজনীয় ট্রেনিং ও পরামর্শ প্রদানের মাধ্যমে Moodle/e-learning Installation করা হয়।

## "Geomorphological Features of the Bangladesh Delta: Challenges for Efficient Water Management" শীর্ষক ওয়েবিনার




*ওয়েবিনারে আমন্ত্রিত বিশেষজ্ঞ ও শিক্ষাবিদগণ*

বিএসএমআরএমইউ ও নাফিক, নেদারল্যান্ডস এর পৃষ্ঠপোষকতায় "Geomorphological Features of the Bangladesh Delta: Challenges for Efficient Water Management" শীর্ষক Theme এর উপর একটি ওয়েবিনার ২৮ সেপ্টেম্বর ২০২১ তারিখে আয়োজন করা হয়। উক্ত ওয়েবিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল, এনবিপি, বিএসপি, এনডিসি, পিএসসি (অবঃ)। ওয়েবিনারে বাংলাদেশসহ বিভিন্ন দেশের মেরিটাইম বিশেষজ্ঞ ও শিক্ষাবিদগণ তাদের মূল্যবান প্রবন্ধ উপস্থাপন করেন।

## ওয়ার্কশপ আয়োজন

০৪ জন ডাচ এক্সপার্ট ২০-২৩ মার্চ ২০২২ তারিখে এ বিশ্ববিদ্যালয় সফর করেন। সফরকালীন সময়ে ৭টি সভা ও ৬টি ওয়ার্কশপের আয়োজন করা হয়। এছাড়াও বিভিন্ন সময়ে অনলাইনে ওয়ার্কশপ এবং সভা অনুষ্ঠিত হয়।

## নেদারল্যান্ডস ভ্রমণ

০৭-১৪ মে ২০২২ তারিখে নাফিক, নেদারল্যান্ডস এর সাথে শিক্ষা সহায়তা প্রকল্পের অধীনে ব্লু ইকোনমি, ডেল্টা গভার্নেন্স এবং পোর্ট ও শিপিং ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা এবং বিভিন্ন বন্দর/মেরিটাইম সংস্থা পরিদর্শনের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের নেতৃত্বে ০৬ (ছয়) সদস্যের প্রতিনিধি দল নেদারল্যান্ডস গমন করেন। উক্ত সফরকালীন সময়ে প্রতিনিধি দল নেদারল্যান্ডসের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান সহ ১২ টি প্রতিষ্ঠান ভ্রমণ করে। প্রতিনিধি দলের ভ্রমণকৃত স্থানসমূহ নিম্নরূপ:



ডাচ এবং বিএসএমআরএমইউ প্রতিনিধি দল

উক্ত সফরে STC International ও IHE Delft এর সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করা হয়। উক্ত সফরকালীন সময়ে উন্নত বিশ্বের স্বনামধন্য মেরিটাইম সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এবং বিশ্ববিদ্যালয়সমূহের বিশেষজ্ঞদের সাথে মতবিনিময়ের মাধ্যমে অর্জিত জ্ঞান দ্বারা বিশ্ববিদ্যালয়ের কোর্সসমূহের পঠিতব্য বিষয়াদি ও গবেষণা কার্যক্রম নির্ধারণ, পাঠ্যক্রমের মানোন্নয়ন, ছাত্র/ছাত্রীদের জন্য উচ্চতর শিক্ষার সুযোগ সৃষ্টি, যৌথ গবেষণা কার্যক্রম চালুকরণ এবং মেরিটাইম বিষয়ের বিভিন্ন ব্যক্তিবর্গের সাথে সাক্ষাতের মাধ্যমে এ বিশ্ববিদ্যালয়ের পরিচিতি আন্তর্জাতিক পরিমণ্ডলে বৃদ্ধি পাবে বলে প্রতীয়মান।

## TMT+ ট্রেনিংঃ

নাফিক নেদারল্যান্ডসের অর্থায়নে OKP TMT Plus এর আওতায় 'Strengthen Knowledge within the Area of Port and Maritime Development in Bangladesh' শীর্ষক ট্রেনিং প্রোগ্রামে বাংলাদেশ নৌবাহিনীর দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে IHE-Delft, STC Group, CINOP এবং বিএসএমআরএমইউ

| তারিখ | ভ্রমণকৃত স্থান |
|---|---|
| ০৮ মে ২০২২ | হেগে অবস্থিত বাংলাদেশ দূতাবাস পরিদর্শন |
| ০৯ মে ২০২২ | STC, Rotterdam University of Applied Sciences ও IHE Delft ভ্রমণ এবং MoU স্বাক্ষর |
| ১০ মে ২০২২ | Port of Rotterdam পরিদর্শন |
| ১১ মে ২০২২ | MARIN এবং DAMEN Shipyard Netherlands পরিদর্শন |
| ১২ মে ২০২২ | Delta Works এবং Maeslantkering পরিদর্শন |
| ১৩ মে ২০২২ | Yes! Delft, TU Delft এবং হেগে অবস্থিত Nuffic পরিদর্শন |

সম্মিলিতভাবে জানুয়ারি ২০২১ থেকে মার্চ ২০২৩ পর্যন্ত একটি প্রকল্প পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত প্রকল্পের অধীনে বাংলাদেশের পোর্ট অ্যান্ড শিপিং সেক্টরের সাথে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যেমন: বাংলাদেশ নৌবাহিনী, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, মোংলা বন্দর কর্তৃপক্ষ, পায়রা বন্দর কর্তৃপক্ষ, বিআইডব্লিউটিএ, বাংলাদেশ ব্লু-ইকোনমি সেল এবং বাংলাদেশ কোস্ট গার্ড ইত্যাদি প্রতিষ্ঠান হতে মনোনীত প্রতিনিধিদের ৫টি ট্রেনিং প্রদান করা হবে। এরই ধারাবাহিকতায় Module-1: Coastal Systems প্রশিক্ষণটি ০৫ দিনব্যাপী ১২-১৬ জুন ২০২২ তারিখ বিএসএমআরএমইউ-তে অনুষ্ঠিত হয় যেখানে উল্লিখিত প্রতিষ্ঠান হতে ১৩ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।

## শারীরিক শিক্ষা কেন্দ্রের কার্যক্রম

### বিইউএফটি বঙ্গবন্ধু গোল্ড কাপ আন্তঃবিশ্ববিদ্যালয় ফুটবল প্রতিযোগিতা ২০২২





আন্তঃ বিশ্ববিদ্যালয় ফুটবল প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিক্ষার্থী

বিইউএফটি বঙ্গবন্ধু গোল্ড কাপ আন্তঃবিশ্ববিদ্যালয় ফুটবল প্রতিযোগিতা ২০২২ বিইউএফটি এর নিজস্ব ফুটবল মাঠ নিশাত নগর, তুরাগ ঢাকায় ১৬ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত ফুটবল প্রতিযোগিতায় অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে।

### শরীর চর্চার জন্য জিমনেসিয়ামের সাথে চুক্তি



এস বি সি জিমের একাংশ



শিক্ষার্থীদের আবাসিক হলে শরীর চর্চার ইকুইপমেন্ট

বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের শারীরিক সুস্থতা এবং সবল দেহ গঠনের জন্য শরীর চর্চা জরুরি। এ লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের অতি নিকটে অবস্থিত শাকিল বডি বিল্ডিং ক্লাব (এস বি সি) জিম, মিরপুর-১২,পল্লবী, ঢাকা জিমনেসিয়ামটি ব্যবহারের নিমিত্তে ০১ জুন-২০২২ হতে পরবর্তী ০৬ (ছয়) মাসের জন্য একটি চুক্তি স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তির পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তাগণ নিয়মিত জিমনেসিয়ামের সকল আধুনিক সুযোগ সুবিধা গ্রহণ করছেন। এছাড়া, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের আবাসিক হলে শরীর চর্চার জন্য বিভিন্ন ইকুইপমেন্ট স্থাপন করা হয়েছে।

# মেডিকেল সেন্টারের কার্যক্রম

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটির মেডিকেল সেন্টারটি ২০১৬ সনে স্বল্প পরিসরে এর কার্যক্রম শুরু করলেও দিনে দিনে এর সেবা প্রদান কার্যক্রমের পরিধি বেড়েই চলেছে। বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টার সকল ছাত্রছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে প্রাথমিক চিকিৎসা সেবা ও প্রয়োজনীয় ঔষুধ সরবরাহ ও স্বাস্থ্য পরামর্শ সেবা অবিরত প্রদান করছে। বর্তমান করোনা পরিস্থিতি মোকাবেলায় স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক নির্দেশিত বিধিনিষেধ যথার্থ প্রয়োগে সম্পূর্ণ সচেষ্ট রয়েছে মেডিকেল সেন্টার। করোনা ভাইরাস জনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধে ও পরিস্থিতির উন্নয়নের লক্ষ্যে নিম্নলিখিত বেশ কিছু কার্যকর পদক্ষেপ নেওয়া হয়

১. সকলকে মাস্ক পরিধান করার ব্যাপারে নিয়মিত উৎসাহিত করা হচ্ছে।
২. Non-contact Thermometer দ্বারা সকলের শরীরের তাপমাত্রা মাপা হচ্ছে।
৩. Hand Sanitizer ব্যবহার করে সকলের হাত জীবাণুমুক্ত করা হচ্ছে।
৪. সর্বসাধারণ কর্তৃক ব্যবহার হয় এমন জায়গাসহ অন্যান্য জায়গার মেঝে ও রুমের দরজার হাতল, সিড়ির হাতল এবং যেসব বস্তু বারবার ব্যবহার হয় সেসব বস্তুর তলপৃষ্ঠ ঘন ঘন পরিষ্কার ও জীবাণুমুক্ত করা হচ্ছে।
৫. মেঘনা এবং পদ্মা ভবনের সামনে জীবাণুনাশক টানেল স্থাপন করা হয়েছে।
৬. প্রতিদিন নিয়ম ধরে সম্পূর্ণ বিশ্ববিদ্যালয় জীবাণুমুক্ত রাখার ব্যবস্থা করা হচ্ছে।
৭. বিশ্ববিদ্যালয়ের হাত ধোয়ার ব্যবস্থা রাখা হয়েছে।
৮. দপ্তর ভিত্তিক Hand Sanitizer সরবরাহের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।
৯. সকল কর্মকর্তা কর্মচারীকে Re-usable Mask সরবরাহ করা হয়েছে।
১০. প্রয়োজন বিশেষে Hand Gloves সরবরাহ করা হয়।

এছাড়াও যারা অসুস্থ, সন্তান সম্ভবা তাদের অফিসে আসার ব্যাপারে নিরুৎসাহিত করা হয়েছে। বাসায় বসে দিবা রাত্রি ২৪ ঘণ্টা ওভার ফোন চিকিৎসা সেবা ও পরামর্শ নেওয়ার সুযোগ রয়েছে। করোনা সন্দেহে অসুস্থদের পরীক্ষা করতে ও প্রয়োজনীয় চিকিৎসার জন্য হাসপাতালে নিয়ে যেতে অ্যাম্বুলেন্স সেবার ব্যবস্থা রয়েছে। করোনা পরিস্থিতি মোকাবেলার সঙ্গে সঙ্গে ডেঙ্গু পরিস্থিতি মোকাবেলায় মেডিকেল সেন্টার সচেষ্ট রয়েছে। নিয়মিত ভাবে ফগার মেশিন দ্বারা স্প্রে করা হচ্ছে। সেই সঙ্গে অ্যারোসল ও অডোমস সরবরাহ করা হচ্ছে। সর্বোপরি যে কোনো পরিস্থিতি মোকাবেলায় সর্বোত্তম সেবা প্রদানে মেডিকেল সেন্টার কাজ করে যাচ্ছে।

# বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন শিক্ষার্থী ক্লাবের কার্যক্রম

## কালচারাল ক্লাবের কার্যক্রম

বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত বিভিন্ন জাতীয় দিবস উদ্‌যাপন অনুষ্ঠানে বিএসএমআরএমইউ কালচারাল ক্লাব সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করে থাকে। ১৮ই অক্টোবর, ২০২১ তারিখে শেখ রাসেল দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে কালচারাল ক্লাবের সদস্যগণ একক ও দলীয় গান, কবিতা আবৃত্তি পরিবেশনার মাধ্যমে শেখ রাসেলকে স্মরণ করে। যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে ১৬ই ডিসেম্বর বিশ্ববিদ্যালয়ে মহান বিজয় দিবস উদ্‌যাপিত হয়। জাতীয় গুরুত্বপূর্ণ এই দিনে বিএসএমআরএমইউ কালচারাল ক্লাব একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করে। উক্ত অনুষ্ঠানে কালচারাল ক্লাবের সদস্যরা গান, নাটক, নৃত্য, কবিতা আবৃত্তি পরিবেশনা করে। ২১শে ফেব্রুয়ারি, ২০২২ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে কালচারাল ক্লাবের সদস্যরা গান, নৃত্য, গীতিনাট্য, কবিতা আবৃত্তি ইত্যাদি পরিবেশন করে। ১৭ই মার্চ, বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে আয়োজিত কবিতা আবৃত্তি, প্রবন্ধ পাঠ প্রতিযোগিতায় কালচারাল ক্লাবের সদস্যরা অংশগ্রহণ করে। ২৬ শে মার্চ, ২০২২ মহান স্বাধীনতা ও জাতীয় শহিদ দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে কালচারাল ক্লাবের সার্বিক তত্ত্বাবধানে শহীদ মোয়াজ্জেম হলে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়। অনুষ্ঠানটিতে বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদের বিভিন্ন বর্ষের শতাধিক শিক্ষার্থী অংশ নেয়। এই অনুষ্ঠানে গান, নাটিকা, নৃত্য ইত্যাদির মাধ্যমে কালচারাল ক্লাবের সদস্যরা স্বাধীনতার জন্য আত্মত্যাগকারী বাঙালি জাতির বীর সন্তানদের শ্রদ্ধাভরে স্মরণ করেন।





*শেখ রাসেল দিবসের অনুষ্ঠানে কালচারাল ক্লাবের পরিবেশনা*





*মহান বিজয় দিবসের অনুষ্ঠানে কালচারাল ক্লাবের পরিবেশনা*




মহান বিজয় দিবসের অনুষ্ঠানে কালচারাল ক্লাবের পরিবেশনা




জাতীয় শিশু দিবস উদ্‌যাপন অনুষ্ঠানে পুরস্কার প্রদান করছেন ভাইস-চ্যান্সেলর মহোদয় ও অনুষ্ঠান শেষে গ্রুপ ফটোগ্রাফি




আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন অনুষ্ঠানে কালচারাল ক্লাবের পরিবেশনা




মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন অনুষ্ঠানে কালচারাল ক্লাবের মনোজ্ঞ পরিবেশনা ও অনুষ্ঠান শেষে গ্রুপ ফটোগ্রাফি

## ডিবেটিং ক্লাবের কার্যক্রম



প্রতিযোগিতায় বিজয়ীকে পুরস্কার প্রদান করছেন ভাইস-চ্যান্সেলর মহোদয়

২০২১ সালের ডিসেম্বর মাসে বিশ্ববিদ্যালয় কর্তৃক একটি অনলাইন কুইজ প্রতিযোগিতা ও একটি অনলাইন Extempore Speech প্রতিযোগিতার আয়োজন করা হয়। উক্ত প্রতিযোগিতায় ডিবেটিং ক্লাবের সদস্যরা অংশগ্রহণ করে। মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও বিজয় দিবস-২০২১ উদ্‌যাপন অনুষ্ঠানে মাননীয় উপাচার্য উক্ত প্রতিযোগিতা দুইটির বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।





হাইকিং কার্যক্রমে শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তাগণ

২৫-২৬ মার্চ ২০২২ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি-এর হাইকিং এবং ট্রেকিং ক্লাব কর্তৃক কক্সবাজার মেরিন ড্রাইভ এবং হিমছড়ি হিলে ২৫-২৬ মার্চ ২০২২ তারিখে এ হাইকিং কার্যক্রম অনুষ্ঠিত হয়। শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তাসহ মোট ৩৫ জন হাইকিং এ অংশগ্রহণ করে।

# বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম এর কার্যক্রম



*বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম-এর কার্যক্রম*

'বাংলাদেশ মেরিন একাডেমি' পেশাগতভাবে দক্ষ, পরিবেশ সচেতন, বুদ্ধিদীপ্ত এবং চৌকস মেরিন ক্যাডেট তৈরি করে আসছে। উচ্চ-মাধ্যমিক সনদপ্রাপ্ত নির্বাচিত প্রার্থীদের জাতিসংঘের অঙ্গসংস্থা ইন্টারন্যাশনাল মেরিটাইম অর্গানাইজেশনের (IMO-UN) আন্তর্জাতিক পেশাগত দক্ষতা-মান STCW Convention অনুযায়ী প্রশিক্ষণের মাধ্যমে বিশ্বমান সম্পন্ন মেরিন ক্যাডেট হিসেবে গড়ে তুলছে। জাতীয় অর্থনীতিতে, দেশে-বিদেশে সমুদ্রগামী জাহাজ এবং শোর-বেজ্‌ড জাহাজী সংস্থায় কর্মরত আমাদের ৫০৯০ জন এক্স ক্যাডেট তথা মেরিনারদের সম্মিলিত অবদান – বার্ষিক (২০২১-২২) প্রায় ২৪২ মিলিয়ন ডলার (২,২০০ কোটি টাকা)।

## প্রশিক্ষণ কার্যক্রম

বর্তমানে ২০২১-২২ সেশনে ৫৭ ব্যাচে নটিক্যাল শাখায় ১৩৬ জন ও ইঞ্জিনিয়ারিং শাখায় ১৪০ জন সর্বমোট ২৭৬ জন ক্যাডেটের প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। ইতোমধ্যে উক্ত ক্যাডেটগণ ১ম সেমিস্টার পরীক্ষা জুন/২০২২ মাসে সম্পন্ন করে ২য় সেমিস্টারে পদার্পন করেছে। এছাড়াও, বিএমএস (নটিক্যাল/ইঞ্জিনিয়ারিং) অনার্স শ্রেণির ৭ম ও ৮ম সেমিস্টারের ক্লাস ও ২য়, ৩য় শ্রেণির প্রিপারেটরি (সিওসি) কোর্স চলমান আছে।

## Achievement/Activities (2021-2022)

- Academic collaboration with Solent University, Southampton, UK– (MoU Signed on 22 March 2022)
- Recognition of UK Maritime and Coastguard Agency (MCA) – in process
- Academic collaboration with Maritime Academy of Asia & Pacific, Philippines – in process
- Establishment of Full-Mission Bridge / Engine Simulator at Bangladesh Marine Academy
- Dr. Sajid Hussain, Commandant, has become an advisor of Asian Maritime Educators Association, Japan.








Full-Mission Bridge & Engine Simulator in BMA Simulation Centre.

## গ্র্যাজুয়েশন প্যারেডে মাননীয় প্রধানমন্ত্রীর অংশগ্রহণ

৫৬ ব্যাচের গ্র্যাজুয়েশন প্যারেড ১৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। এতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি প্রধান অতিথি হিসেবে প্রধানমন্ত্রীর কার্যালয়ে উপস্থিত থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে কুচকাওয়াজ পরিদর্শন ও অভিবাদন গ্রহণ করেন। চট্টগ্রাম ক্যাম্পাসে উপস্থিত ছিলেন নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব খালিদ মাহমুদ চৌধুরী এমপি, নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী এবং একাডেমির কমান্ড্যান্ট ড. সাজিদ হোসেন। সদ্য প্রশিক্ষণ সমাপ্তকৃত ৫৬ ব্যাচের ৩৫৯ জন ক্যাডেট পাস আউট করে। এরই মধ্যে প্রায় ২০০ জন ক্যাডেট দেশি-বিদেশি জাহাজে চাকরি পেয়ে ৩য় বর্ষের অনবোর্ড শিপ ট্রেনিং কোর্সে নিয়োজিত আছে।



*H E Hon'ble Prime Minister Sheikh Hasina was virtually present as the Chief Guest in the 56 Batch Cadets' Graduation Parade Ceremony held on 13 Feb 2022.*



*H.E. Espan Rikter-Svendsen, Ambassador of Norway to Bangladesh presented a token of memento to Respected Commandant MarEngr. Dr. Sajid Hussain.*



*H.E. Espan Rikter-Svendsen, Ambassador of Norway to Bangladesh visted BMA Demonstration Hall 7th June 2022.*



*Respected Commandant MarEngr. Dr. Sajid Hussain handed over a BMA Crest to H.E. Espan Rikter-Svendsen, Ambassador of Norway to Bangladesh.*

# মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম এর কার্যক্রম

চলতি ২০২১-২২ অর্থবছরে সামুদ্রিক মৎস্য সম্পদের সুষ্ঠু আহরণ, সংরক্ষণ ও ব্যবস্থাপনার নিমিত্তে ০৬ মার্চ ২০২২ তারিখ মেরিন ফিশারিজ একাডেমির ক্যাডেটদের 'মুজিববর্ষের পাসিং আউট প্যারেড-২০২১' এ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের **মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা** এমপি ভার্চুয়াল প্ল্যাটফর্মের মাধ্যমে উপস্থিত থেকে প্রধান অতিথির আসন অলংকৃত করেন। অনুষ্ঠানটির সভাপতিত্ব করেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব **শ ম রেজাউল করিম** এমপি। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মানিত সচিব **ড. মুহাম্মদ ইয়ামিন চৌধুরী**।

এ বছর একাডেমির ৪১তম ব্যাচে নটিক্যাল বিভাগে ৩৩ জন, মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগে ৩১ জন এবং মেরিন ফিশারিজ বিভাগে ২০ জন ক্যাডেটসহ সর্বমোট ৮৪ জন নারী ও পুরুষ ক্যাডেট পাসড আউট হয়। মাননীয় প্রধানমন্ত্রীর পক্ষ থেকে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী শ ম রেজাউল করিম এমপি সাফল্যের স্বীকৃতি পুরস্কার হিসেবে ক্যাডেটদের মধ্যে পদক বিতরণ করেন। এ বছর ৪১তম ব্যাচের ক্যাডেটদের মধ্যে সকল বিষয়ে সর্বোচ্চ মান অর্জনকারী ক্যাডেট হিসেবে নটিক্যাল স্টাডিজ বিভাগের ক্যাডেট এইচ এম বেনুজির আহমেদ 'বেস্ট অল রাউন্ডার গোল্ড মেডেল' প্রাপ্ত হয়। তিন বিভাগের সর্বোচ্চ মান অর্জনকারী ক্যাডেট হিসেবে নটিক্যাল বিভাগ হতে ক্যাডেট আসিফ আলম দর্পন, মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগ হতে ক্যাডেট মোঃ আরিফুল ইসলাম ও মেরিন ফিশারিজ বিভাগ হতে ক্যাডেট আব্দুর রহমান আল ওয়াদুদ 'বেস্ট ইন প্রফেশনাল ট্রেনিং সিলভার মেডেল' পদক প্রাপ্ত হয়। এছাড়াও মহিলা ক্যাডেটদের মধ্যে শ্রেষ্ঠ মহিলা ক্যাডেট হিসেবে মেরিন ফিশারিজ বিভাগের ক্যাডেট রুপায়দা রহমান 'বেস্ট ফিমেইল ইন প্রফেশনাল ট্রেনিং সিলভার মেডেল' পদক প্রাপ্ত হয়।

পাশকৃত ৪১তম ব্যাচের নটিক্যাল বিভাগ হতে ৩৩ জন, মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগ হতে ৩১ জন ক্যাডেটসহ সর্বমোট ৬৪ জন ক্যাডেটদের অনুকূলে নৌপরিবহন অধিদপ্তর কর্তৃক Continuous Discharge Certificate (CDC) ইস্যু করা হয়েছে। CDC প্রাপ্ত ক্যাডেটগণ প্রতি বছরের ন্যায় চীন, ইউক্রেন, সিঙ্গাপুর, নাইজেরিয়াসহ বিভিন্ন দেশের বাণিজ্যিক জাহাজে চাকুরিতে যোগদান করে বৈদেশিক মুদ্রা রেমিটেন্স আকারে বাংলাদেশে প্রেরণ করে দেশের অর্থনীতিতে যোগান দিবে। এছাড়াও মেরিন ফিশারিজ বিভাগ হতে পাশকৃত ক্যাডেটরা দেশীয় ফিশিং ট্রলার, ফিশ প্রসেসিং টেকনোলজিস্ট ও মান নিয়ন্ত্রণ কর্মকর্তা, মৎস্য ও চিংড়ি প্রক্রিয়াজাতকরণ কারখানা নির্বাহী কর্মকর্তাসহ বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা ও সার্ভেয়ার হিসেবে যোগদান করে দেশের অভ্যন্তরীণ অর্থনৈতিক ভিতকে সমৃদ্ধশালী করছে।

মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম এর ৪১তম ব্যাচের ক্যাডেটদের "মুজিববর্ষের পাসিং আউট-প্যারেড-২০২১" অনুষ্ঠানের আলোকচিত্র:



মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়ের আগমন




মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়ের আসন গ্রহণ



*স্বাগত বক্তব্য প্রদান*



*ক্যাডেটদের জলদি মার্চ*



*বেস্ট ইন প্রফেশনাল ট্রেনিং ইন নটিক্যাল স্টাডিজ পদক বিতরণ*



*বেস্ট ইন প্রফেশনাল ট্রেনিং ইন মেরিন ইঞ্জিনিয়ারিং পদক বিতরণ*



*বেস্ট ইন প্রফেশনাল ট্রেনিং ইন মেরিন ফিশারিজ পদক বিতরণ*



*বেস্ট ফিমেইল ইন প্রফেশনাল ট্রেনিং পদক বিতরণ*

# ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমির কার্যক্রম

দেশ ও জাতির অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের নিমিত্তে ২০০৮ সালের নভেম্বরে ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি (আই.এম.এ) প্রতিষ্ঠা করা হয় এবং ২০১১ সালে তাদের নিজস্ব অর্থায়নে ঢাকার অদূরে গাজীপুরে তাদের নিজস্ব ক্যাম্পাসে পরিপূর্ণভাবে শিক্ষা কার্যক্রম শুরু করে। আই.এম.এ প্রতিটি ছাত্রের জন্যই কর্মসংস্থান করে থাকে। এ পর্যন্ত মোট ৬৯৫ জন ছাত্র পাশ করেছে এবং বিভিন্ন নামকরা কোম্পানিতে চাকরিরত আছে।

## উন্নয়ন কার্যক্রম

২০২১ জুলাই থেকে ২০২২ জুন সময়কালে অত্র একাডেমিতে উল্লেখযোগ্য উন্নয়ন কার্যক্রম নিম্নরূপ:

- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি কর্তৃক অনুমোদন ও বিএসসি কোর্স চালু
- লাইব্রেরিতে বঙ্গবন্ধু কর্নার নির্মাণ
- আই. এম. এ তে শহিদদের সম্মানে মনুমেন্ট নির্মাণ
- আই. এম. এ পুকুর পুনঃ খনন ও সৌন্দর্য বৃদ্ধি
- ভৌত অবকাঠামো উন্নয়ন ও সৌন্দর্য বৃদ্ধি
- রিয়াল ডেঞ্জার সেনসিং কোর্স চালুকরণ
- লাইফ র‍্যাফট অপারেশন কোর্স চালুকরণ
- অগ্নিনির্বাপক টেনিং এর যন্ত্রপাতি ক্রয় ও স্থাপন
- ট্যাংকার ফায়ার ফাইটিং কোর্সের অনুমোদন গ্রহণ ও কোর্স চালুকরণ
- ইলেকট্রনিক্র ল্যাব স্থাপন নির্মাণাধীন
- B.V Class কর্তৃক ওয়ার্কশপ অনুমোদন

## একাডেমিক কার্যক্রম

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের ১ম অধিভুক্ত প্রাইভেট প্রতিষ্ঠান হিসেবে ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি ২০২২-২৩ শিক্ষাবর্ষে বিএসসি (অনার্স) ইন নটিক্যাল স্টাডিজ ও বিএসসি ইন মেরিন ইঞ্জিনিয়ারিং কোর্সের ১ম ব্যাচের শিক্ষা কার্যক্রম শুরু করে। পূর্ববর্তী বছরগুলোতে শিপিং ডিপার্টমেন্ট প্রদত্ত পাঠ্যসূচি অনুযায়ী শিক্ষা কার্যক্রম পরিচালনা করা হয়। তাছাড়া বিভিন্ন প্রকার STCW কোর্সের ব্যবহারিক ক্লাস, রেটিং প্রী- সি কোর্সের কার্যক্রমও পরিচালিত হচ্ছে।

## সংবিধিবদ্ধ সভার কার্যক্রম

একাডেমির নিজস্ব কোয়ালিটি ম্যানেজমেন্ট সিস্টেম অনুযায়ী নিয়মিত সভার আয়োজন করা হয়। এখানে উল্লেখ্যযোগ্য যে, আই.এম.এ DNV-GL কর্তৃক ISO 9001: 2015 সার্টিফাইড। শেষ সভার তারিখ ০২.০৩.২০২২।

## প্রশিক্ষণ/ পরিদর্শন/ পরিভ্রমণ/ সমঝোতা স্মারক (দেশে-বিদেশে)

**পরিভ্রমণ:** সম্প্রতি ০১ জুন ২০২২ তারিখে ক্যাডেটগণ চট্টগ্রামে শিক্ষা সফরে যায়। দুই দিন ব্যাপী এই ভ্রমণে তারা বন্দর, বন্দর পরিচালনা, VTS, NMI, DRY DOCK ইত্যাদি শিক্ষণীয় স্থান ও বিষয় পরিদর্শন করে বিশেষভাবে উপকৃত হয়।

**পরিদর্শন:** মাননীয় ভাইস চ্যান্সেলর, BSMRMU রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অবঃ) ২৯.১১.২০২১ তারিখে IMA পরিদর্শনে আসেন এবং সন্তোষ প্রকাশ করেন।

০৯.০৫.২০২২ তারিখে ইউরোপের একটি স্বনামধন্য শিপিং কোম্পানীর গুরুত্বপূর্ণ কর্মকর্তা IMA পরিদর্শনে আসেন এবং IMA দেখে যথেষ্ট সন্তোষ প্রকাশ করেন।

## অনুমোদন

IMA WORKSHOP BUREAU VERITAS কর্তৃক অনুমোদন ০৩.০১.২০২২ তারিখে প্রাপ্ত হয়।

## সমঝোতা স্মারক

পূর্বের ন্যায় সিস্টার কনর্সান BMTI এর সাথে রিসোর্স শেয়ারিং চুক্তি বলবৎ আছে। রেটিং- এ কুক ও ষ্টুয়ার্ডদের উন্নততর শিক্ষার জন্য Hotel Regency এর সাথে MOU বলবৎ আছে।

## আর্থিক কার্যক্রম

সকল প্রকার আর্থিক কার্যক্রম IMA- এর নিজস্ব তহবিল থেকে পরিচালিত হচ্ছে।

## শিক্ষার্থী সম্পর্কিত তথ্য

| বর্ষ | নটিক্যাল | | | ইঞ্জিনিয়ারিং | | |
|---|---|---|---|---|---|---|
| | ছাত্র | ছাত্রী | মোট | ছাত্র | ছাত্রী | মোট |
| ১ম বর্ষ | ৩৮ | - | ৩৮ | ৪০ | - | ৪০ |

## শিক্ষক সংক্রান্ত তথ্য

| পদবি | নটিক্যাল | | ইঞ্জিনিয়ারিং | |
|---|---|---|---|---|
| | স্থায়ী | অস্থায়ী | স্থায়ী | অস্থায়ী |
| শিক্ষক | ০৮ | ০২ | ০৯ | - |
| মোট | ০৮ | ০২ | ০৯ | - |

## কর্মকর্তা ও কর্মচারী সংক্রান্ত তথ্য

| পদবী | স্থায়ী | অস্থায়ী | মোট |
|---|---|---|---|
| কর্মকর্তা | ১৯ | - | ১৯ |
| কর্মচারী | ৪৬ | - | ৪৬ |

## বিবিধ তথ্যাদি

| ক্রমিক নং | বিষয় | সংখ্যা |
|---|---|---|
| ০১ | সর্বমোট শ্রেণি কক্ষের সংখ্যা | ১৬ |
| ০২ | একটি শ্রেণি কক্ষে শিক্ষার্থী ধারণ ক্ষমতা | ৫০ |
| ০৩ | শ্রেণি কক্ষে পাঠদান/ অধ্যয়নরত শিক্ষক ও শিক্ষার্থীর অনুপাত | ১:৪০ |
| ০৪ | একাডেমির মোট শিক্ষক ও শিক্ষার্থীর অনুপাত | ১:৪ |
| ০৫ | একাডেমির মোট কর্মকর্তা ও শিক্ষার্থীর অনুপাত | ১:৪ |
| ০৬ | একাডেমির মোট কর্মচারী ও শিক্ষার্থীর অনুপাত | ১:২ |

# বিশ্ববিদ্যালয়ের জনবল

বর্তমানে অত্র বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশ নৌবাহিনী, বাংলাদেশ সেনাবাহিনী ও বাংলাদেশ বিমান বাহিনীর কর্মকর্তা প্রেষণে নিযুক্ত রয়েছেন।

বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে ২০২১-২০২২ অর্থ বছরে ১০ জন শিক্ষক (পূর্ণকালীন), ০৪ জন Distingushied Expert /শিক্ষক (চুক্তিভিত্তিক), ০৫ জন কর্মকর্তা (পূর্ণকালীন), ০১ জন কর্মকর্তা (চুক্তিভিত্তিক) ও ২৭ জন কর্মচারীসহ (পূর্ণকালীন) মোট ৪৭ জন জনবল নিয়োগ প্রদান করা হয়।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ আইন, ২০১৩ এর ১২(২) ধারা অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের আদেশক্রমে রিয়ার এডমিরাল এম খালেদ ইকবাল (অবঃ), বিএসপি, এনডিসি, পিএসসি (পি নং ৩৪৪)-কে পূর্বের নিয়োগের ধারাবাহিকতায় অত্র বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর হিসেবে ০১.০২.২০২২ হতে ৩১.০১.২০২৩ খ্রিস্টাব্দ পর্যন্ত ১ বছরের মেয়াদ বৃদ্ধি করা হয়।

সরকারের ভিশন ২০৪১ ও ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের সকল দপ্তর/বিভাগের কার্যক্রমের গতিবৃদ্ধি ও সেবা প্রদানে স্বচ্ছতা আনয়ন ও জবাবদিহিতা নিশ্চিতকরণ প্রয়োজন। ফলে অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক ও কর্মকর্তাগণের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ২০২১-২০২২ অর্থ বছরে ২৪ জন শিক্ষক/কর্মকর্তাকে অভ্যন্তরীণ ফাউন্ডেশন ট্রেনিং এবং ১৪ জন শিক্ষক ও কর্মকর্তাকে বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) ও ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজিসহ (আইইউটি) বিভিন্ন প্রশিক্ষণ সেন্টারে প্রশিক্ষণের জন্য প্রেরণ করা হয়।

বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত শিক্ষকবৃন্দ উচ্চ শিক্ষার জন্য বর্তমানে শিক্ষা ছুটিতে রয়েছেন:

| ক্রমিক | নাম ও পদবী | শিক্ষাছুটির ধরণ ও মেয়াদকাল | ইউনিভার্সিটি ও দেশের নাম |
|---|---|---|---|
| ১ | খন্দকার রাসেল হাসান, সহকারী অধ্যাপক, পোর্ট অ্যান্ড শিপিং ম্যানেজমেন্ট | পিএইচডি<br>০৪ বছর | University of Tasmania –এর অধীনে Australian Maritime College (AMC), Australia |
| ২ | মানছুরা আক্তার, সহকারী অধ্যাপক (মেরিটাইম ল' অ্যান্ড পলিসি) | পিএইচডি<br>০৪ বছর | Institute of Water Education (IHE) Delft, Netherlands |
| ৩ | মোহাম্মদ ছাইয়েদুল ইসলাম, সহকারী অধ্যাপক (মেরিটাইম ল' অ্যান্ড পলিসি) | পিএইচডি<br>০৪ বছর | University of Newcastle (UON)-এর অধীনে Newcastle Law School, Australia |
| ৪ | ড. মোঃ মোরশেদুল আলম, সহকারী অধ্যাপক (জেনেটিক ইঞ্জিনিয়ারিং অ্যান্ড বায়োটেকনোলজি) | পোস্ট ডক্টোরাল ফেলোশিপ<br>০১ বছর ০৮ মাস ২৩ দিন | Tokyo Biochemical Research Foundation (TBRF) fellowship, Tohoku University, Japan |
| ৫ | মো: সাইদী হাসান, সহকারী অধ্যাপক (নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং) | পিএইচডি<br>০৪ বছর | Institute of Water Education (IHE) Delft, University of Amsterdam, Netherlands |
| ৬ | নুসরাত জাহান, সহকারী অধ্যাপক, পদার্থবিদ্যা | পিএইচডি<br>০৪ বছর ১০ মাস | Virginia Polytechnic Institute and State University, Blacksburg, USA |

| | | | |
|---|---|---|---|
| ৭ | মারুফা ইসহাক, প্রভাষক (ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি) | পিএইচডি ০৪ বছর | Old Dominion University (ODU), USA |
| ৮ | মেহরান ইসলাম, প্রভাষক (নেভাল আর্কিটেকচার অ্যান্ড অফশোর ইঞ্জিনিয়ারিং) | পিএইচডি ০৪ বছর ০৪ বছর ১০ মাস | Virginia Polytechnic Institute and State University, Blacksburg, USA |
| ৯ | মোঃ মাসুদ-উল-আলম, প্রভাষক (ওশানোগ্রাফি অ্যান্ড হাইড্রোগ্রাফি) | পিএইচডি ০৪ বছর ০৪ বছর ১০ মাস | University of Georgia, Athens, USA |

বিশ্ববিদ্যালয়ের অর্গানোগ্রামটি ২৮ ডিসেম্বর ২০১৬ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়। বিশ্ববিদ্যালয়ে অনুমোদিত অর্গানোগ্রামের বিপরীতে বর্তমানে নিয়োজিত জনবলের পরিসংখ্যান নিম্নরূপঃ

## কর্মকর্তা/শিক্ষকবৃন্দের পরিসংখ্যান

| ক্রমিক | পদবি | কর্মরত কর্মকর্তার সংখ্যা |
|---|---|---|
| সামরিক | | |
| ১. | রিয়ার এডমিরাল (অবঃ) | ০১ জন |
| ২. | কমডোর | ০৪ জন |
| ৩. | ক্যাপ্টেন | ০৫ জন |
| ৪. | কর্নেল | ০১ জন |
| ৫. | গ্রুপ ক্যাপ্টেন | ০১ জন |
| ৬. | কমান্ডার | ০৬ জন |
| ৭. | লেঃ কর্নেল | ০১ জন |
| ৮. | উইং কমান্ডার | ০১ জন |
| ৯. | লেঃ কমান্ডার/ই: লে: কমান্ডার | ০৫ জন |
| | (ক) মোট | ২৫ জন |
| বেসামরিক | | |
| ১. | শিক্ষক | ৪৪ জন |
| ২. | শিক্ষক (চুক্তিভিত্তিক) | ১৪ জন |
| ৩. | ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তা | ৩১ জন |
| ৪. | কর্মকর্তা (চুক্তিভিত্তিক) | ০৩ জন |
| ৫. | ১০ম গ্রেডের কর্মকর্তা | ১০ জন |
| | (খ) মোট | ১০২ জন |

## নৌবাহিনীর সদস্য এবং বেসামরিক কর্মচারীর পরিসংখ্যান

| ক্রমিক | পদবি | কর্মরত কর্মকর্তার সংখ্যা |
|---|---|---|
| সামরিক | | |
| ১. | জেসিও'স এবং পিও | ১২ জন |
| ২. | লিডিং এবং নিম্নমান | ৪২ জন |
| | (গ) মোট | ৫৪ জন |
| বেসামরিক | | |
| ১. | ১১ থেকে ১৬তম গ্রেড | ৮৭ জন |
| ২. | ১৭ থেকে ২০তম গ্রেড | ৩৭ জন |
| ৩. | স্থায়ী ক্যাম্পাস নির্মাণ প্রকল্প | ১৯ জন |
| ৪. | দৈনিক ভিত্তিক কর্মচারী | ২৫ জন |
| | (ঘ) মোট | ১৬৮ জন |
| | {(ক)+(খ)+(গ)+(ঘ)} সর্বমোট | ৩৪৯ জন |


Design & Production
ENLIGHTEN | VIBES